# বার্ষিক প্রতিবেদন ২০১৩-২০১৪

## কভার পৃষ্ঠা

**খসড়া**

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।
১৫ আষাঢ় ১৪২১
২৯ জুন ২০১৪

# বাণী

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৩তম বার্ষিক (ত্রৈ-বার্ষিক) সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি সম্মানিত কাউন্সিলর, আমন্ত্রিত অতিথি ও সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাই।

এদেশের শিশু-কিশোর ও যুবয়সীদের সুনাগরিক  হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর ভূমিকা দেশে ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও প্রশংসিত। দেশের উন্নয়নে স্কাউট পরিবারের সদস্যবৃন্দ প্রশিক্ষিত দেশ প্রেমিক হিসেবে স্বেচ্ছায় নিজ নিজ দায়িত্ব পালন করছেন। বিশেষতঃ বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ও অন্যান্য প্রাকৃতিক/মানব সৃষ্ট দূর্যোগের সময় দুর্গতদের সেবায় স্কাউটদের অবদান সকলের নিকট প্রশংসিত হচ্ছে। জাতির জনক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাকে আধুনিক বিজ্ঞান, তথ্যপ্রযুক্তি নির্ভর মধ্যম আয়ের বাংলাদেশ গড়তে বাংলাদেশ স্কাউটস এর গর্বিত সদস্যরা আরো বলিষ্ঠ ভূমিকা পালন করতে সক্ষম হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমি বাংলাদেশ স্ক্াউটস এর ৪৩তম বার্ষিক (ত্রৈ-বার্ষিক) সাধারণ সভার সাফল্য কামনা করি।

**(মোঃ আবদুল হামিদ)**

<u>**খসড়া**</u>

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।
১৫ আষাঢ় ১৪২১
২৯ জুন ২০১৪

# বাণী

বাংলাদেশ স্কাউটস এর ৪৩তম বার্ষিক (ত্রৈ-বার্ষিক) সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ সভার সম্মানিত কাউন্সিলর এবং এই আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক অভিনন্দন জানাই।

বাংলাদেশ স্কাউটস দেশের ছেলে-মেয়েদের প্রশিক্ষণের মাধ্যমে সৎ, আত্মনির্ভরশীল ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকার প্রকল্পের মাধ্যমে স্কাউটের সংখ্যা বৃদ্ধি ও গুণগত মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। আমাদের স্কাউট ও স্কাউটারগণ দেশে-বিদেশে বিভিন্ন কর্মসূচিতে নিয়মিতভাবে অংশগ্রহণ করছে। দেশে স্কাউট সংখ্যা বৃদ্ধি করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানে একাধিক কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট ইউনিট গঠন করতে হবে। আমি দৃঢ়ভাবে আশাবাদী ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে স্কাউটরা গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে। দেশে স্কাউট আন্দোলনকে বেগবান করাসহ এর সম্প্রসারণে সরকারের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে।

স্কাউট আন্দোলনকে আরো গতিশীল করতে আমি সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহবান জানাই। আমি বাংলাদেশ স্কাউটস এর ৪৩তম বার্ষিক (ত্রৈ-বার্ষিক) সাধারণ সভার সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

**(শেখ হাসিনা)**

# প্রধান জাতীয় কমিশনার এর প্রতিবেদন

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৩তম বার্ষিক (ত্রৈ-বার্ষিক) সাধারণ সভায় ২০১৩-২০১৪ সালের বাস্তবায়িত কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন সম্মানিত কাউন্সিলরবৃন্দের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

২.০ আপনারা সবাই অবগত আছেন যে, স্কাউটিং এর মূলনীতি ও আদর্শকে সামনে রেখে দেশের শিশু-কিশোর ও যুবদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য সাধারণ শিক্ষার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম স্কাউটিং সর্বজন স্বীকৃত। স্কউটিং এর বাস্তবমুখী ধারাবাহিক প্রশিক্ষণের মাধ্যমে ছেলে-মেয়েরা ছোট বেলা থেকেই সঠিক দিক নির্দেশনার ফলে ব্যক্তি ও সমাজ জীবনে নিজেকে প্রতিষ্ঠিত করার সুযোগ পেয়ে থাকে। নিরক্ষর ও মাদকমুক্ত সমাজ, সুন্দর পরিবেশ তৈরিতে এবং ছিন্ন মানুষের সেবা ও সহযোগিতা করার জন্য স্কাউটরা সমাজে অগ্রণী ভূমিকা পালন করে দেশের সরকার ও সাধারণ মানুষের সমর্থন পেতে সক্ষম হয়েছে।

৩.০ তথ্য প্রযুক্তিনির্ভর ডিজিটাল বাংলাদেশ গড়তে স্কাউটরা নিজেদের তৈরি করার অদশ্য কর্মস্পৃহা নিয়ে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ স্কাউটস এর স্ট্রাটেজিক প্লান অনুযায়ী ৬টি অগ্রাধিকার কার্যক্রম বাস্তবায়নের জন্য ভলান্টিয়ার লিডার ও প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণ কাজ করে যাচ্ছেন। সেজন্য তাদেরকে জানাই আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা।

৪.০ **সংগঠন বিভাগ ঃ** সমগ্র বাংলাদেশের  ৬৪টি প্রশাসনিক জেলা, ৫টি মেট্রোপলিটন এলাকা এবং ৪৮৯টি উপজেলায় (নবগঠিত উপজেলাসহ) স্কাউটিং এর সাংগঠনিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার এই চারটি বিশেষ অঞ্চল শুধুমাত্র জেলা পর্যায় পর্যন্ত বিস্তৃত। অঞ্চল সমূহের আওতাভুক্ত প্রশাসনিক জেলা ৬৪টি, ৫টি মেট্রোপলিটান জেলা, ৬৪টি রোভার জেলা, ১৩টি রেলওয়ে জেলা, ৫টি এয়ার জেলা এবং ৬টি নৌ জেলাসহ সর্বমোট ১৫৭টি জেলা স্কাউটস রয়েছে। বর্তমানে বাংলাদেশ স্কাউটসের আওতাধীন অঞ্চল এর সংখ্যা ১২টি।

৫.০ বাংলাদেশ স্কাউটস এর সংগঠন বিভাগের সহায়তায় অঞ্চল পর্যায়ে আঞ্চলিক স্কাউটস কমিশনার, আঞ্চলিক স্কাউটস সম্পাদক, আঞ্চলিক উপ-কমিশনার(সকল), জেলা স্কাউটস কমিশনার ও সম্পাদক, জেলার সহকারী কমিশনার(সংগঠন) এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণের সমন্বয়ে আঞ্চলিক সাংগঠনিক ওয়ার্কশপ আয়োজন করেছে। অঞ্চল সমূহ হচ্ছে বাংলাদেশ স্কাউটস, ঢাকা, চট্রগ্রাম, দিনাজপুর ও  এয়ার অঞ্চল।

৬.০ বাংলাদেশ স্কাউটস এর সংগঠন বিভাগের আর্থিক সহায়তায় এবং আঞ্চলিক স্কাউটস এর পরিচালনায়  জেলা পর্যায়ে জেলা স্কাউটস এর সভাপতির উপস্থিতিতে জেলা স্কাউটস কমিশনার, জেলা স্কাউটস সম্পাদক, জেলা সহকারি কমিশনার(সকল), উপজেলা স্কাউটস সভাপতি, উপজেলা স্কাউটস কমিশনার ও সম্পাদক,  এবং  জেলার প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ সমন্বয়ে জেলা  সাংগঠনিক ওয়ার্কশপ আয়োজনের জন্য বাংলাদেশ স্কাউটস এর সংগঠন বিভাগ থেকে ০৫ টি প্রশাসনিক অঞ্চলে ও ০৩ টি রোভার অঞ্চলে মোট ০৮টি জেলায় সাংগঠনিক ওয়ার্কশপ আয়োজন করেছে। জেলাগুলি হচ্ছে, নেত্রকোনা, শরীয়তপুর, কক্সবাজার, পটুয়াখালী, কুড়িগ্রাম, সিলেট, খুলনা জেলা রোভার, পটুয়াখালী জেলা রোভার।

৭.০ **প্রোগ্রাম বিভাগ ঃ** ২০১৩-২০১৪ অর্থ বছরের ২০ মে ২০১৪ পর্যন্ত প্রোগ্রাম বিষয়ক জাতীয় কমিটির ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও প্রোগ্রাম বিভাগ কর্তৃক গৃহীত প্রোগ্রামসমূহ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত টাস্কফোর্স/উপ কমিটি/নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরীর প্রোগ্রাম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অ্যাডভেঞ্চার ডাইরেক্টরদের সাথে বিভিন্ন সময়ে সভা এবং অ্যাডভেঞ্চার ভিত্তিক বাজেট চূড়ান্ত করা সহ কমিটিসমূহের ২০ টির অধিক আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহে বার্ষিক প্রোগ্রাম তৈরি ও অনুমোদন, প্রোগ্রামের মানোন্নয়ন, সম্প্রসারণ ও যথাযথভাবে ইভেন্ট বাস্তবানের অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন

করা হয়। বিশেষত নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরীর প্রোগ্রাম, উদ্বোধনী,সমাপনী ও অন্যান্য অনুষ্ঠানসমূহ সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে।

৮.০ প্রোগ্রাম বিভাগের কর্মপরিকল্পনা অনুযায়ী ২৯ জানুয়ারি থেকে ০৪ ফেব্রুয়ারি ২০১৩ পর্যন্ত "দশম জাতীয় রোভার মুট ও পঞ্চম জাতীয় কমডেকা" বাস্তবায়িত হয়েছে। চলতি ২০১৪ সালে নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী এবং ২০১৪ সালের শেষের দিকে অষ্টম জাতীয় কাব ক্যাম্পুরী অনুষ্ঠানের পরিকল্পনা রয়েছে। এখানে একটি বিষয় উল্লেখ্য যে চতুর্বার্ষিকী পরিকল্পনা অনুসারে ইতোমধ্যে ০৭টি অঞ্চলে আঞ্চলিক কাব ক্যাম্পুরী বাস্তবায়ন করা হয়েছ। **উক্ত** কর্মপরিকল্পনা অনুযায়ী স্তরভিত্তিক কার্যক্রম, নিয়মিত প্যাক, ট্রুপ,ক্রু মিটিং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং নিয়মিত ফলোআপ ও মনিটরিং চলছে।

৯.০ আলোচ্য বছরে এ যাবত "প্রোগ্রাম বুলেটিন" এর ০৩টি সংখ্যা প্রকাশিত হয়েছে। আকর্ষনীয়ভাবে প্রোগ্রাম বুলেটিনের সংখ্যাগুলো প্রকাশিত হয়। বুলেটিনের তথ্য সমৃদ্ধ উপস্থাপনা ও সৌন্দর্য সংশ্লিষ্ট সকলের অকুন্ঠ প্রশংসা কুড়িয়েছে। আলোচ্য বছরের অবশিষ্ট সময়ে আরো ০১ টি সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে ।

১০.০ ১৩ সেপ্টেম্বর ২০১৩ তারিখে দেশব্যাপী যুগপৎভাবে ২০১৩ সালের শাপলা কাব ও প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রার্থীদের জাতীয় পর্যায়ে লিখিত মূল্যায়ন এবং ০৭-১০ মে ২০১৪ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে পিএস ও পিআরএস অ্যাওয়ার্ড প্রার্থীদের মূল্যায়ণ (সাক্ষাতকার ও ব্যবহারিক এবং শুধু পিআরএস প্রার্থীদের লিখিত) ক্যাম্প অনুষ্ঠিত হয়। ২০১৩ সালের শাপলা কাব অ্যাওয়ার্ড এর জন্য ১২৭৭ জন কাব স্কাউট এবং প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এর জন্য ৫৫৭ জন স্কাউট এবং প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড এর জন্য ২১ জন রোভার অঞ্চলে আবেদন করে। সাক্ষাতকার ও ব্যবহারিক মূল্যায়ন শেষে ২০১৩ সালে ৩১৩ জন কাব শাপলা কাব অ্যাওয়ার্ড ও ৫৪জন স্কাউট প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এবং তিনজন রোভার স্কাউট প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রাপ্তির যোগ্যতা অর্জন করেছে।

১১.০ প্রশিক্ষণ বিভাগ ঃ "দক্ষ লিডার, উন্নত স্কাউটিং এই থিমকে সামনে রেখে প্রশিক্ষণ বিভাগ দক্ষ লিডার তৈরির জন্য দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের গুনগত মান সমন্বত রাখার জন্য আলোচ্য সময়ে বাস্তবায়িত কোর্স নিয়োমিত পরিদর্শনের ব্যবস্থা করে এছাড়া শাখা ভিত্তিক ইউনিট লিডার স্কীল কোর্স বাস্তবায়নে ট্রেনারদের ব্যবহারের জন্য ট্রেনার্স হ্যান্ড বুক-৩ প্রকাশ করে। এতে ইউনিট লিডারদের বেসিক, অ্যাডভান্সড ও স্কীল কোর্সসমূহের ট্রেনার্স হ্যান্ড বুক-৩টি কোর্সের গুণগত মান বৃদ্ধিতে সহায়ক হবে। ফলে দক্ষ ইউনিট লিডার তৈরি হবে। আলোচ্যসময়ে মৌচাক প্রশিক্ষণ কেন্দ্রে প্রথম বেসিক আইসিটি কোর্স ও প্রথম আর্থিক ব্যবস্থাপনা কোর্স বাস্তবায়ন করা হয়। ট্রেনিং টিমের সদস্য তৈরির জন্য এসময়ে ০২টি সহকারী লিডার ট্রেনার কোর্স আয়োজন করা হয়। কোর্স ০২টিতে ৯৬জন স্কাউটার অংশগ্রহণ করেন।

১২.০ **সমাজ উন্নয়ন বিভাগ ঃ** আলোচ্য বছরে সমাজ উন্নয়ন বিষয়ক জাতীয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিষয়ক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বিভিন্ন বিষয়ের পরিকল্পনা প্রণয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১৩.০ মেসেঞ্জার অব পিস **(MOP)** প্রকল্পের আওতায় যথাক্রমে নোয়াখালী, লক্ষ্মীপুর, চট্টগ্রাম, সন্দ্বীপ, পিরোজপুর, পটুয়াখালী, বরিশাল, কক্সবাজার, মংলা নৌ জেলা খুলনায় মোট ১০টি ডিজাস্টার রেসপন্স বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ৪০০ জন বয়স্ক নেতা ও রোভার অংশগ্রহণ করেন। ১০ টি জেলায় প্রশিক্ষণ প্রাপ্ত রোভার স্কাউট ও এডাল্ট লিডারদের সমন্বয়ে ১০ টি ডিজাস্টার রেসপন্স টীম গঠন এবং টীমের জন্য প্রয়োজনীয় উপকরণ প্রদান করা হয়।

১৪.০ ১৪-২০ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত জামালপুর জেলা সদর উপজেলার রশিদপুর, মাইনপুর ও বেড়া পাথালিয়া গ্রামে চায়না, কোরিয়া, জাপান ও বাংলাদেশ (CJKB) প্রকল্প বাস্তবায়নের জন্য ২২ সদস্য বিশিষ্ট তিনটি

প্রতিনিধি দল এবং বাংলাদেশ স্কাউটস এর ৫০ জন স্কাউট, রোভার ও স্কাউটারসহ সর্বমোট ৭২ জন অংশগ্রহণ করে। বিদেশী স্কাউটার ও স্কাউটারগণ ১৪-২০ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত জামালপুর সদরে অবস্থান করে বাংলাদেশ স্কাউটসের সদস্যদের সাথে স্বাস্থ্য, পুষ্টি পরিবেশ, স্যানিটেশন, নিরাপদ পানি, কিচেন গার্ডেন, বর্জ্য ব্যবস্থাপনা, বৃক্ষরোপন ইত্যাদি বিষয় ১ম ওয়ার্কক্যাম্প বাস্তবায়ন করে। ওয়ার্কক্যাম্প চলাকালিন সময়ে প্রকল্প এলাকায় ১৮-১৯ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত গ্রাম বাসীদের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে ২টি স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করে।

১৫.০ ইউএনডিপি বাংলাদেশ এর সহায়তায় আলোচ্যবর্ষে ১-৬ মে ২০১৪ এবং ২২-২৭ মে ২০১৪ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ০২টি দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক টিওটি কোর্স বাস্তাবায়ন করা হয় এবং ১৮টি উপজেলা থেকে মোট ৭২জন রোভার, স্কাউট ও স্কাউট লিডার এই কোর্সে অংশগ্রহণ করেন। শীত বস্ত্র বিতরণ ইমপ্যাক্ট যাচাই ওরিয়েন্টেশন কোর্স গত ৩০ এপ্রিল থেকে ১ মে ২০১৪ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে বাস্তবায়ন করা হয়।

১৬.০ **আন্তর্জাতিক বিভাগ ঃ** ২২-২৪ নভেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত ওয়াল্ড স্কাউট এডুকেশন কংগ্রেস হং কং-এ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস থেকে ০৫জন প্রোগ্রামে অংশগ্রহণ করেন। ২৮ মে থেকে ০২ জুলাই ২০১৩ তারিখ পর্যন্ত ক্যাম্প স্টাফ প্রোগ্রাম আমেরিকা ক্যানসাসে অনুষ্ঠিত ক্যাম্প স্টাফ প্রোগ্রামে জনাব অলক চক্রবর্ত্তী, সহকারী পরিচালক (আইসিটি), বাংলাদেশ স্কাউটস সহ ০৫জন অংশগ্রহণ করেন। জুলাই ২০১৩ জাপানে SAJ ইনভাইটেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এ প্রোগ্রামে রোভার স্কাউট মামুন খান অংশগ্রহণ করেন। উক্ত প্রোগ্রামের ব্যয় জাপান স্পন্সর করে। ০২-০৫ জুন ২০১৪ তারিখ পর্যন্ত এপিআর ওয়ার্কশপ অন এনভায়রনমেন্টাল এডুকেশন অস্টেলিয়ায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ কমিশনার (বিধি) জনাব মোঃ আব্দুল হক ও যুগ্ম নির্বাহী পরিচালক (প্রোগ্রাম) জনাব আবু মোতালেব খান উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করেন। ১১-১৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ পর্যন্ত সিংঙ্গাপুরে ফাস্ট সিংঙ্গাপুর এয়ারবুরী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর প্রোগ্রাম বিভাগের জাতীয় উপ কমিশনার জনাব জামাল হোসেন ও এয়ার স্কাউটস এর ০৪ জন রোভার স্কাউট এ প্রোগ্রামে অংশগ্রহণ করেন। ০৪-০৭ এপ্রিল ২০১৪ তারিখ পর্যন্ত এমওপি কো-অর্ডিনেটর' গ্যাদারিং ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস থেকে এমওপি কো-অর্ডিনেটর জনাব আনোয়ারুল ইসলাম শিকদার অংশগ্রহণ করেন। ২৬-২৯ এপ্রিল ২০১৪ তারিখ পর্যন্ত এপিআর টপ লিডার সামিট শ্রীলংকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস থেকে সহসভাপতি জনাব হাবিবুল আলম, *বীরপ্রতীক*, জাতীয়কমিশনার (প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান এবং নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মজিবর রহমান মান্নান অংশগ্রহণ করেন।

১৭.০ ৭ **এডাল্ট রিসোর্স বিভাগ ঃ** সেপ্টেম্বর ২০১৩ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে দিনব্যাপী জাতীয় বয়স্ক নেতা সম্পদ নীতি বাস্তবায়ন কৌশল নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এডাল্ট রিসোর্সেস বিভাগের জাতীয় কমিশনার প্রফেসর ডাঃ মোঃ সৈয়দুল ইসলাম মল্লিক ওয়ার্কশপ পরিচালকের দায়িত্ব পালন করেন। ওয়ার্কশপে ৪৭ অংশগ্রহণ করেন এবং ৮ জন ওয়ার্কশপ স্টাফ ওয়ার্কশপ পরিচালনায় সহযোগিতা করেন। অ্যাডাল্ট ইন স্কাউটিং এর আওতায় যথোপযুক্তভাবে বয়স্ক নেতাদের অন্তর্ভুক্তি, তাদের যথাযথ প্রশিক্ষণ ও দায়িত্ব প্রদান, কাজের মূল্যায়ন করে নতুন দায়িত্ব প্রদান স্কাউটিং এর গতিশীলতারই প্রমাণ। বয়স্ক নেতা হচ্ছে স্কাউটিং এর চালিকা শক্তি। স্কাউটিং আন্দোলনকে সঠিকভাবে পরিচালনার জন্য বয়স্ক নেতাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। বাংলাদেশ স্কাউটস ইতোমধ্যে বয়স্ক নেতাগণের কার্যপরিধির উপর একটি পুস্তিকা প্রকাশ করেছে। আমাদের সর্বক্ষেত্রে এ বয়স্ক নীতিমালা অনুসরণ করা জরুরী। জাতীয় পর্যায় থেকে ইউনিট পর্যায় পর্যন্ত দক্ষ নেতৃত্বের পরিবর্তনের জন্য উত্তরাধিকারের পরিকল্পনা (ঝঁপপবংংরড়হ চষধহ) করা প্রয়োজন। সেদিকটি বিবেচনায় রেখে জাতীয় পর্যায়ে সকল জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনারদের নিয়মিত কাজের মূল্যায়ন করা হয়ে থাকে । বাস্তবতার অবস্থা বিবেচনা করে ইতোমধ্যে আমি আমার যোগ্য উত্তরসূরী তৈরীতে সক্ষম হয়েছি। আশা করি আমরা আমাদের সকল স্তরে এ Succession Plan কার্যকর করার প্রচেষ্টা চালিয়ে যাবে।

১৫ মার্চ ২০১৪ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে দিনব্যাপী এডাল্ট লিডারদের ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বাংলাদেশস্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার উদ্বোধনী অনুষ্ঠানে এবং আন্তর্জাতিক কমিশনার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন। ওয়ার্কশপে ৪১জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন এবং ৭জন ওয়ার্কশপ স্টাফ ওয়ার্কশপ পরিচালনায় সহযোগিতা করেন।

১৮.০ **মেম্বারশীপ রেজিষ্ট্রেশন বিভাগ** ঃ বাংলাদেশ স্কাউটস এর সকল স্কাউট/স্কাউটারগণকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আওতায় আনার জন্য মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিভাগ প্রাথমিক সকল কার্যক্রম সম্পন্ন করেছে। চলমান অর্থ বছরে মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিভাগের নিজস্ব সার্ভার রুম স্থাপন করা হয়েছে। রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার তৈরীকৃত সফটওয়্যারটি জাতীয় সদর দফতরের ব্যবহারের জন্য অনলাইনে উন্মুক্ত করা হয়েছে।

১৯.০ মাঠ পর্যায় সম্পূর্ণরূপে রেজিস্ট্রেশন সিস্টেম চালুকরণের পূর্বে রেজিস্ট্রেশন বিভাগ ইতোমধেই একটি পাইলট প্রকল্প হাতে নিয়েছে। মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ সদর ও সিঙ্গাইর উপজেলায় খুব শীঘ্রই উক্ত পাইলট প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে রেজিষ্ট্রেশন সিষ্টেম পরিচালনা করা হবে। দুটি উপজেলায় দুটি পদ্ধতিতে রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করা হবে। পরবর্তীতে পরীক্ষা নিরীক্ষান্তে অপক্ষোকৃত সহজতর উপায়ে মেম্বারশীপ রেজিস্ট্রেশন পদ্ধতি সকলের জন্য উন্মুক্ত করা হবে। চলমান অর্থ বছরের জুন মাস নাগাদ এই পাইলট প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে।

২০.০ **জনসংযোগ ও মার্কেটিং বিভাগ** ঃ বাংলাদেশ স্কাউটসের কার্যক্রমকে দেশের সকল স্তরের জনগণের নিকট গ্রহণযোগ্য করে তোলার জন্য জনসংযোগ ও মার্কেটিং বিভাগ তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালনে সর্বদা সচেষ্ট। দেশ বিদেশের স্কাউটিং কার্যক্রমের সংবাদ সংগ্রহ, সংরক্ষণ ও তা সঠিক প্রক্রিয়ার মাধ্যমে প্রচার করা জরুরী বিধায় এ বিভাগ তার কার্যক্রমকে সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে ১৮ সদস্য বিশিষ্ট জাতীয় জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় নিয়মিতভাবে কাজ করছে। কমিটি নিয়মিতভাবে সভায় মিলিত হয়ে এ বিভাগের কার্যক্রম বাস্তবায়নে কমিটি অবদান রেখে আসছে। বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগে ১ জন জাতীয় কমিশনার, ১ জন জাতীয় উপ কমিশনার ও একজন প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ স্কাউটিং সম্প্রসারণে তাদের নিজ নিজ দায়িত্ব পালন করে যাচ্ছেন। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, এনডিসি সদস্য, ভৌত ও অবকাঠামো বিভাগ পরিকল্পনা কমিশন মহোদয় জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি এবং প্রফেসর মোঃ সায়েদুর রহমান জনসংযোগ ও মার্কেটিং বিভাগের জাতীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন।

২১.০ বাংলাদেশ স্কাউটস আয়োজিত বিভিন্ন জাতীয় ও অন্যান্য অনুষ্ঠানের প্রচার কাজে জনসংযোগ ও মার্কেটিং বিভাগ সর্বাত্মক সহায়তা প্রদান করছে। বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন বিভাগের কার্যক্রমের খবর প্রিন্ট মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়ায় যথারীতি প্রচার করা হয়।

২২.০ জনসংযোগ ও মার্কেটিং বিভাগের উদ্যোগে গত ৩০ এপ্রিল ২০১৪ তারিখে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। উক্ত ওয়ার্কশপে জনসংযোগ ও মার্কেটিং বিভাগের সাথে সংশ্লিষ্ট জাতীয় সদর দফতর, অঞ্চল ও জেলা পর্যায়ের ৬০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

২৩.০ **প্রকাশনা বিভাগ** ঃ বাংলাদেশ স্কাউটস এর ২০১১ সালের জাতীয় কাউন্সিলের ৪০তম বার্ষিক (ত্রৈ-বার্ষিক) কাউন্সল সভার পর প্রধান জাতীয় কমিশনার মহোদয় প্রকাশনা নামে একটি নতুন বিভাগ সৃষ্টি করেন। জনাব মোঃ তৌফিক আলী, জাতীয় উপ-কমিশনার (প্রকাশনা) বিভাগের জাতীয় উপ-কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন।

২৪.০ দীর্ঘ ৫৮ বছর যাবত অগ্রদূত প্রকাশনা অব্যাহত থাকলেও এবারেই প্রথম বারের মত অগ্রদূত পত্রিকা প্রতি মাসের শুরুতে সে মাসের পত্রিকা প্রকাশ করা হয়। বাংলাদেশ স্কাউটস এর একমাত্র মুখপত্র 'অগ্রদূত' পত্রিকা নিয়মিত প্রকাশের লক্ষ্যে জোড়ালো পদক্ষেপ হাতে নেয়া হয়েছে।

২৫.০ **আইসিটি বিভাগ ঃ** প্রযুক্তিনির্ভর প্রোগ্রাম ও প্রশিক্ষণের মাধ্যমে স্কাউট ও স্কাউটারগনকে যুগোপযোগী ও আত্নপ্রত্যয়ী করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগ নিয়মিত কাজ করে যাচ্ছে। জাতীয় ও আঞ্চলিক আইসিটি ওয়ার্কশপ, এডাল্ট লিডার ও স্কাউটদের আইসিটি নির্ভর স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ কোর্স, আইসিটি ক্যাম্প, আউটসোর্সিং ও ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ , ওয়েবসাইট ব্লগ ও অনলাইন স্কাউটিং বিষয়ক প্রশিক্ষণ ইত্যাদি আয়োজনসহ জাতীয় ও আঞ্চলিক প্রোগ্রাম ও প্রশিক্ষণে নিয়মিত ভাবে আইসিটি বিভাগ থেকে সহায়তা দেয়া হয়। বিসিসি প্রদত্ত ১০টি কম্পিউটার সমৃদ্ধ বাংলাদেশ স্কাউটস এর কম্পিউটার ল্যাবটি স্কাউটিং এর বিভিন্ন প্রশিক্ষণ ও প্রোগ্রামে ব্যবহার করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরস্থ এটুআই বিভাগের মাধ্যমে জাতীয় ই-পোর্টাল তৈরিসহ বিভিন্ন কার্যক্রমে আইসিটিতে দক্ষ স্কাউটরা স্বেচ্ছাসেবি হিসেবে সক্রিয় সহযোগিতা করেছে। দেশব্যাপী স্থাপিত ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রগুলোতে স্কাউটদের অন্তর্ভূক্ত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর জন্য সমন্বিত ইআরপি সল্যুশন তৈরির লক্ষ্যে আইসিটি বিভাগ থেকে একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে। জাতীয় সদর দফতর ও জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ডেডিকেটেড ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ নিয়ে ওয়াইফাই জোন করে আধুনিক প্রযুক্তিনির্ভর যোগাযোগ ব্যবস্থা স্থাপন করা হয়েছে। জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায় পর্যন্ত অনুষ্ঠিত এবং অনুষ্ঠেয় সকল কার্যক্রমের তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। ওয়েবসাইটে নতুন নতুন এপ্লিকেশন সংযোজন, ওয়েবসাইটে পাঠ উপযোগী স্কাউটিং এর ই-লাইব্রেরী স্থাপন, ওয়েবমেইল সিস্টেম চালুকরণ, বাংলাদেশ স্কাউটস এর জন্য ব্লগ তৈরি,সোস্যল নেটওয়ার্কিং সাইটগুলোতে বাংলাদেশ স্কাউটস এর নামে পেজ তৈরি, পেজগুলোতে ইভেন্ট অনুযায়ী ছবিসহ তথ্যভান্ডার আপলোড করা আইসিটি বিভাগের মাধ্যমে করা হচ্ছে। বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে শাপলা, পিএস, পি আর এস সহ জাতীয় পর্যায়ের অ্যাওয়ার্ডের ফর্ম ও ফলাফল প্রকাশসহ অগ্রদূত ও অন্যান্য বুলেটিন প্রকাশ করা হচ্ছে।

২৬.০ Digital Scouting থীমকে সামনে রেখে তথ্য ও প্রযুক্তিনির্ভর স্কাউটিংকে আরো বেগবান করতে বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনা ও পরিচালনায় ১৫-১৯মে, ২০১৪ তারিখে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত হয় ২য় জাতীয় স্কাউট আইসিটি ক্যাম্প, ২য় জাতীয় আইসিটি ওয়ার্কশপ এবং এডাল্ট লিডারগনের জন্য ৫ দিনের বেসিক আইসিটি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

২৭.০ **এক্সটেনশন স্কাউটিং বিভাগ ঃ** বাংলাদেশ স্কাউটস এর ট্রেনিং, প্রোগ্রাম, সংগঠন ও অন্যান্য বিভাগের ন্যায় এক্সটেনশন স্কাউডিটিং বিভাগ স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউটদের গুনগত মানোন্নয়নে কাজ করে যাচ্ছে। স্কাউট বয়সী সকল শিশুকে স্কাউট আন্দোলনে সম্পৃক্ত করাই এই বিভাগের মূল কাজ। বিশেষ করে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উপযোগি সকল শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী শিশু পরিবার, ব্র্যাক পরিচালিত স্কুল, এতিমখানা, ইংলিশ মিডিয়াম স্কুল, বেসরকারী বিশ্ববিদ্যালয় ও পাড়া মহল্লায় অধিক সংখ্যক মুক্ত স্কাউট ইউনিট গঠনের মাধ্যমে স্কাউটিং সম্প্রসারণ করা।

২৮.০ বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক, গাজীপুরে ০১-০৭ নভেম্বর ২০১৩ পর্যন্ত ৫ম জাতীয় স্কাউট অ্যাগোনরি অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় স্পীকার য. শিরীন শারমির চৌধুরী এমপি উক্ত অ্যাগোনরিতে প্রধঅন অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

২৯.০ **গ্রোথ বিভাগ ঃ**

বাংলাদেশ স্কাউটস এর বিগত ০১ বছরের গ্রোথের হার ৬.৯৭% এবং ২০১৩ সালের পরিসংখ্যান অনুযায়ী বতর্মান সদস্য সংখ্যা ১২,৮৫,৬০৭ জন। পদ্ধতিগতভাবে সদস্য সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সকল অঞ্চলে আঞ্চলিক

গ্রোথ কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিসমূহ ইতোমধ্যে গ্রোথ পরিকল্পনা প্রণয়ন করেছেন। জাতীয় পর্যায়ে আগামী ০১ বছরের জন্য সকল দলে পূর্ণ সংখ্যা নিশ্চিত করার প্রেক্ষিতে ১৫% গ্রোথ টার্গেট নির্ণয় করা হয়েছে। বিগত বছরের পরিসংখ্যানের উপর ভিত্তি করে সর্বোচ্চ ও সর্বনিম্ন গ্রোথকারী উপজেলা সরেজমিনে পরিদর্শন করে কারণ নির্ণয় করা হয়েছে। চলতি অর্থ বছরে খুলনা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, যশোরে ০৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে এবং ঢাকা অঞ্চলের উদ্যেগে ২৮ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) গ্রোথ বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ০২-০৩ মে ২০১৪ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে গ্রোথ বিষয়ক প্রথম জাতীয় মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে অঞ্চল ও জেলা ভিত্তিক বিগত সাত বছরের গ্রোথ নিয়ে বিশ্লেষন করা হয় এবং গ্রোথের হার আশানুরুপ না হওয়ার কারণ খুঁজে বের করা হয়। উক্ত ওয়ার্কশপে অঞ্চলভিত্তিক আগামী ০৬ মাসের স্বল্প মেয়াদী ও আগামী ০৩ বছরের দীর্ঘ মেয়াদী সম্ভাব্য গ্রোথ টার্গেট নির্ণয় করা হয়।

৩০.০ **আর্থিক ব্যবস্থাপনা বিভাগ ঃ** বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর থেকে উপজেলা পর্যন্ত সকল স্তরের আর্থিক বিষয়ক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা দান এবং সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা ও যথাযথ হিসাব রক্ষণাবেক্ষণের জন্য গাইড লাইন দেয়ার জন্য জাতীয় পর্যায়ে একটি ১০ সদস্য বিশিষ্ট কমিটি রয়েছে।

৩১.০ আর্থিক ব্যবস্থাপনা বিভাগের ২০১৩-১৪ অর্থ বছরে কর্মপরিকল্পনায় দুইটি আর্থিক ব্যবস্থাপনা কোর্স বাস্তবায়নের পরিকল্পনা এবং বাজেট বরাদ্দ করা হয়। প্রথম আর্থিক ব্যবস্থাপনা কোর্স ০৭ থেকে ০৯ জুন ২০১৪ মৌচাক গাজীপুরে অনুষ্ঠিত হয়। কোর্সে ৩৮জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আর্থিক ব্যবস্থাপনা কোর্স বাস্তবায়নের লক্ষ্যে কমিশনারর্স ও সম্পাদক কোর্সের আদলে আর্থিক ব্যবস্থাপনা কোর্সের জন্য তিন দিনের ২১ ঘন্টার কোর্সের বিষয়বস্তু ও সিডিউল প্রণয়ন করে অনুমোদনের লক্ষ্যে এবং প্রশিক্ষণ ম্যানুয়েলে অন্তর্ভুক্তির জন্য প্রশিক্ষণ বিভাগে সুপারিশ প্রেরণ করা হয়। ৩২তম জাতীয় প্রশিক্ষণ কমিটির সভায় কোর্সের বিষয়বস্তু ও সিডিউল চুড়ান্ত করা হয় এবং জাতীয় নির্বাহী কমিটির ২২৬তম সভায় তা অনুমোদিত হয়।

৩২.০ **স্কাউট পাঠাগার ঃ** বাংলাদেশ স্কাউটস এর এনেক্স ভবনের ৩য় তলায় স্কাউট পাঠাগার অবস্থিত। পাঠাগারে গল্প, উপন্যাস, কবিতা, জীবনীগ্রন্থ, স্কাউটিং বিষয়ক পুস্তিকা ও পত্রিকা আছে। পাঠাগারে শিশুদের জন্য বিভিন্ন রকম শিক্ষামূলক বই আছে। এছাড়া বর্তমানে চাহিদা অনুযায়ী কম্পিউটার বিষয়ক বই বিদ্যমান। বর্তমানে পাঠাগারটি বই পড়ার উপযোগী। পাঠাগারটি প্রতি কার্য দিবসে বিকাল ৩ টা থেকে ৬ টা পর্যন্ত সকলের জন্য খোলা থাকে। বাংলাদেশ স্কাউটস এর নির্বাহী পরিচালক এর বরাবরে আবেদন করে পাঠাগারের সদস্য হওয়া যায়। সদস্য হওয়ার পর সর্বোচ্চ দুটি বই দশ দিনের জন্য ইস্যু করে নেয়া যেতে পারে। এক্ষেত্রে কেবলমাত্র অফিস অনুমোদিত বইগুলোই নেয়া যায়। ২০১৩-১৪ অর্থ বছরের বইপড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৩৩.০ ২৮এপ্রিল ২০১৪ মরহুম নুরুলিশলাম শামস্ এর মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয় । এছাড়া জাতীয় সদর দফতরে ঈদ পূনর্মিলনীসহ বিভিন্ন অনুষ্ঠান সজ্জিত করণের কাজটি আর্টর্স এণ্ড ডিজাইন বিভাগ থেকে সম্পন্ন করা হয়েছে। বিটিভিতে সম্প্রচারিত স্কাউটিং বিষয়ক অনুষ্ঠান 'অগ্রদূত'-এ চিত্রাংকন শেখানোর জন্য ক্লাস নেওয়া হয়।

৩৪.০ **স্পেশাল ইভেন্টস বিভাগ ঃ** বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগ প্রতিনিয়ত নতুন নতুন কর্মসূচি বাস্তবায়নে চেষ্টা চালিয়ে যাচ্ছে। তথ্য-প্রযুক্তি, আধুনিকতা তথা নতুন যুগের চাহিদার সাথে সংগতি রেখে স্কাউটিংকে কোমলমতি ছাত্র/ছাত্রী ও অভিভাবকদের নিকট আরও আকর্ষণীয় ও অর্থবহ করে তুলতে প্রচালিত প্রোগ্রাম ও প্রশিক্ষণ ছাড়াও স্পেশাল ইভেন্টস বিভাগ কিছু বিশেষ কার্যক্রম পরিচালনা করে থাকে।

৩৫.০ বিশ্ব স্কাউট সংস্থা প্রতি বৎসর অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহের শনি ও রবিবার সারা বিশ্বে একযোগে জাম্বুরী অন দ্যা এয়ার (জোটা) ও জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (জোটি) আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায়

বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগের ব্যবস্থাপনায় গত ১৯-২০ অক্টোবর ২০১৩ শনিবার ও রবিবার দেশব্যাপী ৫৬তম জোটা ১৭তম জোটি ও ৫ম জটস অনুষ্ঠিত হয়।

৩৬.০ স্কাউট ও রোভার স্কাউটদের বিদ্যুৎ সাশ্রয়ী ও সচেতন করে গড়ে তোলা এবং তাদের মাধ্যমে সমাজের সকল স্তরের মানুষের মধ্যে বিদ্যুৎ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ মন্ত্রণালয়ের সহায়তায় বাংলাদেশ স্কাউটস একযোগে দেশব্যাপী সকল উপজেলা ও জেলা সদরে বিদ্যুৎ ক্যাম্প আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে।

৩৭.০ **গার্ল-ইন-স্কাউটিং বিভাগ ঃ** বাংলাদেশ স্কাউটস এর অন্যান্য বিভাগের ন্যায় গার্ল ইন স্কাউটিং বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগ থেকে ২০১৩-১৪ সালে ৪ সংখ্যা "গার্ল ইন স্কাউটিং" বুলেটিন প্রকাশিত হয়েছে। উক্ত বুলেটিনে গার্ল ইন স্কাউটিংসহ স্কাউটিং সংক্রান্ত বিভিন্ন সচিত্র খবরা-খবর প্রকাশিত হয়েছে। ভারপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা গার্ল ইন স্কাউটিং বুলেটিন এর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। বাংলাদেশ স্কাউটসে গার্ল ইন স্কাউটিংয়ের মোট সদস্য সংখ্যা ১,৫৭,১৪০ জন। আলোচ্য বর্ষে গর্লি ইন স্কাউটিংয়ের ২০ বছর পূর্তি উৎসব উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে বিশেষ বুলেটিন প্রকাশ, স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাকে বিশেষ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী এমপি প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

৩৮.০ **গবেষণা ও মূল্যায়ন বিভাগ ঃ** বাংলাদেশ স্কাউটস এর গবেষণা ও মূল্যায়ন বিভাগে শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় এর মাননীয় সচিব জনাব মিকাইল শিপার গবেষণা ও মূল্যায়ন বিষয়ক জাতীয় কমিটির সভাপতি, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা এর মাননীয় রেক্টর জনাব শফিক আলম মেহেদী গবেষণা ও মূল্যায়ণ বিভাগের জাতীয় কমিশনার এবং জনাব আমির সাদ্ বিন শামছ্ গবেষণা ও মূল্যায়ন বিভাগের জাতীয় উপ কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন। গবেষণা ও মূল্যায়ন বিভাগ ইতোমধ্যে জাতীয় গবেষণা ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স, আঞ্চলিক গবেষণা মূল্যায়ন ওয়ার্কশপ জেলা/উপজেলা স্কাউটস ও ইউনিট কায়ক্রম মূল্যায়ন ও পরিদর্শন, নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরীর মূল্যায়ন কার্যক্রম পরিচালনা, স্ট্যাটিসটিক্যাল সার্ভে, প্রকাশনা ও ডকুমেন্টেশনে জেলা স্কাউটস, জেলা রোভার স্কাউটস, উপজেলা স্কাউটস ও ইউনিট মূল্যায়ন ফরম ছাপানো, গবেষণা মূল্যায়ন বিষয়ক জাতীয় ওয়ার্কশপ, গবেষণা মূল্যায়ন বিষয়ক জাতীয় কমিটির সভা, টাস্কফোর্স গঠন, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং শীর্ষক প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন (জুন ২০১৩ পর্যন্ত) ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

৩৯.০ **স্কাউট ফাউন্ডেশন বিভাগ ঃ** বাংলাদেশ স্কাউটস এর অন্যান্য বিভাগের ন্যায় বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন একটি গুরুত্বপূর্ন বিভাগ। স্কাউট দরদী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর সদস্য করে ফাউন্ডেশন তহবিল সমৃদ্ধ করাই ফাউন্ডেশন বিভাগের মূল লক্ষ্য। বাংলাদেশ স্কাউট ফাউন্ডেশন তহবিলে ইতোমধ্যে এক কোটি টাকা সংগ্রহ করা সম্ভব হয়েছে। বর্তমানে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর মোট সদস্য ১০৮জন।

৪০.০ **জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ঃ** বাংলাদেশ স্কাউটস এর আয়ের অন্যতম উৎস হলো জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর। বাংলাদেশ স্কাউটিস এর বিভিন্ন প্রশিক্ষণ, প্রোগ্রাম, সাংগঠনিক ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন ছাড়াও আলোচ্য সময়ে বিভিন্ন প্রতিষ্ঠান/সংগঠন বনভোজন, সেমিনার/সিম্পোজিয়াম, প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি উদ্দেশ্যে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের সুবিধাদি গ্রহণ করছে। অনিবার্য কারণ বশতঃ লক্ষ্যমাত্র অর্জিত না হলেও ২০১৩-১৪ অর্থ বছরে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ভাড়া বাবদ প্রায় ২০ লক্ষ টাকা আয় হয়।এছাড়া জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের ইউটিলিটি বিল বাবদ ১ এক লক্ষ ৩৮ হাজার টাকা এবং বিবিধ বাবদ (লাকড়ি বিক্রয়, পুরাতন মালামাল বিক্রয় ইত্যাদি) ২ লক্ষ ৯৬ হাজার টাকা আয় হয়েছে। উল্লেখ্য, আলোচ্য বছরে জাতীয়

স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে জাতীয় অ্যাগোনারী, ঢাকা অঞ্চলের আঞ্চলিক কাব ক্যাম্পুরী ও নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বরীর মত মেগাইভেন্ট অনুষ্ঠিত হয়েছে।

৪১.০ বাংলাদেশ স্কাউটসের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের জমির পরিমাণ অধিগ্রহণকৃত (খারিজসহ) ৬২.০ ৭৫ একর, খাস জমি দীর্ঘ মেয়াদী (৬০ বছরের) লীজ ১৫.৯৮ একর, বন বিভাগের ব্যবহারের অনুমতি প্রাপ্ত ৮.৬১ একর ও অধিগ্রহণকৃত (খাজির হয়নি) ২.২২৫ একরসহ সর্বমোট জমি ৮৮.৮৯ একর।

৪২.০ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র,মৌচাকের উত্তর পশ্চিমে ব্যাংক ভবনের পশ্চিমে এসএ১০৪৯ ,১০৫৮ ও ১০৫৪ (আংশিক) দাগে বাংলাদেশ স্কাউটসের তত্তাবধানে একটি স্কাউট নার্সারী প্রকল্প চালু আছে। যা স্কাউট নার্সারী হিসেবে পরিচিত। বর্তমানে নার্সারীতে বিভিন্ন প্রজাতির কাঠ, ঔষধী উদ্ভিদ, ফল ও ফুলের চারা নিয়মিত উৎপাদন ও বিক্রয় করা হচ্ছে। স্কাউট নার্সারী প্রকল্পে নিয়মিত সকাল সন্ধ্যা কাজ করার জন্য মাস্টাররোলে একজন শ্রমিক নিয়োজিত আছে। মাস্টাররোলে নিয়োজিত শ্রমিককে নার্সারী তহবিল থেকে পারিশ্রমিক প্রদান করা হয়ে থাকে।

৪৩.০ মৌচাকে গত ০১ বছরে ২৮টি বিভিন্ন ধরণের কোর্সে ১২৫৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আলোচ্য বছরে মৌচাকে বিভিন্ন কার্যক্রমে ২৯০৭২জন পরিদর্শন করেন।

৪৪.০ মৌচাক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে আন্তর্জাতিক মানের আবাসনসহ অডিটরিয়াম, প্রশিক্ষণের সেশন হল, মিটিং রুম ও ক্যাফেটেরিয়ার ব্যবস্থা রয়েছে। এছাড়াও চার হাজার লোকের পিকনিক স্পট এবং আট হাজার ছেলে-মেয়েদের ক্যাম্পিং করার সুযোগ রয়েছে।

৪৫.০ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের নিজস্ব জায়গায় একটি সরকারী পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। জাতীয় কাব ক্যাম্পুরী, জাতীয় স্কাউট জাম্বুরী ও জাতীয় রোভার মুটসহ সকল কার্যক্রমে কেন্দ্রটি সেবাদান করে যাচ্ছে। স্বাস্থ্য কেন্দ্রটি নিয়মিতভাবে সকাল ৮-০০টা থেকে ২-৩০মিনিট পর্যন্ত খোলা থাকে। স্বাস্থ্য কেন্দ্রটিতে ২জন ডাক্তার ও ৫জন কর্মচারীসহ মোট ০৭ জন কর্মরত আছেন। উক্ত কেন্দ্রের মাধ্যমে এলাকাবাসী স্বাস্থ্য সেবা পেয়ে আসছেন।

৪৬.০ **ভূ-সম্পত্তি** ঃ উত্তর বঙ্গে বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য দিনজাপুরে অঞ্চলের আওতাধীন দেবীগঞ্জ উপজেলা ধীন করতোয়া নদীর তীরে ১৫.৩৭ একর জমির দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত গ্রহণ করা হয়েছে এবং চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন দৌলতপুর মৌজার ১ নং খাস খতিয়ানভূক্ত ৩.০০ একর জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত গ্রহণ করা হয়েছে।

৪৭.০ বাংলাদেশ স্কাউটসের স্থাবর ও অস্থাবর সম্পত্তি সংক্রান্ত মামলা মোকদ্দমাসমূহ পরিচালনা ,পরামর্শ, মতামত প্রদান এবং এতদসংক্রান্ত কার্যক্রম বিধি বিভাগ কর্তৃক সম্পন্ন হয়। ২০১৩-২০১৪ বছরে বিধি বিভাগ নিয়মিত কার্যক্রম সম্পন্ন করেছে।

৪৮.০ **হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্প ঃ** শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্কাউটস কর্তৃক বাস্তবায়িত "হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং" প্রকল্পটি দেশব্যাপী স্কাউটিং এর উন্নয়ন ও সম্প্রসারণের স্বার্থে জুলাই, ২০১০ এ গৃহীত হয়। উক্ত প্রকল্পটি ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়ের জন্য অনুমোদিত ছিল। আলোচ্য বছরে উক্ত প্রকল্প ০২ বার সংশোধন করে প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে ৩০ জুন, ২০১৪ এ সমাপ্তির জন্য সরকার কর্তৃক অনুমোদিত হয়। এতে প্রকল্প ব্যয় ১৪০০.০০ লক্ষ টাকা থেকে ১৭০৮.০০ লক্ষ টাকাতে উন্নিত করা হয়।

৪৯.০ এক্সপানশন অব স্কাউটিং ইন বাংলাদেশ শিরোনামে শিক্ষা মন্ত্রণালয়ে ০৩ বছর মেয়াদী জুলাই ২০১৪ - জুন ২০১৭ পর্যন্ত ২৫০০.০০ লক্ষ টাকার একটি নতুন প্রকল্প দাখিল করা হয়। উক্ত প্রকল্পটি বর্তমান অর্থ বছর থেকে বাস্তবায়িত হবে বলে আশা করা হচ্ছে।

৫০.০ **কাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প ঃ** বাংলাদেশ স্কাউটসএর তত্ত্বাবধায়নে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (তৃতীয় পর্যায়) শীর্ষক একটি প্রকল্প পরিচালিত হচ্ছে। প্রকল্পের মেয়াদ জুলাই ২০১০ থেকে জুন,২০১৫ পর্যন্ত এবং মোট বরাদ্দ **১১৪০.০০** (এগারো কোটি চল্লিশ লক্ষ) টাকা। প্রকল্পের কার্যক্রমের ৭৫% অর্জিত হয়েছে।

৫১.০ **এপিআর স্কাউট কনফারেন্স ঃ** ২৪তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট কনফারেন্স উপলক্ষ্যে উন্নয়নমূলক কাজের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেঃ **১। জাতীয় সদর দফতর** ক) মূল ভবনের বাহির দেয়ালে ওয়েদার কোট করা। খ) এ্যানেক্স ভবনের ৫ম তলার ডরমেটরী সংস্কার করা, এসি স্থাপন ও প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়। গ) কনফারেন্স রুমের জন্য টেবিল ও চেয়ার ক্রয়। ঘ) এ্যানেক্স ভবনের ২য় তলায় এসি স্থাপন। ঙ) বৈদ্যুতিক উপ-কেন্দ্রের ৮০০ কেভি এ ট্রান্সফরমার স্থাপন।

**২। জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক ঃ** ক) ট্রেনিং কমপ্লেক্স সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৩য় তলা) খ) মহিলা ডরমেটরী সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ গ) দোয়েল, কোয়েল, কাব ভবন, সেশন হল, টুইং সেশন হল সংস্কার ঘ) জেনারেটর ঘর নির্মাণ ও ২০০ কেভি জেনারেটর স্থাপন ঙ) রান্নাঘর সংস্কার চ) প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় ছ) ভবনের বিভিন্ন কক্ষের এয়ারকুলার স্থাপন।

৫২.০ বিগত ২০১১ সাল থেকে আমাদের অর্জন অনেক। ২০১২ সালে ঢাকায় এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট কনফারেন্সে সফল আয়োজন দেশ বিদেশে বাংলাদেশ স্কাউটস এর ভাবমূর্তি উজ্জল করেছে। কনফারেন্স আয়োজনের আলোকে ও বাংলাদেশ স্কাউটস এর কার্যক্রমের সুখ্যাতির কারণে কনফারেন্স আমাকে ২০১২-২০১৮ সালের জন্য এপিআর নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত করেছে। চতুবার্ষিক পরিকল্পনা অনুযায়ী দেশব্যাপী প্রোগ্রাম কার্যক্রম বাস্তবায়ন সবার দৃষ্টি আর্কষন করেছে। ৩টি বড় জাতীয় ইভেন্ট মুট ও কমডেকা, জাতীয় স্কাউট জাম্বুরী ও অ্যাগোনরীর সফল আয়োজন করা হয়। রেজিস্ট্রেশন সিস্টেম চালুর বিষয়ে অনেক কাজ এগিয়েছে। ২টি সরকারী প্রকল্পের কাজ সফল বাস্তবায়নের পথে। সরকার কর্তৃক একটি নতুন প্রকল্প গ্রহণ ও তা অনুমোদন লাভ আমাদের কাজের স্বীকৃতি। আন্তর্জাতিক সকল ইভেন্টে বাংলাদেশ স্কাউটস এর অংশগ্রহণ দেশ ও দেশের বাহিরে আমাদের ইমেজকে বৃদ্ধি করেছে। সরকার কর্তৃক দেবীগঞ্জে, চট্রগ্রামে ও অন্যান্য জায়গায় জমি বরাদ্দ স্কাউটসের প্রতি সদাসয় সরকারের সহযোগিতার প্রমাণ। ইতোমধ্যে স্কাউট মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা, কৃতি স্কাউটদের আর্থিক সহায়তা, সারাদেশে একযোগে বিদ্যুৎ ক্যাম্প, স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করে সকলের প্রশংসা অর্জন করেছে। মৌচাক স্কাউট ট্রেনিং সেন্টারের সার্বিক উন্নয়ন, মৌচাক স্কাউট স্কুলকে বাংলাদেশ স্কাউটস থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। শতাব্দী ভবন তৈরীর কাজ এগিয়ে চলেছে। ফাউন্ডেশন বিভাগের বাস্তব কার্যক্রমে এক কোটি টাকা সংগৃহীত হয়েছে। নতুন প্রোগ্রামের আলোকে প্রোগ্রাম বই প্রকাশ করা হয়েছে। প্রশিক্ষণ বিভাগ থেকে এ সময়ে ট্রেনিং টিম এর সদস্যদের জন্য ট্রেনার্স হ্যান্ডবুক ২ ও ৩ প্রকাশ হয়েছে। এছাড়াও অন্যান্য বিভাগের কয়েকটি বই প্রকাশ করা হয়েছে। অগ্রদূত পত্রিকা হাল নাগাদ করা ও নতুন কলেবরে প্রকাশের ব্যবস্থা নেয়া হয়েছে। মাঠ পর্যায়ে স্কাউটিং কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ২২ জন সহকারী পরিচালক নিয়োগ দেয়া হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রকল্প সহায়তার অতিরিক্ত প্রতি বছর ১ কোটি টাকা দিয়ে স্কাউটিং উন্নয়নে সহায়তা দিয়ে যাচ্ছে। সমাজ উন্নয়ন বিভাগ কয়েকটি দেশের সাথে যৌথ প্রকল্পের মাধ্যমে গ্রাম পর্যায়ে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার কাজ করে স্থানীয় জনগণের প্রশংসা অর্জন করেছে।

৫৩.০ দেশের স্কাউট বয়সী ছেলে-মেয়েদের কাছে স্কাউটিং এর কার্যক্রম আরো জোরদারভাবে উপস্থাপন করার জন্য আমাদের সকলকে দায়িত্ব নিয়ে এগিয়ে আসতে হবে। ইউনিট এবং ইউনিট লিডার হচ্ছে আমাদের মূল

শক্তি। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি ইউনিট লিডারগণের নিরলস প্রচেষ্টায় স্কাউট আন্দোলন তার অভিষ্ট লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবে।

৫৪.০ মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট আমাদের মূল চালিকা শক্তি ও প্রেরণার উৎস। মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউটের সদয় নির্দেশনা ও অব্যাহত সমর্থন দেশব্যাপী স্কাউটিং কার্যক্রমকে কর্মচঞ্চল রাখতে উৎসাহ যুগিয়েছে। মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট এবং সদাশয় সরকারের নিকট আমাদের কৃতজ্ঞতা জানাই।

৫৫.০ **কর্মমূল্যায়ন ও Succession Planning ঃ** গত ২০১১ সালে জাতীয় নির্বাহী কমিটি গঠন হওয়ার পর পরই জাতীয় পর্যায়ের নেতৃবৃন্দের সাথে প্রধান জাতীয় কমিশনার এর আলাদা আলাদা কর্ম লক্ষমাত্রা চুক্তি স্বাক্ষরিত হয়। প্রধান জাতীয় কমিশনার হিসেবে আমি সময় সময় ১৫জন জাতীয় কমিশনার এবং ৩০জন জাতীয় উপ-কমিশনার এর কার্যক্রম মূল্যায়ন করেছি। আমার এই কর্মমূল্যায়ন পরবর্তী নেতৃত্ব নির্বাচনে খুবই সহায়ক হবে।

৫৬.০ জাতীয় সদর দফতরের বিভিন্ন কর্মসূচির পাশাপাশি স্কাউটিং কার্যক্রমকে গতিশীল ও সম্প্রসারণ করার জন্য অঞ্চল, জেলা, উপজেলা ও ইউনিটসমূহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়িত হচ্ছে। আলোচ্য বছরসমূহের জাতীয় পর্যায়সহ অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে স্কাউটিং এর সার্বিক কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট জাতীয় কমিশনার ও জাতীয় উপকমিশনারসহ অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ের স্কাউটারদেরকে আন্তরিক ধন্যবাদ জানাই। এছাড়াও সরকারের পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠান আমাদের কার্যক্রম বাস্তবায়নে যে সহযোগিতা প্রদান করেছে, তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই। সকলের সম্মিলিত প্রচেষ্টায় স্কাউটিং আরো গতিশীল ও সম্প্রসারিত করা হচ্ছে। অঞ্চল, জেলা ও ইউনিটকে তাঁদের কর্ম প্রচেষ্টার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। বাংলাদেশে স্কাউটিং আন্দোলনকে বেগবান ও দেশের মানুষের কাছে আরো গ্রহণযোগ্যভাবে উপস্থাপনের জন্য সম্মানিত কাউন্সিলরবৃন্দসহ সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সাহায্য ও সহযোগিতা করার আহবান জানাচ্ছি। আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্ঠায় স্কাউটিং কার্যক্রম আরো সম্প্রসারিত হবে এ আমাদের দৃঢ় বিশ্বাস।

**(মোঃ আবুল কালাম আজাদ)**

# সাদর সম্ভাষণ

স্কাউটিংয়ের মূলনীতি ও পদ্ধতিতে দেশের যুবদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষার সাথে সহশিক্ষা কার্যক্রম হিসেবে বাংলাদেশ স্কাউটস কাজ করে যাচ্ছে। স্কাউটিং সম্প্রসারণ ও উন্নয়নে নিবেদিত স্কাউটার এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণের সম্মিলিত প্রচেষ্টায় অবারিত শ্রমে বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়নে আশানুরূপ সফলতা অর্জিত হয়েছে। এ জন্য স্কাউটিংয়ের সাথে সম্পৃক্ত নিবেদিত প্রাণ স্কাউটারগণকে জানাই আন্তরিক ধন্যবাদ। উপজেলা, জেলা, অঞ্চলের বার্ষিক কর্মপরিকল্পনার ভিত্তিতে সার্বিক কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। স্কাউটিংয়ের সার্বিক মূল্যায়নে প্রতীয়মান হয় যে, স্কাউটিং কার্যক্রম যুব সম্প্রদায়ের সার্বিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রাখছে। বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন বিভাগ যথাযথভাবে কার্যক্রম বাস্তবায়ন করছে এবং কার্যক্রম বাস্তবায়নে নিয়মিত মনিটরিং ও মূল্যায়ন করছে।

সম্মানিত কাউন্সিলরবৃন্দ, অঞ্চলসমূহ থেকে প্রাপ্ত তথ্য এবং জাতীয় পর্যায়ে সংগৃহিত তথ্যের ভিত্তিতে ২০১৩-১৪ সালের বাস্তবায়িত কার্যক্রমের বাষিক প্রতিবেদন তৈরি করা হয়েছে। প্রতিবেদনে উল্লিখিত তথ্যসমূহের বাইরে আরও হয়তো অনেক কার্যক্রম বাস্তবায়িত হয়েছে যা প্রতিবেদনে সন্নিবেশিত করা সম্ভব হয়নি। সংশ্লিষ্ট দফতর ও অঞ্চলসমূহ থেকে সঠিকভাবে যথাসময়ে তথ্য ও প্রতিবেদন পাঠানো প্রক্রিয়া আরও যথাযথ ও তথ্যসমৃদ্ধ হওয়া প্রয়োজন। তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহারে আমরা আরও যত্নশীল ও আন্তরিক হলে যোগাযোগ নৈপুন্যতা বৃদ্ধি পাবে এবং তথ্য সমৃদ্ধ প্রতিবেদন প্রকাশে আরও সফলতা অর্জন সম্ভব হবে।

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার ও জাতীয় উপ-কমিশনারবৃন্দ দায়িত্বপ্রাপ্ত জেলা ও উপজেলাসমূহের সাথে নিবিড় যোগাযোগ রেখে স্কাউটিং কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করছেন। অঞ্চল, জেলা এবং উপজেলা পরিদর্শণ আরও কার্যকর হওয়া প্রয়োজন। পরিদর্শণ ও মনিটরিং আরও জোরদার হলে ইউনিট পর্যায় পর্যন্ত ত্রুটিসমূহ সমাধানে সফলতা বয়ে আনবে।

সদাশয় সরকারের শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে হিউমান রির্সোস ডেভলপমেন্ট থ্রু স্কাউটিং ও প্রকল্প, প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (তৃতীয় পর্যায়) প্রকল্পের ২০১৩-২০১৪ সালের জন্য নির্ধারিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে স্কাউটিং সম্প্রসারণ ও উন্নয়নে সহযোগিতা প্রদানের জন্য সদাশয় সরকারের নিকট আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি।

স্কাউট পরিসংখ্যান অনুযায়ী ক্রমোন্নতিশীল প্রোগ্রামের অগ্রগতি আশানুরূপ পর্যায়ে উন্নতিকরণে প্রোগ্রাম বিভাগ নিয়মিত প্যাক, ট্রুপ ও ক্রু মিটিং বাস্তবায়নে অধিকতর জোর দিয়েছে। পক্ষান্তরে উপজেলা, জেলার কাব, স্কাউট ও রোভার স্কাউট লিডারদের দায়িত্ব ও কর্তব্য যথাযথ বাস্তবায়নে মনিটরিং প্রক্রিয়া জোরদার করা হয়েছে। স্কউটদের দক্ষতা উন্নয়নে মাঠ পর্যায়ে নিয়মিত ক্যাম্পরী,সমাবেশ,জাম্বুরী ও মুট বাস্তবায়নে চতুবার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। স্কাউটদের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে ইউনিট লিডার গণের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ বিভাগের নেতৃত্বে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে।

এ ছাড়াও সমাজসেবা , বৃক্ষরোপন, জী বৈচিত্র সংরক্ষণে সহায়তা, যৌথ প্রকল্পসহ সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য সেবা উন্নয়নে স্কাউটরা নিয়মিত অংশগ্রহণ করছে।

ইনফরমেশন টেকনোলজি কার্যকর তথা গতিশীল করার মাধ্যমে জাতীয় সদর দফতর থেকে ই-মেইলে সকল তথ্য আদান-প্রদান বৃদ্ধি পেয়েছে। মেম্বরশীপ রেজিস্ট্রেশন কার্যকর করার জন্য সফটওয়্যার তৈরির কাজ চলছে। ২০২০ সাল পর্যন্ত সদস্য ফি নির্ধারিত থাকায় প্রতিটি ইউনিটে সর্বোচ্চ সংখ্যক সদস্য নিয়ে পরিপূর্ণ দল গঠণ করলে স্কাউট সদস্য সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে,এ ব্যাপারে সকলের সহায়তা কামনা করি।

চট্টগ্রাম জেলার উপজেলা পর্যায়ে বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ জন্য সদাশয় সরকারকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরীর সুষ্ঠু বাস্তবায়ন সকলের আন্তরিকতাপূর্ণ সহযোগিতার অন্যতম দৃষ্টান্ত।

এক্সটেনশন স্কাউটিং বিভাগের উদ্যোগে কমিউনিটি বেইজ স্কাউটিং সম্প্রসারণ প্রচেষ্টা অব্যাহত আছে। স্কাউট ফাউন্ডেশন সদস্য সংগ্রহ প্রক্রিয়া আশাব্যঞ্জক। উন্নয়ন, গার্ল-ইন-স্কাউটিং, এডাল্ট রিসোর্স, অডিট ও আর্থিক ব্যবস্থাপনা, স্পেশাল ইভেন্টস, বিধি ও গ্রোথ, সংগঠন, জনসংযোগ ও মার্কেটিং, গবেষণা ও মূল্যায়ন বিভাগসহ সকল পর্যায়ের উল্লেখযোগ্য কার্যক্রম প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। জাতীয় স্কাউট ভবন সংলগ্ন জমিতে স্কাউট শতাব্দি ভবনের নির্মাণ কাজের প্রস্তুতি চলছে।

বর্তমান প্রেক্ষাপটে প্রধান জাতীয় কমিশনার মহোদয় বয়স্ক নেতা নীতিমালার আলোকে সর্বস্তরে সাকশেসন প্লানিং বাস্তবায়নের যে উদ্যোগ গ্রহণ করেছেন তা সর্বস্তরে প্রতিফলিত হলে স্কাউটিংয়ের ভ্রাতৃত্ব ও সৌহার্দ্য আরও বৃদ্ধি পাবে বলে আমি মনে করি।

যে সকল নিবেদিত প্রাণ স্কাউটার, ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠান স্কাউটিং কার্যক্রমে প্রত্যক্ষ ও পরোক্ষ শ্রম এবং আর্থিক সহায়তা করেছেন তাঁদেরকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা ।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নে যারা নিরলসভাবে শ্রম দিয়েছেন এবং ত্রুটি সংশোধনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহয়তা করেছেন আমি তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। প্রতিবেদন যত্ন সহকারে নির্ভুল মুদ্রণের প্রচেষ্টার কমতি ছিলনা তারপরও মুদ্রণজনিত কোন ত্রুটি থাকলে তা উদার দৃষ্টিতে গ্রহণের জন্য অনুরোধ জানাই।

**(মোঃ মজিবর রহমান মান্নান)**

<u>২০১৩-২০১৪ সনে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দের তালিকা</u>

| | | | |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আবদুল করিম<br>সভাপতি | ২০ | জনাব মোঃ মাহমুদুল হক<br>জাতীয় কমিশনার (প্রকল্প) |
| ২ | ড. মোঃ সাদিক<br>সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউটস ও সচিব, শিক্ষা মন্ত্রণালয় | ২১ | জনাব শবনম সুলতানা<br>জাতীয় কমিশনার (ভারপ্রাপ্ত) গার্ল ইন স্কাউটিং |
| ৩ | জনাব কাজী আখতার হোসেন<br>সহ-সভাপতি | ২২ | প্রফেসর ড. হারুন অর রশীদ<br>সভাপতি, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল |
| ৪ | জনাব মোঃ হাবিবুল আলম, বীর প্রতীক<br>সহ-সভাপতি | ২৩ | প্রফেসর  ফাহিমা খাতুন<br>মহাপরিচালক, মাধ্যমিক ও উচচ শিক্ষা অধিদফতর, ঢাকা |
| ৫ | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>প্রধান জাতীয় কমিশনার | ২৪ | জনাব শ্যামল কান্তি ঘোষ<br>মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা |
| ৬ | জনাব মোঃ আবদুস সালাম খান<br>কোষাধ্যক্ষ | ২৫ | প্রফেসর মোঃ শাহজাহান মিঞাঁ<br>ভারপ্রাপ্ত মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর ,ঢাকা |
| ৭ | জনাব মোঃ মোজাম্মেল হক খান<br>জাতীয় কমিশনার (আন্তর্জাতিক) | ২৬ | প্রফেসর তসলিমা বেগম<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা |
| ৮ | জনাব শফিক আলম মেহেদী<br>জাতীয় কমিশনার(গবেষণা ও মূল্যায়ন) | ২৭ | প্রফেসর মোঃ তানবিরুল আলম<br>চেয়ারম্যান,মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |
| ৯ | জনাব উজ্জ্বল বিকাশ দত্ত<br>জাতীয় কমিশনার (উন্নয়ন) | ২৮ | প্রফেসর মোঃ আমিরুল আলম খান<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর |
| ১০ | প্রফেসর ড. নিজামউদ্দিন আহমেদ<br>জাতীয় কমিশনার (ফাউন্ডেশন) | ২৯ | প্রফেসর কুন্ডু গোপী দাস<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা |
| ১১ | জনাব এ কে এম ইসতিয়াক হুসাইন<br>জাতীয় কমিশনার (বিধি), | ৩০ | প্রফেসর ড. মোহাম্মদ আলী চৌধুরী<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্রগ্রাম |
| ১২ | জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান<br>জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) | ৩১ | প্রফেসর মোঃ তোফাজ্জল হোসেন<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট |
| ১৩ | প্রফেসর মোঃ সায়েদুর রহমান<br>জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) | ৩২ | প্রফেসর ড. বিমল কৃষ্ণ মজুমদার<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল |
| ১৪ | প্রফেসর ডা. মোহাম্মদ সৈয়দুল ইসলাম মল্লিক<br>জাতীয় কমিশনার (এডাল্ট রিসোর্সেস) | ৩৩ | প্রফেসর মোঃ আলাউদ্দিন মিয়া<br>চেয়ারম্যান, মাধ্যমিক ও উচচ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর |
| ১৫ | জনাব মুঃ তৌহিদুল ইসলাম<br>জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), | ৩৪ | জনাব মোঃ আবদুন নূর (অতিরিক্ত সচিব)<br>চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সীবাজার, ঢাকা |
| ১৬ | জনাব মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া<br>জাতীয় কমিশনার (প্রোগ্রাম) | ৩৫ | প্রতিনিধি<br>শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| ১৭ | জনাব আখতারুজ জামান খান কবির<br>জাতীয় কমিশনার (আইসিটি) | ৩৬ | জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর<br>সহযোজিত সদস্য, |
| ১৮ | জনাব মোঃ মহসিন<br>জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) | ৩৭ | প্রফেসর নাজমা শামস<br>সহযোজিত সদস্য, |
| ১৯ | জনাব মোঃ শাহ্ কামাল<br>জাতীয় কমিশনার (সংগঠন) | ৩৮ | জনাব নুসরাত জাহান লাকী<br>পিআরএস অ্যাওয়ার্ডপ্রাপ্ত |

| | | | |
|---|---|---|---|
| ৩৯ | জনাব মোঃ শামীমুল হক<br>কাউন্সিলর প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল | ৫৬ | জনাব মোঃ আবু হান্নান<br>প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, খুলনা অঞ্চল |
| ৪০ | জনাব মোঃ আব্দুস ছাত্তার<br>কাউন্সিলর প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল | ৫৭ | জনাব মোঃ আবদুস সোবহান<br>প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল |
| ৪১ | জনাব মোঃ খায়রুজ্জামান চৌধুরী<br>কাউন্সিলর প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম অঞ্চল | ৫৮ | জনাব বিরাজ মধাব চক্রবর্তী মানস<br>প্রতিনিধি ও সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল |
| ৪২ | জনাব মোঃ মনিরুজ্জামান<br>কাউন্সিলর প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল | ৫৯ | প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল |
| ৪৩ | জনাব এ কে এম মোস্তফা কামাল<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল | ৬০ | জনাব আম ম ইফতেখার উল হক<br>প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম অঞ্চল |
| ৪৪ | জনাব ড. শরমিন ফেরদৌস চৌধুরী<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল | ৬১ | জনাব মোঃ সিদ্দিকুর রহমান<br>প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল |
| ৪৫ | জনাব টি এম জাকির হোসেন<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, খুলনা অঞ্চল | ৬২ | প্রফেসর গাজী মোহামম্দ আকবর হোসেন<br>প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল |
| ৪৬ | ড. মোঃ মোস্তাফিজুর রহমান<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল | ৬৩ | জনাব মোঃ শাহ আলম ভূইয়া<br>আঞ্চলিক প্রতিনিধি ও সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, |
| ৪৭ | জনাব মুবিন আহমেদ জায়গীরদার<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল | ৬৪ | ইঃ লেঃ কমান্ডার এ এইচ এম মুসিউর রহমান<br>বিএন প্রতিনিধি ও সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল |
| ৪৮ | স্কাউটার মোঃ মফিজুল ইসলাম<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল | ৬৫ | স্কোয়াড্রন লিডার মোঃ আসাদুজ্জামান<br>আঞ্চলিক সম্পাদক ও প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল। |
| ৪৯ | জনাব মোহাম্মদ আজিজ উদ্দিন<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম অঞ্চল | ৬৬ | জনাব মোঃ মজিবর রহমান মান্নান<br>ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস |
| ৫০ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল | | |
| ৫১ | জনাব মোঃ আমিনুর রশীদ<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল | | |
| ৫২ | রিয়ার অ্যাডমিরাল এ এম এম আওরঙ্গজেব চৌধুরী<br>(জি) পিএসসি, বিএন,আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল | | |
| ৫৩ | গ্রুপ ক্যাপ্টেন কাজী আব্দুল মঈন, পিএসসি<br>আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চল | | |
| ৫৪ | জনাব মোঃ শফিকুর রহমান<br>প্রতিনিধি ও সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল | | |
| ৫৫ | জনাব মোঃ নুরুল ইসলাম<br>প্রতিনিধি, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল | | |

## বাংলাদেশ স্কাউটস এর বার্ষিক প্রতিবেদন

### ১.০ ভূমিকা ঃ

বাংলাদেশ স্কাউটস এর ২০১৩-২০১৪ সালের বাস্তবায়িত স্কাউটিং কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ এবং ২০১২-২০১৩ সালে আয় ব্যায়ের নিরীক্ষা প্রতিবেদন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হল।

**১.১ প্রেক্ষাপট ঃ** স্কাউটিং একটি শিক্ষামূলক যুব আন্দোলন। স্কাউটিং এর মাধ্যমে ০৬/২৫ বয়সীদের মুক্তাঙ্গণে বৈচিত্রময় কর্মসূচির মাধ্যমে পর্যায়ক্রমে প্রশিক্ষণ এর মাধ্যমে সুপ্ত প্রতিভার বিকাশ ঘটানো হয়ে থাকে যা দৈহিক (Physical) মানসিক/আবেগিক (Emotional), আধ্যাত্মিক (Spiritual), সামাজিক (Social) ও বুদ্ধিমত্তার (Intellectual) উন্নয়ন ঘটিয়ে চরিত্রবান, দক্ষ ও আত্মনির্ভরশীল আদর্শ নাগরিকরূপে গড়ে তোলার বিশেষ কৌশল হিসেবে খ্যাতি লাভ করেছে। মূলতঃ প্রচলিত প্রাতিষ্ঠানিক শিক্ষার একটি সম্পূরক সহপাঠক্রমিক (Co-curricular) কার্যক্রম হচ্ছে স্কাউটিং। স্কাউটিং ছেলে-মেয়ে নির্বিশেষে তরুণদের চরিত্রবান ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বিশ্বব্যাপী সমাজের চরিত্রগঠনের উদ্দেশ্যে ১৯০৭ সালে লর্ড ব্যাডেন পাওয়েল (বিপি) ইংল্যান্ডে যে আন্দোলনে সুচনা করে কালক্রমে তা দেশে দেশে অভুতপূর্ব জনপ্রিয়তা লাভ করে। স্কাউট আন্দোলন বর্তমানে বিশ্বব্যাপী স্বীকৃতি ও অনুসৃত একটি স্বেচ্ছাসেবী, শিক্ষামূলক, অরাজনৈতিক শিশু-কিশোর ও যুব আন্দোলন। প্রচলিত প্রাতিষ্ঠানিক শিক্ষার বাইরে যুব সম্প্রদায়কে সুসংগঠিত করে চরিত্র গঠন ও সুনাগরিক সৃষ্টিতে এই আন্দোলন মূখ্য ভূমিকা পালন করছে। ১৯৯৪ সালে দেশে গার্ল-ইন-স্কাউটিং এর কার্যক্রম শুরুকরা হয়। বর্তমানে বিশ্বে ১৬২টি দেশে স্কাউটং কার্যক্রম চালু আছে যার মধ্যে ৮৪টি দেশে গার্ল-ইন-স্কাউটিং রয়েছে। এসব বিবেচনায় স্কাউটিং আজ বিশ্বের সর্ববৃহৎ শিক্ষামূলক যুব আন্দোলন হিসেবে স্বীকৃত।

**১.২ বাংলাদেশ স্কাউটিং আন্দোলন ঃ** ১৯১১ সালে অবিভক্ত উপমহাদেশে স্কাউট আন্দোলনের সুত্রপাত। আমাদের দেশের স্কাউট আন্দোলনের সুদীর্ঘ ইতিহাস রয়েছে। ১৯৭১ সালে ঐতিহাসিক মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠিত হলে বাংলাদেশ স্কাউটস নব উদ্যম ও প্রেরণা নিয়ে অগ্রযাত্রা শুরুকরে। দেশে শিশু-কিশোর-কিশোরী, তরুন-তরুনীদের বিভিন্ন স্তর বিশিষ্ট ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে আত্মমর্যাদাসম্পন্ন, সৎ, চরিত্রবান, কর্মোদ্যোগী, সেবাপরায়ণ এবং সর্বোপরি সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশের বর্তমান আর্থ সামাজিক অবস্থা ও মূল্যবোধ অবক্ষয়ের প্রেক্ষাপটে দেশ ও জাতি গঠনে স্কাউট আন্দোলনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

**১.৩ সাংগঠনিক অবকাঠামো ঃ** বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির ১১১নং আদেশ বলে ১৯৭২ সালে "বাংলাদেস বয় স্কাউট সমিতি" নামে স্কাউটিং কার্যক্রম শুরু করা হয়। ১৯৭৮ সালে ১৮ জুন জাতীয় কাউন্সিলের পঞ্চম সভায় বাংলাদেশ বয় স্কাউট সমিতির নাম পরিবর্তন করে নামকরণ করা হয় "বাংলাদেশ স্কাউটস"। বর্তমানে দেশে স্কাউটের সংখ্যা ১২,০৫,১৩৬ (বার লক্ষ পাঁচ হাজার একশত ছত্রিশ)। সংখ্যার দিক থেকে বাংলাদেশ স্কাউটস বিশ্বে ৫ম স্থানে। এই বিশালাকার আন্দোলকে দেশী এবং আন্তর্জাতিক পরিমন্ডলে সুষ্ঠুভাবে এগিয়ে নেয়ার জন্য রয়েছে সুবিন্যস্ত সাংগঠনিক অবকাঠামো।

**১.৩.১ জাতীয় কাউন্সিল ঃ** জাতীয় কাউন্সিল বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ নীতি নির্ধারণী পরিষদ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট এই কাউন্সিলের প্রধান। প্রতি বছর জাতীয় কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়। এবারের জাতীয় কাউন্সিল সভা বাংলাদেশ স্কাউটসের ৪৩তম (ত্রৈ-বার্ষিক) সাধারণ সভা।

**১.৩.২ প্রধান জাতীয় কমিশনার ঃ** প্রধান জাতীয় কমিশনার বাংলাদেশ স্কাউটস এর প্রধান নির্বাহী। তাঁকে সহায়তা করার জন্য জাতীয় পর্যায়ে স্বেচ্ছাসেবী, সুযোগ্য ও স্কাউট সেবায় নিবেদিত প্রাণ ১৫ জন জাতীয় কমিশনার এবং ৩০ জন জাতীয় উপ কমিশনার রয়েছেন। দেশব্যাপী স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ পেশাগত ভাবে প্রশিক্ষিত ৭৩ জন প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ রয়েছেন।

| রাজশাহী | ২৯-৩০ মে, ২০১৪ | ৪৩ | আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়া |
| খুলনা | ৩০ মে-০১ জুন, ২০১৪ | ৬৩ | আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, যশোর |
| বরিশাল | ২৯-৩১ মে, ২০১৪ | ৬৫ | আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, রূপাতলী, বরিশাল |
| কুমিল্লা | ২৩-২৫ মে, ২০১৪ | ৩৩ | আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লালমাই, কুমিল্লা |
| সিলেট | ২৯-৩১ মে, ২০১৪ | ৩৩ | আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষনাবন্দ, গোলাপগঞ্জ |
| দিনাজপুর | ২৮-৩০ মে, ২০১৪ | ৫১ | আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর |
| রোভার | ২৪-২৬ মে, ২০১৪ | ৭৪ | বাহাদুরপুর রোভার পল্লী, গাজীপুর |
| রেলওয়ে | ২৯-৩১ মে, ২০১৪ | ৪৪ | ঢাকা |
| নৌ | ২১-২৩ মে, ২০১৪ | ২৮ | মৌচাক, গাজীপুর |
| এয়ার | ২৯-৩০ মে, ২০১৪ | ২৮ | শাহীন হল, ঢাকা |

**১.৮ ট্রেনিং টিমের সদস্যগণের সম্মানীয় দায়িত্বপত্র নবায়নের লক্ষ্যে মতবিনিময় সভা :**

বাংলাদেশ স্কাউটসের অঞ্চলসমূহের পরিচালনায় এলটি/এএলটিদের সম্মানীয় দায়িত্ব পত্র নবায়নের লক্ষ্যে আয়োজিত মতবিনিময় সভায় জাতীয় প্রশিক্ষণ কমিটির সদস্যবৃন্দ, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণ যোগদান করে প্রয়োজনীয় সহায়তা প্রদান করেন।

**১.৯ সপ্তদশ জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কশপ, ২০১৪ :**

প্রশিক্ষণ বিভাগের উদ্যোগে ১৬-১৯ জুন, ২০১৪ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে সপ্তদশ জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণকারীর সংখ্যা ১১২ জন। উক্ত ওয়ার্কশপে বিভিন্ন বিভাগের ২০১৩-১৪ বছরের বার্ষিক ক্যালেন্ডার মূল্যায়ন করে পরবর্তী ২০১৪-১৫ বছরের কর্মসূচি গ্রহণসহ দেশের স্কাউটিং সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সুপারিশ গৃহীত হয়েছে। জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কশপে গৃহিত সুপারিশমালা পরবর্তী জাতীয় নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা হবে।

**সপ্তদশ জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কশপ এর সুপারিশ :**

**সংগঠন:**

১। স্কাউট ফি আদায়ের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বর্তমান পরিপত্র(গার্লস গাইডদের হিস্যা সংক্রান্ত) সংশোধন পূর্বক পুনরায় জারির ব্যবস্থা করা;

২। উপজেলা ও জেলা স্কাউট ফি আদায়ের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসের মাধ্যমে আদায় নিশ্চিতকরণের জন্য পত্র প্রদান;

৩। স্কাউটিং কার্যক্রমে অংশগ্রহণের সুবিধার্থে উপজেলা, জেলা, অঞ্চল ও জাতীয় পর্যায়ের সকল স্কাউটিং কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন করা;

৪। জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন ওয়ার্কশপ, সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণকারীদের যাতায়াত ব্যয় সংশ্লিষ্ট প্রোগ্রাম থেকে প্রদানের ব্যবস্থা করা;

**প্রশিক্ষণ:**

৫। প্রশিক্ষণ কোর্সে বাধ্যতামূলক অগ্রদূত গ্রাহক ফি আদায় পদ্ধতি রহিতকরণ করা;

৬। জাতীয় সদর দফতর ও অঞ্চল থেকে ট্রেনিং টিমের সদস্যগণকে নাম মাত্র মূল্যে অথবা ঋণ প্রদানের মাধ্যমে ল্যাপটপ সরবরাহ করা;

৭। জাতীয় ও অঞ্চল পর্যায়ে ভিশন ২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের চাহিদার ভিত্তিতে বছর ওয়ারী বিভিন্ন কোর্সের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করা;

৮। উপজেলা থেকে জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য নিয়মিত আর্থিক ব্যবস্থাপনা কোর্সের আয়োজন করা;

**প্রোগ্রাম:**

৯। জেলা, উপজেলা সমাবেশ ও ক্যাম্পুরী, মুট-এর জন্য অনুদানের পরিমাণ বৃদ্ধি করা;

১০। দ্বিতীয় চতুর্বার্ষিকী পরিকল্পনা মাঠ পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়ন করা।

১১। দ্বিতীয় চতুর্বার্ষিকী পরিকল্পনা অনুযায়ী প্রথম বছর উপজেলা স্কাউট সমাবেশ বাস্তবায়নের পর পরের বছরই উপজেলা কাব ক্যাম্পুরী বাস্তবায়ন না করে দ্বিতীয় বছর উপজেলা কাব ক্যাম্পুরী বাস্তবায়ন করা।

১২। ইউনিটে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত/সক্রিয় নয় এমন স্কাউটারকে অঞ্চল ও জাতীয় পর্যায়ের ইভেন্টে অংশগ্রহণের সুযোগ না দেয়া;

১৩। অধিক হারে প্যাক, ট্রুপ, ক্রু মিটিং কার্যকর করার ক্ষেত্রে সকল পর্যায়ে মনিটরিং করা;

**সমাজ উন্নয়ন:**

১৪। বাংলাদেশ স্কাউটস এর সমাজ উন্নয়ন বিভাগ ও অঞ্চলের অর্থায়ন ও সহযোগিতায় প্রতিটি জেলায় একটি করে সমাজ উন্নয়ন প্রকল্প গ্রহণ;

**আন্তর্জাতিক:**

১৫। দক্ষ ও অভিজ্ঞ বিবেচনায় রেখে মাঠ পর্যায়ে এলটি/এএলটি এবং প্রতিশ্রুতিশীল উডব্যাজারদেরকে বিদেশে অনুষ্ঠিত ইভেন্টে জাতীয় সদর দফতরের অর্থায়নে অংশগ্রহণের সুযোগ দেয়া।

**এডাল্ট রিসোর্স:**

১৬। মাঠ পর্যায়ে এডাল্ট রিসোর্স পলিসি বাস্তবায়ন করা এবং সকল পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা;

**গার্ল-ইন-স্কাউটিং :**

১৭। গার্ল-ইন-স্কাউটিং কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে অধিক সংখ্যক কর্মসূচী গ্রহণ এবং সম্ভাব্য শিল্প প্রতিষ্ঠানে গার্ল-ইন-স্কাউটিং ইউনিট গঠনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

**এক্সটেনশন স্কাউটিং :**

১৮। অঞ্চল ও জেলা পর্যায়ে কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ গঠনের লক্ষ্যে জাতীয় সদর দফতর ও অঞ্চল থেকে মনিটরিং করা;

১৯। প্রতিবন্ধী ইউনিট সমূহকে সক্রিয় রাখার জন্য নিয়মিত প্রোগ্রাম গ্রহনের উদ্যোগ নেয়;

**মেম্বারশীপ গ্রোথ:**

২০। গ্রোথ প্লান ২০২১ এর পরিকল্পনা সঠিকভাবে সকল পর্যায়েযথাসময়ে অবহিতকরণ;

**মেম্বারশীপ রেজিষ্ট্রেশনঃ**

২১। অবিলম্বে রেজিস্ট্রেশন সিস্টেম চালু করার জন্য জাতীয় পর্যায় থেকে স্কাউটদের আইডি কার্ড প্রদান করার উদ্যোগ দৃশ্যমান করা;

**স্পেশাল ইভেন্টঃ**

২২। জাতীয়, অঞ্চল ও জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন ইভেন্ট মনিটরিং এর ব্যবস্থা করা;

২৩। স্বাস্থ্য ও বিদ্যুৎ ক্যাম্প নিয়মিত আয়োজনের উদ্যোগ গ্রহণ;

**জনসংযোগ ও মার্কেটিং :**

২৪। মাঠ পর্যায়ে জনসংযোগ ও মার্কেটি কার্যক্রম মনিটরিং করা;

২৫। আঞ্চলিক উপ কমিশনার জনসংযোগ ও মার্কেটিং নিয়োগ দেয়ার উদ্যোগ গ্রহণ;

**প্রকাশনাঃ**

২৬। অঞ্চল ও জেলার সহযোগীতায় অগ্রদূত পত্রিকা যথাসময়ে গ্রাহকদের নিকট পৌছানো নিশ্চিত করা;

**আর্থিক ব্যবস্থাপনাঃ**

২৭। বিভিন্ন কার্যক্রমের জন্য জাতীয় সদর দফতর হতে যথাসময়ে অর্থ বরাদ্দ এবং উপযুক্ত সময়ের মধ্যে ছাড়করণের ব্যবস্থা করা;

২৮। অঞ্চল ও জেলা পর্যায়ে নিয়মিত অভ্যন্তরীন নিরীক্ষা কার্যক্রম মনিটরিং করা;

২৯। সকল পর্যায়ে অভিন্ন বাজেট কাঠামো বাস্তবায়ন;

**উন্নয়নঃ**

২৯। সকল আঞ্চলিক সদর দফতর ও প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামোগত উন্নয়ন ও আধুনিকায়নে প্রশিক্ষণ সরঞ্জাম সরবরাহের প্রকল্পভুক্ত করা বা জাতীয় সদর দফতরের অর্থায়নে উন্নয়নের ব্যবস্থা করা;

৩০। যে সকল জেলা / উপজেলায় নিজস্ব ভবন বা জমি আছে সে সকল জেলা / উপজেলায় ভবন নির্মাণ, সংস্কার, উন্নয়ন, ফার্ণিচার সরবরাহের ব্যবস্থা করা;

**ফাউন্ডেশনঃ**

৩১। স্কাউট ফাউন্ডেশন থেকে দক্ষ ও অসচ্ছল স্কাউটদের জন্য বৃত্তি চালুর ব্যবস্থা করা

**প্রকল্পঃ**

৩২। যে সকল উপজেলায় স্কাউট অফিস রয়েছে সে সকল উপজেলায় ইন্টারনেটসহ কম্পিউটার সরবরাহ করা;

**আইসিটিঃ**

৩৩। জাতীয় সদর দফতর ও অঞ্চলের ব্যবস্থাপনায় এডাল্ট রিডারদের জন্য অধিক সংখ্যক আইসিটি ট্রেনিং কোর্সের আয়োজন করা

৩৪। অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে অভিন্ন নেটওয়ার্কিং ব্যবস্থা চালু করণ;

৩৫। বাংলাদেশ স্কাউটস এর ওয়েব সাইট এ অঞ্চল, জেলা ও উপজেলার তথ্য সংরক্ষনের উদ্যোগ গ্রহণ।

**মৌচাক ঘোষণা ঃ**

আমরা ঘোষণা করছি যে, আমাদের ব্যক্তিগত মননে স্কাউট আদর্শ (আইন ও প্রতিজ্ঞা) এর চর্চা ও বহিঃপ্রকাশ ঘটিয়ে আচার, আচরণে, চিন্তা, কথা ও কাজে নির্মল থেকে প্রতিটি ইউনিটে পূর্ণ সংখ্যার দল গঠন ও পরিচালনায় স্ব স্ব ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করা এবং ভিশন ২০২১ এর পরিকল্পনা কার্যকর ও যথাযথভাবে মাঠ পর্যায়ে বাস্তবায়নে সচেষ্ঠ থাকব।

**১.১০ ট্রেনার্স হ্যান্ডবুক- ৩ প্রকাশ :**

শাখাভিত্তিক স্কিল কোর্সের গুনগতমান অক্ষুন্ন রাখার জন্য প্রশিক্ষণ বিভাগ হতে ট্রেনারদের ব্যবহারের জন্য ট্রেনার্স হ্যান্ড বুক-৩ প্রকাশিত হয়েছে। সপ্তদশ জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কসপের উদ্বোধনী অনুষ্ঠানে এই বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

**১.১১** জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরের লাইব্রেরীর জন্য বই ক্রয় করে লাইব্রেরীকে সমৃদ্ধ করা হয়।

**১.১২ বিদেশ প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য :**

বাংলাদেশ স্কাউটসের প্রশিক্ষণ বিভাগ থেকে ২০১৩-২০১৪ অর্থবছরে নিম্নবর্ণিত ০২ জন স্কাউটার স্কাউটিং কার্যক্রমে অংশগ্রহণের জন্য বিদেশ গমন করেছেন :

ক) স্কাউটার প্রফেসর মুহাম্মদ এনামুল হক খান, এলটি, ঢাকা অঞ্চল ০৭-১৪ জুলাই, ২০১৩ পর্যন্ত ফ্রান্সে International Training of Leaders কোর্সে অংশগ্রহণ করেন।

খ) স্কাউটার মোঃ দেলোয়ার হোসেন, এলটি, খুলনা অঞ্চল ২১-২৫ জুলাই, ২০১৩ পর্যন্ত এশিয়া প্যাসিফিক সাব রিজিওনাল ওয়ার্কশপ অন ন্যাশনাল ট্রেনিং স্কীম রিভিউ, ভাজিরাবুধ জাতীয় প্রশিক্ষণ কেন্দ্র, চুবরী, থাইল্যান্ডে সফলতার সহিত অংশগ্রহণ করেন।

গ) স্কাউটার আফজাল হোসেন, সভাপতি, এডাল্ট রিসোর্সেস বিষয়ক জাতীয় কমিটি, স্কাউটার মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) এবং স্কাউটার তাপস কান্তি গোলদার, সহকারি পরিচালক (আন্তর্জাতিক) ২৪-২৭ জুন,২০১৪ পর্যন্ত কম্বোডিয়ায় এপিআর এডাল্ট সাপোর্ট ওয়ার্কসপে অংশগ্রহণ করেন।

**১.১৩ বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতরের প্রশিক্ষণ ক্যালেন্ডার ২০১৩-২০১৪ এর বাস্তবায়ন পরিস্থিতি :**

| ক্রমিক | অনুমোদিত কর্মসূচি | বাস্তবায়ন পরিস্থিতি | তারিখ | সংখ্যা |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়িত সংখ্যা | | |
| ১ | ৩১১ তম কাব স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স | ১টি | ০১-০৬ অক্টোবর, ২০১৩ | ৪০ জন |
| ২ | ৪০ ও ৪১ তম কাব স্কাউট লিডার স্কিল কোর্স | ২টি | ১৫-১৮ ফেব্রুয়ারি, ২০১৪<br>২৫-২৮ ফেব্রুয়ারি, ২০১৪ | ৩৩ জন<br>৪৪ জন |
| ৩ | ৩১৭ তম স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স | ১টি | ২০-২৫ মার্চ, ২০১৪ | ৩২ জন |
| ৪ | ৫৪ তম স্কাউট লিডার স্কিল কোর্স | ১টি | ২০-২৩ সেপ্টেম্বর, | ২৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ২০১৩ | জন |
| ৫ | ৩৫ তম কমিশনার্স কোর্স | ১টি | ২২-২৪ মার্চ, ২০১৪ | ২২ জন |
| ৬ | ওরিয়েন্টেশন কোর্স | ২টি | ১৭ ডিসেম্বর, ২০১৩<br>২০ এপ্রিল, ২০১৪ | ৫২ জন<br>৪৪ জন |
| ৭ | ৩১ ও ৩২ তম সিএএলটি | ২টি | ২৪-৩০ এপ্রিল, ২০১৪ | ৯৬ জন |
| ৮ | ৩২১ তম কাব স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স | ১ টি | ১৫-২০ মে,২০১৪ | ৫৩ জন |
| ৯ | কাব লিডার বেসিক কোর্স | ১টি | ২৭-৩১ মে, ২০১৪ | ২৯ জন |
| ১০ | আর্থিক ব্যবস্থাপনা কোর্স | ১টি | ০৭-০৯ জুন, ২০১৪ | ৩৮ জন |
| ১১ | সম্পাদক কোর্স | ১টি | ০৫-০৭ জুন, ২০১৪ | ৩৬ জন |
| ১২ | ট্রেনার্স অ্যাডভান্সমেন্ট কোর্স | বাস্তবায়িত হয়নি | | |
| ১৩ | জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কশপ | ১টি | ১৬-১৯ জুন, ২০১৪ | ৯৫ জন |

**১.১৪ প্রশিক্ষণ সরঞ্জাম ক্রয় ও সরবরাহ :**

হিউম্যান রির্সোস ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্পের অর্থায়নে-

- **তাঁবু:** প্রশিক্ষণ কোর্সে ব্যবহারের জন্য প্রশিক্ষণ বিভাগ থেকে সিলেট অঞ্চলকে ১০টি তাঁবু প্রদান করা হয়।
- **ল্যাপটপ:** প্রশিক্ষণ কার্যক্রমে ব্যবহারের জন্য কুমিল্লা, সিলেট, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, দিনাজপুর অঞ্চলকে ০১টি করে এবং জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ও প্রশিক্ষণ বিভাগে ০২ টি করে মোট ১০টি ল্যাপটপ প্রশিক্ষণ বিভাগ থেকে ক্রয় করা হয়।
- **ডেক্সটপ:** জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ কোর্সে ব্যবহারের জন্য ২০১৩-২০১৪ অর্থবছরে মোট ০৪ টি ডেক্সটপ ক্রয় করা হয়।
- **ফটোকপিয়ার মেশিন:** বরিশাল, দিনাজপুর, সিলেট, রাজশাহী (বগুড়া) অঞ্চলকে প্রশিক্ষণ কার্যক্রমে ব্যবহারের জন্য ০১ টি করে মোট ০৪ টি ফটোকপিয়ার মেশিন ক্রয় করা হয়।
- জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে ব্যবহারের জন্য প্রয়োজনীয় ক্রোকারিজ সামগ্রী ক্রয় করা হয়।
- জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে নিয়মিত কম্পিউটার কোর্স পরিচালনার জন্য অচিরেই ১২ টি নতুন ডেক্সটপ কম্পিউটার ক্রয় করে পৃথক কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে।

বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার স্কাউটার মোঃ আবুল কালাম আজাদ, এলটি এর পরামর্শ ও নির্দেশনায় জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) স্কাউটার মোহাম্মদ রফিকুল ইসলাম খান, এলটি এর নেতৃত্বে তিনজন জাতীয় উপকমিশনার (প্রশিক্ষণ) এর সহায়তায় জাতীয় প্রশিক্ষণ কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক উপকমিশনার (প্রশিক্ষণ) গণের নিরলস শ্রমে দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে লিডার ট্রেনার, সহকারী লিডার

ট্রেনার এবং জাতীয় সদর দফতরের প্রশিক্ষণ বিভাগ মুখ্য ভূমিকা পালন করে থাকে। স্কাউটিংয়ের প্রশিক্ষণ কার্যক্রমকে আরো বাস্তবমুখী, যুগোপযোগী ও কার্যকর করার জন্য সকল পর্যায়ের অ্যাডাল্ট লিডারদের পরামর্শ ও সহায়তা প্রয়োজন।

## ৫.০ সমাজ উন্নয়ন বিভাগ

৫.১ সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিষয়ক জাতীয় কমিটির সভার আলোচ্য বছরে সমাজ উন্নয়ন বিষয়ক জাতীয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিষয়ক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বিভিন্ন বিষয়ের পরিকল্পনা প্রণয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫.২ আলোচ্য বর্ষে ২০ জেলায় বৃক্ষরোপন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে।

৫.৩ **বৃক্ষরোপনের জন্য চারা বিতরণ ঃ** আলোচ্য বছরে জাতীয় সদর দফতরের উদ্যোগে ও বৃট্রিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ স্কাউটসের সহায়তায় জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ৮০০০টি চারা সহ সারা বাংলাদেশে ৯০৭৫টি গাছের চারা বিতরণ করা হয়।

৫.৪ Lesson Learned Workshop on Blanket Distribution ৩ জুলাই, ২০১৩ রংপুর জেলা স্কাউট ভবনে অনুষ্ঠিত হয়।

৫.৫ Lesson Learned Workshop on shelter kets Distribution ৮ জুলাই, ২০১৩ জাতীয় সদর দফতরে একটি সভা অনুষ্ঠিত হয়।

৫.৬ **সমাজ উন্নয়ন কমিটির সভা ঃ** ৫ জুলাই, ২০১৩ জাতীয় সদর দফতরে একটি সভা অনুষ্ঠিত হয়।

৫.৭ বিশ্ব বাঘ দিবস ১০০ জন স্কাউট সমন্বয়ে বিশ্ব বাঘ দিবস উদযাপন করা হয়।

৫.৮ **বাংলাদেশ ফ্রান্স যৌথ প্রকল্প বাস্তবায়ন** ঃ ৮ জুলাই হতে ১৮ আগস্ট, ২০১৩ সিলেট, যশোর, মৌচাকে এ প্রকল্প গ্রহণ করা হয় । প্রকল্পে ফ্রান্সের ১৬ জন বাংলাদেশ নিয়োজিত রোভার ১৬ জন স্থানীয় স্কাউট রোভার ৯৬ জন সহ ১২৮ জন অংশগ্রহণ করে।

**৫.৯ ইউ এন এফ পি এর সহায়তায় বিশ্ব এইডস দিবস উদযাপন** ঃ ১৮-১৯ মে, ২০১৪ কক্সবাজারে একটি এইডস দিবস উদযাপন করা হয়।

৫.১০ Field Training on Disaster Response Exercise jointly organized by Bangladesh Army & US Army ড্রিল ১২ জন রোভার অংশগ্রহণ করে।

৫.১১ **ডিজাস্টার রেসপন্স বিষয়ক প্রশিক্ষণ কোর্স ঃ** ১০টি জেলায় ১০টি ডিজাস্টার রেসপন্স বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ৪০০ জন বয়স্ক নেতা ও রোভার অংশগ্রহণ করেন।

৫.১২ **পরিবেশ শিক্ষা কার্যক্রম ঃ** আলোচ্য বর্ষে ইতিমধ্যে ৫টি পরিবেশ শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন হয়।

৫.১৩ গত ১০-১৪ জুন, ২০১৪ পর্যন্ত খুলনা নৌ জেলা স্কাউটসের ব্যবস্থাপনায় বাঃনৌঃজাঃ শহীদ তিতুমীরে জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ইয়ং লিডার ও রোভারসহ সর্বমোট ৪০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। কোর্সের উদ্বোধন করেন খুলনা নৌ জেলা স্কাউটস কমিশনার ক্যাপ্টেন মোঃ ছাব্বির।

৫.১৪ ২৩-২৭ জুন, ২০১৪ পর্যন্ত সিলেট আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে সিলেট আঞ্চলিক স্কাউটসের পরিচালনায় জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে ইয়ং লিডার ও রোভারসহ সর্বমোট ৩২ জন অংশগ্রহণ করেন।

৫.১৫ **বিশ্ব জন সংখ্যা দিবস ঃ** আলোচ্য বর্ষে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হয়। উল্লেখিত দিবসে ১৫০ জন স্কাউট রোভার অংশগ্রহণ করেন।

৫.১৬ হেলথ কেয়ার ভিত্তিক পি এল কোর্স ৫টি এ পর্যন্ত বাস্তবায়িত হয়েছে।

৫.১৭ আঞ্চলিক সমাজ উন্নয়ন মূল্যায়ন ওয়ার্কশপ ২টি।

৫.১৮ জাতীয় পর্যায়ে কমডেকা ১টি বাস্তবায়িত হয়েছে।

৫.১৯ **পাবলিক প্রেসে পরিচ্ছন্নতা অভিযান ঃ** পাবলিক প্রেসে পরিচ্ছন্নতা অভিযান ২টি বাস্তবায়ন হয়েছে।

৫.২০ **পরিবেশ শিক্ষা কার্যক্রম ঃ** আলোচ্য বর্ষে পটুয়াখালী ও শরীয়তপুরে পরিবেশ শিক্ষা কার্যক্রম ২টি বাস্তবায়িত হয়েছে।

৫.২১ ডিজাস্টার ভলান্টিয়ারদের জন্য ওয়েভ বেইজ ডাটা কালেকশন এর কাজ চলছে।

৫.২২ আলোচ্য বর্ষে ০৬টি স্বাস্থ্য বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স বাস্তবায়ন হয়েছে।

৫.২৩ স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স ৮টি স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

৫.২৪ **স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা র‌্যালী ঃ** আলোচ্য বর্ষে চট্টগ্রাম মেট্রোঃ বরিশাল,সিলেট মেট্রোঃ, কুমিল্লা জামালপুর ও ময়মনসিংহ জেলায় স্বাস্থ্য পুষ্টি সচেতনতা র‌্যালী অনুষ্ঠিত হয়।

৫.২৫ দিবস উদযাপন ও র‌্যালীতে অংশগ্রহণ ঃ সরকার ঘোষিত জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদযাপনের লক্ষ্যে জাতীয় সদর দফতরের ব্যবস্থাপনায় ঢাকা, রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের সহযোগিতায় মন্ত্রণালয় ও সরকারী দপ্তর কর্তৃক আয়োজিত নিম্নরূপ দিবস উদযাপন অনুষ্ঠান ও র‌্যালীতে স্কাউট ও রোভার স্কাউটরা অংশগ্রহণ করেছে।

| দিবসের নাম | তারিখ | অংশগ্রহণকারী |
|---|---|---|
| বিশ্ব জনসংখ্যা দিবস | ১১ জুলাই, ২০১২ | ১৫০ জন |
| বিশ্ব মাতৃ দুগ্ধ সপ্তাহ | ০১ আগস্ট, ২০১২ | ১০০ জন |
| বিশ্ব স্বাস্থ্য দিবস | ০৭ এপ্রিল | ৩১৫ জন |

৫.২৬ **বাংলাদেশ জাপান যৌথ স্বাস্থ্য পুষ্টি ও পরিবেশ প্রকল্প বাস্তবায়ন ঃ** ১৪-২০ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত জামালপুর জেলা সদর উপজেলার রশিদপুর, সাইনপুর ও বেড়া পাথালিয়া গ্রামে চায়না, কোরিয়া, জাপান ও বাংলাদেশ (সিজেকেবি) প্রকল্প বাস্তবায়নের জন্য ২২ সদস্য বিশিষ্ট তিনটি প্রতিনিধি দল এবং বাংলাদেশ স্কাউটস এর ৫০ জন স্কাউট, রোভার ও স্কাউটারসহ সর্বমোট ৭২ জন অংশগ্রহণ করে। বিদেশী স্কাউটার ও স্কাউটারগণ ১৪-২০ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত জামালপুর সদরে অবস্থান করে বাংলাদেশ স্কাউটসের সদস্যদের সাথে স্বাস্থ্য, পুষ্টি পরিবেশ, স্যানিটেশন, নিরাপদ পানি, কিচেন গার্ডেন, বর্জ্য ব্যবস্থাপনা, বৃক্ষরোপন ইত্যাদি বিষয় ১ম ওয়ার্কক্যাম্প বাস্তবায়ন করে। ওয়ার্কক্যাম্প চলাকালিন সময়ে প্রকল্প এলাকায় ১৮-১৯ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত গ্রাম বাসীদের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে ২টি স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করে।

## ৬.০ স্বাস্থ্য বিভাগ ঃ

৬.১ ব্লার্ড ডোনাদের তালিকা সংগ্রহ ঃ আলোচ্য বর্ষে ১০০০ জনের একটি ব্লাড ডোনার তালিকা সংগ্রহ করা হয়।

৬.২ আলোচ্য বর্ষে বরগুনা, চট্টগ্রাম, পটুয়াখালী, বান্দরবান, মৌলভীবাজার ব্রাহ্মণবাড়ীয়া, লক্ষ্মীপুর, কমিল্লা, হবিগঞ্জ, বাগেরহাট, কিশোরগঞ্জ, রাজবাড়ী জেলায় স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়েছে।

৬.৩ **স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা র‍্যালী ঃ** আলোচ্য বর্ষে চট্টগ্রাম মেট্রোঃ বরিশাল,সিলেট মেট্রোঃ, কুমিল্লা জামালপুর ও ময়মনসিংহ জেলায় স্বাস্থ্য পুষ্টি সচেতনতা র‍্যালী অনুষ্ঠিত হয়।

**৬.৪ ইউ এন এফ পি এর সহায়তায় বিশ্ব এইডস দিবস উদযাপন** ঃ গত ১৮-১৯ মে, ২০১৪ কক্সবাজার থেকে এইডস দিবস উদযাপন করা হয়। এইডস দিবস উপলক্ষে সিমিনার, বির্তক প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা বাস্তবায়ন করা হয়েছে সেখানে ১৫০ জন স্কাউট অংশগ্রহণ করে।

৬.৫ আলোচ্য বর্ষে হেলথ কেয়ার ও ৫টি পি এল কোর্স বাস্তবায়িত হয়েছে।

৬.৬ আলোচ্য বর্ষে হেলথ কেয়ার ও ৫টি পি এল কোর্স বাস্তবায়িত হয়েছে।

৬.৭ দুযোর্গ ব্যবস্থাপনা স্বেচ্ছাসেবকদের করনীয় বিষয়ক সেমিনার ঃ- ১০ ফেব্রুয়ারী, ২০১৪ জাতীয় স্কাউট ভবনের শামস হলে দিনব্যাপী দুযোর্গ ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবকদের করনীয় বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনাওে ১২০ জন রোভার অংশগ্রহণ করে।

৬.৮ **দিবস উদযাপন ও র‍্যালীতে অংশগ্রহণ** ঃ সরকার ঘোষিত জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদযাপনের লক্ষ্যে জাতীয় সদর দফতরের ব্যবস্থাপনায় ঢাকা, রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের সহযোগিতায় মন্ত্রণালয় ও সরকারী দপ্তর কর্তৃক আয়োজিত নিম্নরূপ দিবস উদযাপন অনুষ্ঠান ও র‍্যালীতে স্কাউট ও রোভার স্কাউটরা অংশগ্রহণ করেছে।

| দিবসের নাম | তারিখ | অংশগ্রহণকারী |
|---|---|---|
| বিশ্ব জনসংখ্যা দিবস | ১১ জুলাই, ২০১৩ | ১৫০ জন |
| বিশ্ব মাতৃ দুগ্ধ সপ্তাহ | ০১ আগস্ট, ২০১৩ | ১০০ জন |
| বিশ্ব স্বাস্থ্য দিবস | ০৭ এপ্রিল, ২০১৩ | ৩১৫ জন |

## ৭.০ আন্তর্জাতিক বিভাগঃ

ওয়াল্ড স্কাউট এডুকেশন কংগ্রেস ঃ ২২-২৪ নভেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত ওয়াল্ড স্কাউট এডুকেশন কংগ্রেস হং কং-এ অনুষ্ঠিতহয়। বাংলাদেশ স্কাউটস এর আন্তর্জাতিক বিভাগের জাতীয় উপ কমিশনার জনাব আতিকুজ্জামান রিপন এ প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

ক্যাম্প স্টাফ প্রোগ্রামঃ ২৮ মে থেকে ০২ জুলাই ২০১৩ তারিখ পর্যন্ত ক্যাম্প স্টাফ প্রোগ্রাম আমেরিকা ক্যানসাসে অনুষ্ঠিত ক্যাম্প স্টাফ প্রোগ্রামে জনাব অলক চক্রবর্ত্তী, সহকারী পরিচালক (আইসিটি), বাংলাদেশ স্কাউটস অংশগ্রহন করেন।

APR Adult Support Workshop & Sub Cmmittee Meting : ২৪-২৭ জুন নয়পেন, কম্বোডিয়ায় অনুষ্ঠিত হয়। ০৫জন অংশগ্রহণ করেন।

**ভাইটেশন প্রোগ্রামঃ** জুলাই ২০১৩ জাপানে SAJ ইনভাইটেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এ প্রোগ্রামে রোভার স্কাউট মামুন খান অংশগ্রহণ করেন। উক্ত প্রোগ্রামের ব্যয় জাপান স্পন্সর করে।

**এপিআর ওয়ার্কশপ অন এনভায়রনমেন্টাল এডুকেশন ঃ** ০২-০৫ জুন ২০১৪ তারিখ পর্যন্ত এপিআর ওয়ার্কশপ অন এনভায়রনমেন্টাল এডুকেশন অস্টেলিয়ায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ কমিশনার (বিধি) জনাব মোঃ আব্দুল হক ও যুগ্ম নির্বাহী পরিচালক (প্রোগ্রাম) জনাব আবু মোতালেব খান অংশগ্রহণ করেন।

**ফাস্ট সিংঙ্গাপুর এয়ারবুরী ঃ** ১১-১৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ পর্যন্ত সিংঙ্গাপুরে ফাস্ট সিংঙ্গাপুর এয়ারবুরী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর প্রোগ্রাম বিভাগের জাতীয় উপ কমিশনার জনাব জামাল হোসেন ও এয়ার স্কাউটস এর ০৪ জন রোভার স্কাউট এ প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

**হেড অবকন্টিনজেন্ট ভিজিটঃ** ০৩-০৫ এপ্রিল ২০১৪ তারিখ পর্যন্ত ওয়ার্ল্ড স্কাউট জাম্বুরীর হেড অবকন্টিনজেন্ট ভিজিট জাপানে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস থেকে হেড অবকন্টিনজেন্ট হিসেবে জাতীয় কমিশনার ড. নিজাম উদ্দিন অংশগ্রহণ করেন।

**এমওপি কো-অর্ডিনেটর' সগ্যাদারিংঃ** ০৪-০৭ এপ্রিল ২০১৪ তারিখ পর্যন্ত গ্যাদারিং ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস থেকে এমওপি কো-অর্ডিনেটর জনাব আনোয়ারুল ইসলাম শিকদার অংশগ্রহণ করেন।
এপিআর টপ লিডার সামিটঃ ২৬-২৯ এপ্রিল ২০১৪ তারিখ পর্যন্ত এপিআর টপ লিডার সামিট শ্রীলংকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস থেকে সহসভাপতি জনাব হাবিবুল আলম, *বীরপ্রতীক*, জাতীয়কমিশনার (প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান এবং নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মজিবর রহমান মান্নান অংশগ্রহণ করেন।

সুপারিশমালা অনুমোদিত ঃ HSB উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের সহ-সভাপতি জনাব হাবিবুল আলম, বীর প্রতীক অংশগ্রহণ করেন।

৮ আগস্ট হতে ১৮ আগস্ট কানাডায় Awacamenj mino ক্যাম্পে ১৪তম World Rover Moot ২০১৩ এ জনাব এ. কে. এম ইশতিয়াক হুসাইন জাতীয় কমিশনার (বিধি), জনাব কাজী নাজমুল হক নাজু জাতীয় উপ-কমিশনার (মেম্বারশীপ রেজিষ্ট্রেশন) এবং জনাব মোঃ আবু সালেক, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম আঞ্চলিক স্কাউটস, অংশগ্রহণ করেন।

## ৮.০ মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিভাগঃ

বাংলাদেশ স্কাউটস এর সকল স্কাউট/স্কাউটারগণকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আওতায় আনার জন্য মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিভাগ প্রাথমিক সকল কার্যক্রম সম্পন্ন করেছে। চলমান অর্থ বছরে মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিভাগের

নিজস্ব সার্ভার রুম স্থাপন করা হয়েছে। রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার তৈরীকৃত সফটওয়্যারটি জাতীয় সদর দফতরের ব্যবহারের জন্য অনলাইনে উন্মুক্ত করা হয়েছে।

রেজিস্ট্রেশন বিভাগের কার্যক্রম বাস্তবায়নের জন্য বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার মহোদয় মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিষয়ক জাতীয় কমিটি গঠন করেছেন। কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ নজিবুর রহমান । কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন সরকারের কয়েকজন উচ্চ পদস্থ কর্মকর্তাসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কয়েকজন অভিজ্ঞ কর্মকর্তা ও অভিজ্ঞ স্কাউটারগণ। কমিটির সভাপতি মহোদয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ স্কাউটস এর মধ্যে একটি যোগসূত্র স্থাপনের মাধ্যমে রেজিস্ট্রেশন সিস্টেম বাস্তবায়নের জন্য সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস দিয়েছেন। ইতোমধ্যেই মেম্বারশীপ রেজিস্ট্রেশন জাতীয় কমিটি বেশ কিছু গুরুত্বপূর্ণ কর্মপরিকল্পনা গ্রহণ করেছে যা বাস্তবায়িত হলে স্কাউটিং কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি পাবে।

২০১৩-২০১৪ অর্থ বছরে বাংলাদেশ স্কাউটস, খুলনা, দিনাজপুর, চট্টগ্রাম, সিলেট অঞ্চলে ০১ টি করে এবং বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলে ০৩ টি অর্থাৎ সর্বমোট ০৭ টি মেম্বারশীপ রেজিস্ট্রেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

মাঠ পর্যায় সম্পূর্ণরূপে রেজিস্ট্রেশন সিস্টেম চালুকরণের পূর্বে রেজিস্ট্রেশন বিভাগ ইতোমধেই একটি পাইলট প্রকল্প হাতে নিয়েছে। মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ সদর ও সিঙ্গাইর উপজেলায় খুব শীঘ্রই উক্ত পাইলট প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে রেজিষ্ট্রেশন সিষ্টেম পরিচালনা করা হবে। দুটি উপজেলায় দুটি পদ্ধতিতে রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করা হবে। পরবর্তীতে পরীক্ষা নিরীক্ষান্তে অপক্ষোকৃত সহজতর উপায়ে মেম্বারশীপ রেজিস্ট্রেশন পদ্ধতি সকলের জন্য উন্মুক্ত করা হবে। চলমান অর্থ বছরের জুন মাস নাগাদ এই পাইলট প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে।

### ০৯.০ গ্রোথ বিভাগ ঃ

**গ্রোথ বিষয়ক প্রথম জাতীয় মূল্যায়ন ওয়ার্কশপ ঃ** ০২-০৩ মে ২০১৪ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে গ্রোথ বিষয়ক প্রথম জাতীয় মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপে জাতীয় উপ কমিশনারগণ, সকল অঞ্চলের আঞ্চলিক সম্পাদক, আঞ্চলিক পরিচালক, সংশ্লিষ্ট আঞ্চলিক উপ কমিশনার, মুক্ত দলের ইউনিট লিডার, মহিলা লিডার অংশগ্রহণ করেন। ওয়ার্কশপে অঞ্চল ও জেলা ভিত্তিক বিগত সাত বছরের গ্রোথ নিয়ে বিশ্লেষণ করা হয় এবং গ্রোথের হার আশানুরুপ না হওয়ার কারণ খুঁজে বের করা হয়। উক্ত ওয়ার্কশপে অঞ্চলভিত্তিক আগামী ০৬ মাসের স্বল্প মেয়াদী ও আগামী ০৩ বছরের দীর্ঘ মেয়াদী সম্ভাব্য গ্রোথ টার্গেট নির্ণয় করা হয়।

**১. গ্রোথ বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ ঃ**

ক. চলতি অর্থ বছরে খুলনা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, যশোরে ০৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে গ্রোথ বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। খুলনা অঞ্চলের আওতাধীন সকল আঞ্চলিক উপ কমিশনার, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, জেলা সম্পাদক, জেলা কাব লিডার, জেলা স্কাউট লিডার, জেলা রোভার লিডার, উপজেলা সম্পাদক, অংশগ্রহণ করেন। উক্ত ওয়ার্কশপে জেলাভিত্তিক বিগত পাঁচ বছরের গ্রোথ নিয়ে বিশ্লেষণ করা হয় এবং গ্রোথের হার আশানুরুপ না হওয়ার কারণ ও উত্তোরণের কৌশল খুঁজে বের করা হয়। উক্ত ওয়ার্কশপে জেলাভিত্তিক আগামী ০৬ মাসের স্বল্প মেয়াদী ও আগামী ০৩ বছরের দীর্ঘ মেয়াদী সম্ভাব্য গ্রোথ টার্গেট নির্ণয় করা হয়।

খ. চলতি অর্থ বছরে ঢাকা অঞ্চলের উদ্যেগে ২৮ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীতে (নায়েম) গ্রোথ বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ঢাকা অঞ্চলের আওতাধীন সকল প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, জেলা সম্পাদক, জেলা স্কাউট লিডার, জেলা কাব লিডার অংশগ্রহণ করেন। উক্ত ওয়ার্কশপে জেলাভিত্তিক বিগত পাঁচ বছরের গ্রোথ নিয়ে বিশ্লেষণ করা হয় এবং গ্রোথের হার আশানুরুপ না হওয়ার কারণ ও উত্তোরণের কৌশল খুঁজে বের করা হয়। উক্ত ওয়ার্কশপে জেলাভিত্তিক আগামী ০৬ মাসের স্বল্প মেয়াদী ও আগামী ০৩ বছরের দীর্ঘ মেয়াদী সম্ভাব্য গ্রোথ টার্গেট নির্ণয় করা হয়।

২. **উপজেলা সার্ভে ঃ** ২০১২ সালের পরিসংখ্যান অনুযায়ী সর্বোচ্চ গ্রোথ হয়েছে কুমিল্লা অঞ্চলের লক্ষীপুর জেলার রায়পুর উপজেলা এবং সর্বনিম্ন গ্রোথ হয়েছে ঢাকা অঞ্চলের রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলা। গ্রোথ বিভাগের উদ্যোগে জাতীয় সদর দফতরের প্রতিনিধি দ্বারা উক্ত দুইটি উপজেলা সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গ্রোথের অন্তরায়সমূহ নিয়ে উপজেলা পর্যায়ের স্কাউট নেতৃবৃন্দের সাথে আলোচনা করা হয়। উপজেলাসমূহ পরিদর্শনে উঠে আসা তথ্যসমূহ নিয়ে একটি তথ্যবহুল রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।

৩. **পরিসংখ্যান ফরম তৈরি ঃ** ইউনিটের সকল কাব, স্কাউট, রোভার ও বয়স্ক নেতাদের তথ্য সংগ্রহ করার জন্য একটি নতুন ও যুগোপযোগী পরিসংখ্যান ফরম তৈরি করে বিতরণ করা হয়েছে।

## ১০.০ জনসংযোগ ও মার্কেটিং বিভাগ ঃ

বাংলাদেশ স্কাউটসের কার্যক্রমকে দেশের সকল স্তরের জনগণের নিকট গ্রহণযোগ্য করে তোলার জন্য জনসংযোগ ও মার্কেটিং বিভাগ তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সর্বদা সচেষ্ট। দেশ বিদেশের স্কাউটিং কার্যক্রমের সংবাদ সংগ্রহ, সংরক্ষণ ও তা সঠিক প্রক্রিয়ার মাধ্যমে প্রচার করা গুরুত্বপূর্ণ বিধায় এ বিভাগ তার কার্যক্রমকে সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে ১৮ সদস্য বিশিষ্ট জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটি নিয়মিতভাবে কাজ করছে। কমিটি নিয়মিতভাবে সভায় মিলিত হয়ে এ বিভাগের কার্যক্রম বাস্তবায়নে অসামান্য অবদান রেখে আসছে। বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগে ০১জন জাতীয় কমিশনার, ০১জন জাতীয় উপ কমিশনার ও ০১জন প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ স্কাউটিং সম্প্রসারণে তাদের নিজ নিজ দায়িত্ব পালন করে যাচ্ছেন। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, এনডিসি সচিব, বানিজ্য মন্ত্রণালয় মহোদয় জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি এবং প্রফেসর মোঃ সায়েদুর রহমান জনসংযোগ ও মার্কেটিং বিভাগের জাতীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন।

### ১০.১ পরিকল্পনা গ্রহণ ঃ

বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগের কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে ৩টি ধাপে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। (ক) স্বল্প মেয়াদী, (খ) মধ্য মেয়াদী, (গ) দীর্ঘ মেয়াদী। পরিকল্পনা অনুযায়ী জনসংযোগ ও মার্কেটিং বিভাগের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

### ১০.২ প্রচারণা ঃ

বাংলাদেশ স্কাউটস আয়োজিত বিভিন্ন জাতীয় ও অন্যান্য অনুষ্ঠানের প্রচারকাজে এ বিভাগ সর্বাত্মক সহায়তা প্রদান করছে। বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন বিভাগের কার্যক্রমের খবর ইলেকট্রনিক মিডিয়া ও প্রিন্ট মিডিয়ায় নিয়মিত প্রচার করা হয়।

**১০.৩ জাতীয় পর্যায়ে জনসংযোগ ওয়ার্কশপ ঃ**

জনসংযোগ ও মার্কেটিং বিভাগের উদ্যোগে গত ৩০ এপ্রিল ২০১৪ তারিখে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। উক্ত ওয়ার্কশপে জনসংযোগ ও মার্কেটিং বিভাগের সাথে সংশ্লিষ্ট জাতীয় সদর দফতর, অঞ্চল ও জেলা পর্যায়ের ৬০ জন অংশগ্রহণ করেন। ওয়ার্কশপে আগামি ২০১৪-২০১৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।

**১০.৪ নায়েমে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স ঃ**

জনসংযোগ ও মার্কেটিং বিভাগের পরিচালনায় নায়েমে অনুষ্ঠিত অধ্যক্ষ ও প্রধান শিক্ষকগণের কোর্সে স্কাউটিং বিষয়ক ৬টি ওরিয়েন্টেশন কোর্স আয়োজন করা হয়েছে। উক্ত কোর্সে ৭০০জন অংশগ্রহণকারী ছিলেন। উল্লেখ্য যে, প্রতিষ্ঠান প্রধানগণের এই কোর্স স্কাউটিং সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা পালন করবে।

**১০.৫ কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও অভিভাবকগণের সাথে মতবিনিময় সভা ঃ**

জনসংযোগ ও মার্কেটিং বিভাগের উদ্যোগে উত্তরা স্কুল এন্ড কলেজ, মির্জা আব্বাস মহিলা কলেজ, গোলাম মোস্তফা মডেল স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা, আলী আহম্মদ স্কুল এন্ড কলেজ, গোড়ান, ঢাকায় ৪টি কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও অভিভাবকগণের মতবিনিময় সভা আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় ১২০০জন অংশগ্রহণ করেন। মূলত: উক্ত মতবিনিময় সভার মাধ্যমে সকলের সাথে খোলামেলা আলোচনার মাধ্যমে বিভিন্ন বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনা করা হয়।

**১০.৬ ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণের সাথে মতবিনিময় সভা ঃ**

গত ০২ এপিল ২০১৪ তারিখে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, এনডিসি, সচিব, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রধান জাতীয় কমিশনার বাংলাদেশ স্কাউটস, জনাব মোঃ মোজাম্মেল হক খান জাতীয় কমিশনার (আন্তর্জাতিক), জনাব মোঃ মেসবাহ উদ্দিন ভূইয়া জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জনাব ম. হামিদ, মহাপরিচালক, বিটিভি, প্রফেসর মোঃ সায়েদুর রহমান, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস সভায় উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় বাংলাদেশের ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার ৪২জন সাংবাদিক ও ফটোসাংবাদিক অংশগ্রহণ করেন।

**১০.৭ ঃ ইনোভেটিভ লিডারশীপ এন্ড ইফেক্টিভ কমিউনিকেশন বিষয়ক জাতীয় ওয়ার্কশপ ঃ**

গত ৩০ মার্চ ২০১৪ তারিখে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে ইনোভেটিভ লিডারশীপ এন্ড ইফেক্টিভ কমিউনিকেশন বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে সদর দফতর এবং অঞ্চল থেকে ৫০জন অংশগ্রহণ করেন। সকল স্তরে নতুন নেতৃত্ব বিকাশে করণীয় সম্পর্কে ওয়ার্কশপে আলোচনা করা হয়।

**১০.০৮ ভিডিও লাইব্রেরী ও আর্কাইভ ঃ**

বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগের তত্ত্বাবধানে জনসংযোগ দফতরে একটি ভিডিও লাইব্রেরীর কার্যক্রম শুরু করা হয়েছে। ভিডিও লাইব্রেরীতে সকল স্তরের স্কাউটিং কার্যক্রমের ভিডিও, স্থির চিত্র সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। মাঠ পর্যায় থেকে স্কাউটিং কার্যক্রমের ভিডিও চিত্র, স্থির চিত্র জাতীয় সদর দফতরের জনসংযোগ বিভাগে পাঠালে তা ভিডিও লাইব্রেরীতে সংরক্ষণ করা হয়।

## ১০.০৯ পরিদর্শন কার্যক্রম ঃ

বাংলাদেশ স্কাউটস এর সকল জাতীয় কমিশনার ও জাতীয় উপ কমিশনারদের বিভিন্ন জেলা পরিদর্শন ও কার্যক্রম তদারকির পরিকল্পনা রয়েছে। পরিকল্পনা অনুযায়ী জনসংযোগ ও মার্কেটিং বিভাগের জাতীয় কমিশনার ও জাতীয় উপ কমিশনারগণ বিভিন্ন জেলা পরিদর্শন করে বাংলাদেশ স্কাউটস কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন জমা প্রদান করেছেন।

## ১০.১০ সড়ক দ্বীপ এর শোভাবর্ধন কার্যক্রম ঃ

জনসংযোগ ও মার্কেটিং বিভাগের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চল, রোভার অঞ্চল, ঢাকা জেলা রোভার ও ঢাকা মেট্রোপলিটন ও বাংলাদেশ স্কাউটস এর আর্থিক সহযোগিতায় পল্টন থেকে কাকরাইল পর্যন্ত সড়ক দ্বীপের শোভাবর্ধন এর নিয়মিত পরিচর্যা করা হয়। এবছর টাইল্স এর উপর আইন প্রতিজ্ঞা ও স্কাউটিং সম্পর্কীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ বাণী সম্বলিত সাইন বোর্ড সড়ক দ্বীপে স্থাপন করা হয় যা দীর্ঘ দিন স্থায়ী হবে বলে আশা করা যায়।

## ১০.১১ বিটিভিতে অগ্রদূত অনুষ্ঠান ঃ

বাংলাদেশ স্কাউটসের কার্যক্রমের পরিচিতিমূলক অনুষ্ঠান “অগ্রদূত” প্রতি মাসের প্রথম ও তৃতীয় বুধবার দুপুর **১২.১০** মিনিটে নিয়মিতভাবে বাঙলাদেশ টেলিভিশনে সম্প্রচার করা হচ্ছে। অনুষ্ঠানটি **১৯৯৯** সালের ডিসেম্বর মাসে শুরু করে নিয়মিতভাবে সম্প্রচারিত হচ্ছে। বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ অগ্রদূত অনুষ্ঠানটিকে গুরুত্বসহকারে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করেছেন। ইতোমধ্যে অগ্রদূত প্রচারনা বিষয়ক ০৯ সদস্য বিষয়ক একটি টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। জাতীয় উপ-কমিশনার (এডাল্ট রিসোর্সেস) জনাব ফেরদৌস আহম্মেদ এই টাস্ক ফোর্সের আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করছে।

## ১০.১২ প্রথম আলো পত্রিকায় স্কাউট কর্ণার ঃ

বাংলাদেশ স্কাউটস এর কার্যক্রমে সকল স্তরের জনগণের নিকট তুলে ধরার লক্ষ্যে ইতোমধ্যে প্রথম আলো পত্রিকায় স্কাউট কর্ণার ছাপানোর বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**১০.১৩ অন্যান্য কার্যক্রম ঃ** জনসংযোগ যে কোন সময় বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন স্তরে অনুষ্ঠিত সমাবেশ জাম্বুরী ক্যাম্পুরী ও অন্যান্য অনুষ্ঠানের জন্য বাণী প্রদান ছাড়াও স্কাউটারগণকে অভিনন্দনপত্র এবং মৃত্যুবরণকারী স্কাউটস ও তাঁদের পরিবারবর্গকে শোক পত্র প্রদান করে থাকে।

## ১১.০ প্রকাশনা বিভাগ ঃ

বাংলাদেশ স্কাউটস এর ২০১১ সালের জাতীয় কাউন্সিলের ৪০তম বার্ষিক  ত্রৈ-বার্ষিক) কাউন্সল সভার পর প্রধান জাতীয় কমিশনার মহোদয় প্রকাশনা নামে একটি নতুন বিভাগ সৃষ্টি করেন। জনাব মোঃ তৌফিক আলী, জাতীয় উপ-কমিশনার (প্রকাশনা) উক্ত বিভাগের জাতীয় উপ-কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন।

## ১১.১ অগ্রদূত প্রকাশনা নিয়মিত করা ঃ

দীর্ঘ ৫৮ বছর যাবত অগ্রদূত প্রকাশনা অব্যাহত থাকলেও এবারেই প্রথম বারের মত অগ্রদূত পত্রিকা প্রতি মাসের শুরুতে সে মাসের পত্রিকা প্রকাশ করা হচ্ছে। বাংলাদেশ স্কাউটস এর একমাত্র মুখপত্র ‘অগ্রদূত’ পত্রিকা নিয়মিত প্রকাশের লক্ষ্যে জোড়ালো পদক্ষেপ হাতে নেয়া হয়েছে। দীর্ঘদিনের এই পত্রিকাটি এখন গ্রাহকদের নিকট পৌঁছানো নিশ্চিত করা হয়েছে।

## ১১.২ নতুন সম্পাদনা পরিষদ গঠন ঃ

প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের অনুমোদনক্রমে নতুন সম্পাদনা পরিষদ গঠন করা হয়। প্রধান উপদেষ্টা, জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সম্পাদক, জনাব মোঃ তৌফিক আলী, জাতীয় উপ-কমিশনার (প্রকাশনা), বাংলাদেশ স্কাউটস। সম্পাদনা পরিষদঃ জনাব শফিক আলম মেহেদী, জাতীয় কমিশনার (গবেষণা ও মূল্যায়ন), প্রফেসর নাজমা শামস, সভাপতি, এক্সটেনশন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটি জনাব মু. তৌহিদুল ইসলাম, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), জনাব আক্তারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (আইসিটি), জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, জাতীয় উপ-কমিশনার (স্পেশাল ইভেন্টস), জনাব এম এম ফজলুল হক, জাতীয় উপ কমিশনার (ফাউন্ডেশন), জনাব মোঃ আরিফুজ্জামান, জাতীয় উপ কমিশনার (প্রোগ্রাম), =জনাব মোঃ দেলোয়ার হোসাইন, প্রকল্প পরিচালক (কাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প), প্রকাশক, জনাব মোঃ মজিবর রহমান মান্নান, নির্বাহী পরিচালক, । নির্বাহী সম্পাদক, জনাব ফারুক আহাম্মদ উপ-পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং), ।

### ১১.৩ বিজ্ঞাপন আদায়ের পদক্ষেপ ঃ

বিজ্ঞাপন সংগ্রহ করে অগ্রদূত পত্রিকার ব্যয় নির্বাহের লক্ষ্যে নতুন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের সরাসরি তদারকিতে বিজ্ঞাপন সংগ্রহ করে আদায়কৃত অর্থের মাধ্যমে অগ্রদূত মুদ্রণের দীর্ঘ দিনের বকেয়া বিল পরিশোধ করে হালনাগাদ করা হয়েছে।

অগ্রদূতের মুদ্রণ বিল ও অন্যান্য খরচ মেটানোর জন্য বিজ্ঞাপনের উপর নির্ভর করতে হচ্ছে। বিভিন্ন প্রতিষ্ঠান অগ্রদূতে বিজ্ঞাপন দিয়ে সহায়তা প্রদান করছেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে গভীর কৃতজ্ঞতা জানাই।

### ১১.৪ অগ্রদূত এর গুণগত মানোন্নয়নের জন্য সহ-সম্পাদক নিয়োগ ঃ

অগ্রদূত পত্রিকার মানোন্নয়নের জন্য ৬জন রোভার স্কাউটকে স্বেচ্ছাসেবী সহ-সম্পাদক মনোনিত করা হয়েছে। তাদেরকে নিজ নিজ বিভাগ অনুযায়ী দায়িত্ব অর্পন করা হয়েছে। অগ্রদূত নিয়মিত প্রকাশে সহ-সম্পাদকগণ আন্তরিক সহযোগিতা প্রদান করছেন।

### ১১.৫ অগ্রদূত সংবাদদাতা ওরিয়েন্টেশন কোর্স ঃ

গত ২৬ এপ্রিল ২০১৪ দিনব্যাপী বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, শামস হলে অগ্রদূত সংবাদদাতা ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়েছে। ওরিয়েন্টেশন কোর্সে দেশের ৫৭টি জেলা থেকে রোভার এবং গার্ল-ইন-রোভারদেরকে অগ্রদূত সংবাদদাতা প্রতিনিধি নিয়োগ করা হয়। এবং তাদেরকে সংবাদদাতা আইডি কার্ড প্রদান করা হয়। ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারীদেও সংবাদ সংগ্রহ এবং লেখার কৌশল সম্পর্কে ধারনা প্রদান করা হয়। ইতোমধ্যে অগ্রদূত সংবাদদাতাগণ তাদেও নিজ নিজ জেলার সংবাদ প্রেরণ শুরু করেছেন।

### ১১.৬ অগ্রদূত প্রকল্প ঃ

অগ্রদূত বিভাগকে গতিশীল করার লক্ষ্যে অগ্রদূত প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ হাতে নেয়া হয়। বর্তমানে নতুন করে অগ্রদূত প্রকল্পের সারপত্র প্রস্তুত করা হয়েছে। সল্প সময়ের মধ্যে যথাযথভাবে অগ্রদূত প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অগ্রদূত বিভাগকে গতিশীল করা যাবে।

## ১২.০ আইসিটি বিভাগ ঃ

প্রযুক্তিনির্ভর প্রোগ্রাম ও প্রশিক্ষণের মাধ্যমে স্কাউট ও স্কাউটারগনকে যুগোপযোগী ও আত্মপ্রত্যয়ী করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগ নিয়মিত কাজ করে যাচ্ছে। বাংলাদেশ স্কাউটস এ আইসিটি বিভাগে একজন জাতীয় কমিশনার, একজন জাতীয় উপ কমিশনার এবং একজন প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ সহ মোট ১৩ সদস্য বিশিষ্ট আইসিটি বিষয়ক জাতীয় কমিটি রয়েছে।

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বিভিন্ন কার্যক্রমঃ

জাতীয় আইসিটি ওয়ার্কশপ, আঞ্চলিক আইসিটি ওয়ার্কশপ, এডাল্ট লিডারদের ট্রেনিং কোর্স, মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন তৈরি, স্কাউট ও রোভারদের ট্রেনিং কোর্স ইত্যাতি আয়োজনসহ জাতীয় ও আঞ্চলিক প্রোগ্রাম ও প্রশিক্ষণে নিয়মিতভাবে আইসিটি সহায়তা দেয়া হয়। এডাল্ট লিডারগনের জন্য বাংলাদেশ স্কাউটস এর কম্পিউটার ল্যাব এ স্বল্প ও দীর্ঘ্যমেয়াদী প্রশিক্ষণের জন্য মডিউল প্রস্তত করে যুগোপযোগী ও মানসম্পন্ন আইসিটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহায়তা নিয়ে নিয়মিতভাবে আইসিটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আইসিটি বিভাগের বরাদ্দ ও সার্বিক সগযোগীতায় বাংলাদেশ স্কাউটস এর প্রায় সকল অঞ্চলে আইসিটি ওয়ার্কশপ ও প্রশিক্ষণ কোর্স বাস্তবায়িত হয়েছে। বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের লার্নিং এন্ড আর্নিং প্রকল্পের আর্থিক সহায়তায় বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে আইসিটি বিভাগের মাধ্যমে ৫৫ জন প্রশিক্ষনার্থীর সমন্বয়ে ২ দিন ব্যাপী আউটসোর্সিং ও ফ্রিল্যান্সিং এর উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। স্কাউটারগনকে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন ও কনটেন্ট তৈরির বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরস্থ এটুআই বিভাগের মাধ্যমে জাতীয় ই-পোর্টাল তৈরিসহ বিভিন্ন কার্যক্রমে আইসিটিতে দক্ষ স্কাউটরা স্বেচ্ছাসেবি হিসেবে সক্রিয় সহযোগিতা করেছে। দেশব্যাপী স্থাপিত ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রগুলোতে স্কাউটদের অন্তর্ভূক্ত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর জন্য সমন্বিত ইআরপি সল্যুশন তৈরির লক্ষ্যে আইসিটি বিভাগ থেকে একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে।

**দ্রুতগতির ইন্টারনেট সংযোগ ও লোকাল এরিয়া নেটওয়ার্কিংঃ**

জাতীয় সদর দফতরে ওয়াইফাই প্রযুক্তির মাধ্যমে ১ এমবিপিএস গতিসম্পন্ন ইন্টারনেট কানেকশন গ্রহন করে ওয়াইফাই জেন করা হয়েছে এবং ফাইবার অপটিক কানেকশনের মাধ্যমে ৩ এমবিপিএস গতিসম্পন্ন ডেডিকেটেড ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহন করে সকল কম্পিউটারে ব্যবহার করা হচ্ছে। এছাড়া উন্নতমানের ক্যাবল নেটওয়ার্কিং এর মাধ্যমে জাতীয় সদর দফতরের সকল কম্পিউটারে লোকাল এরিয়া কানেকশন প্রদান করা হয়েছে। জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ১৯ টি একসেস পয়েন্ট স্থাপনের মাধ্যমে ওয়াইফাই নেটওয়ার্ক জোন তৈরি করে ওয়াইফাই এর মাধ্যমে ১ এমবিপিএস গতিসম্পন্ন ইন্টারনেট কানেকশন নিয়মিতভাবে ব্যবহার করা হচ্ছে।

**সার্ভিসিং ও মেইনটেইন্যান্সঃ**

বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর ও জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের কম্পিউটার, স্ক্যানার , প্রিন্টার, মাল্টিমিডিয়া প্রোজেক্টর ও অন্যান্য সহায়ক আইসিটি সরঞ্জাম সার্ভিসিং, মেরামত ও রক্ষনাবেক্ষণ করে থাকে। জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থিত ১০ টি কম্পিউটার সমৃদ্ধ সাইবার ক্যাফে এর মেইনটেইন্যান্স আইসিটি বিভাগের মাধ্যমে করা হয়। জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ, প্রোগ্রাম ও বিভিন্ন ইভেন্টে উক্ত সাইবার ক্যাফে ব্যবহৃত হচ্ছে।

**ওয়েবসাইট রক্ষনাবেক্ষণঃ**

বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটের রক্ষনাবেক্ষণ ও নিয়মিত আপডেট আইসিটি বিভাগের মাধ্যমে করা হচ্ছে। জাতীয় পর্যায় থেকে মাঠপর্যায় পর্যন্ত অনুষ্ঠিত এবং অনুষ্ঠেয় সকল কার্যক্রম ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও নিয়মিত ওয়েবসাইটে আপডেট, ওয়েসাইটে নতুন নতুন এপ্লিকেশন সংযোজন, ওয়েবমেইল সিস্টেম চালুকরন, সোস্যাল নেটওয়ার্কিং সাইটগুলোতে বাংলাদেশ স্কাউটস এর নামে পেজ তৈরি, পেজগুলোতে ইভেন্ট অনুযায়ী ছবিসহ তথ্যভান্ডার আপলোড করা আইসিটি বিভাগের মাধ্যমে করা হচ্ছে। বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে শাপলা, পি এস, পি আর এস সহ জাতীয় পর্যায়ের অ্যাওয়ার্ডের ফর্ম ও ফলাফল প্রকাশসহ অগ্রদূত ও অন্যান্য বুলেটিন প্রকাশ করা হচ্ছে। ওয়েবসাইটটিকে আরো আধুনিকীকরনের জন্য PDF Uploading Module, Webmail service, Website version Upgrade. E-book module.Page Archiving.Social Network

Connectivity. Dynamic Photo Gallery সহ বেশকিছু নতুন মডিউল সংযোজন এবং বাংলাদেশ স্কাউটস এর নামে ব্লগ তৈরি করা হয়েছে।

**<u>দ্বিতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প, ওয়ার্কশপ ও প্রশিক্ষণ কোর্স আয়োজনঃ</u>**

**"Digital Scouting"** থীমকে সামনে রেখে তথ্য ও প্রযুক্তিনিভ্রর স্কাউটিংকে আরো বেগবান করতে বাংলাদেশ স্কাউটসের ব্যবস্থাপনা ও পরিচালনায় ১৫-১৯ মে, ২০১৪ তারিখে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত হয়২য় জাতীয় স্কাউট আইসিটি ক্যাম্প (১৫-১৭ মে ২০১৪), ২য় জাতীয় আইসিটি ওয়ার্কশপ (১৬-১৭ মে ২০১৪), এবং এডাল্ট লিডারগনের জন্য ৫ দিনের (১৫-১৯ মে ২০১৪) বেসিক আইসিটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

উক্ত ক্যাম্প, ওয়ার্কশপ ও প্রশিক্ষণে প্রায় ২৫০ জন স্কাউট, রোভার স্কাউট ও এডাল্ট লিডার অংশগ্রহণ করেন। ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব জনাব মোঃ নজরুল ইসলাম খান। এছাড়া উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে জনাব মোঃ মাহফুজুর রহমান, সভাপতি, আইসিটি বিষয়ক জাতীয় কমিটি, বাংলাদেশ স্কাউটস ও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ক্যাম্প চীফ হিসেবে জাতীয় উপ-কমিশনার (আইসিটি) জনাব জামাল উদ্দিন শিকদার এবং স্কাউট ব্যক্তিত্ব হিসেবে বাংলাদেশ স্কাউটস এর যুগ্ম নির্বাহী পরিচালক (প্রশিক্ষণ) জনাব আরশাদুল মুকাদ্দিস উপস্থিত থেকে অংশগ্রহণকারী স্কাউট ও স্কাউটারগনকে অনুপ্রানিত করেন। আইসিটি ক্যাম্প এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (আন্তর্জাতিক) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ মোজাম্মেল হক খান উপস্থিত ছিলেন। সমাপনী অনুষ্ঠানেজনাব এ কে এম ইসতিয়াক হুসাইন, জাতীয় কমিশনার (বিধি), বাংলাদেশ স্কাউটস, জনাব মোঃ মজিবর রহমান মান্নান, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) বাংলাদেশ স্কাউটস এবং ক্যাম্প চীফ হিসেবে জাতীয় উপ-কমিশনার (আইসিটি) জনাব জামাল উদ্দিন শিকদার উপস্থিত ছিলেন। ক্যাম্প বাস্তবায়নে সার্বিক কলাকৌশলে ছিলেন জনাব মোঃ মাহফুজুর রহমান, সভাপতি, আইসিটি বিষয়ক জাতীয় কমিটি, বাংলাদেশ স্কাউটস ও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড এবং জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ওসিইও, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। অংশগ্রহণকারী স্কাউট, রোভার স্কাউট ও এডাল্ট লিডারগন উক্ত ক্যাম্পে অংশ গ্রহণের মাধ্যমে আইসিটি বিষয়ক বিভিন্ন ইভেন্ট যেমন সফটওয়ার ও হার্ডওয়ার, স্কাউটিং বিষয়ক পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন তৈরি, গেমিং জোন, রেডিও, স্কাউটিং, ব্লগ লেখা, ইলেক্ট্রনিক্স ও পাওয়ার টুলস ব্যবহার, আউটসোর্সিং, অ্যামেচার রেডিও স্কাউটিং, বিকল্প জ্বালানী, সিকিউরিটি সিস্টেম, কম্পিউটার ট্রাবলসুটিং, ক্যারিয়ার ভিশন, অনলাইন আইসিটি ইন স্কাউটিং ইত্যাদি বিষয়ে হাতে কলমে জ্ঞান অর্জন করে।

২য় জাতীয় স্কাউট আইসিটি ওয়ার্কশপে জাতীয় কমিশনার (প্রোগ্রাম) জনাব জনাব মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া,জাতীয় কমিশনার (প্রকল্প)মোঃ মাহমুদুল হক, জাতীয় ঊপ কমিশনার(আন্তর্জাতিক)জনাব আতিকুজ্জামান রিপন, জাতীয় উপ-কমিশনার (প্রোগ্রাম)জনাব মোঃ আরিফুজ্জামান, জাতীয় ঊপ-কমিশনার (আইসিটি) জনাব মোঃ জামাল ঊদ্দিন শিকদার এবং বাংলাদেশ স্কাউটস এর যুগ্ম নির্বাহী পরিচালক (প্রশিক্ষণ) জনাব আরশাদুল মুকাদ্দিস বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন অঞ্চল থেকে আগত অংশগ্রহণকারীগনের সাথে প্রযুক্তিনির্ভর স্কাউটিংকে আরো বেগবান করতে বিভিন্ন নীতিনির্ধারনী সেশন পরিচালনা করেন।

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের আইসিটি ল্যাব এ এডাল্ট লিডারগনের জন্য ১৫ থেকে ১৯ মে ২০১৪ পর্যন্ত ৫ দিনের বেসিক আইসিটি প্রশিক্ষণ কোর্স (আবাসিক) এর শুভ উদ্বোধন করেন জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান। এ কোর্সে প্রশিক্ষণ বিভাগ মনোনীত মোট ২৫ জন এডাল্ট লিডার অংশগ্রহণ করেন। বাংলাদেশ স্কাউটস ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একদল দক্ষ প্রশিক্ষকগনের নেতৃত্ব দেন এ কোর্স এর কোর্স পরিচালকও বাংলাদেশ স্কাউটস এর যুগ্ম নির্বাহী পরিচালক (প্রশিক্ষণ) জনাব আরশাদুল মুকাদ্দিস।

কোর্সের সার্বিক ডিজাইন প্রণয়ন, পরিকল্পনা ও বাস্তবায়নে ছিলেন আইসিটি বিভাগ, বাংলাদেশ স্কাউটস। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (আন্তর্জাতিক), জাতীয় কমিশনার (বিধি), জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাতীয় কমিশনার (প্রকল্প) সহ উচ্চপদস্থ নের্তৃবৃন্দ কোর্সটি পরিদর্শন করেন। কোর্সের সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর  কোষাধ্যক্ষ জনাব মোঃ আবদুস সালাম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীগনের মাঝে সনদপত্র বিতরণ করেন।

**অন্যান্য কাজ ঃ**

- বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন পর্যায়ে (সদর দফতর, বিভাগ, জেলা, উপজেলা) যোগাযোগের ক্ষেত্রে ই-মেইল ব্যবহার বৃদ্ধিতে উদ্বুদ্ধকরন এবং বাংলাদেশ স্কাউটস এর ইমেইল এড্রেসবুক তৈরি, অনলাইনে তথ্য আদানপ্রদানসহ ই-তথ্যসেবা প্রদান।
- জাতীয় ও অঞ্চল পর্যায়ে লাইসেন্সকৃত এন্টিভাইরাস বিতরণ।
- অনলাইনে স্কাউট শপ ও জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রকে প্রমোট করা।
- বাংলাদেশ স্কাউটস আয়োজিত বিভিন্ন ওয়ার্কশপ ও ট্রেনিং কোর্সে প্রেজেন্টেশন তৈরিতে সহায়তা, মাল্টিমিডিয়া ও ল্যাপটপসহ প্রয়োজনীয় আইসিটি সাপোর্ট প্রদান।
- বিভিন্ন ট্রেনিং কোর্স ও ওয়ার্কশপে আইসিটির ব্যবহার বাড়ানো ।
- মিটিং ও রেজিস্ট্রেশনে ই-মেইল এড্রেস সংগ্রহ করা এবং ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করা। বিভিন্ন প্রোগ্রামে সংশ্লিষ্টগনকে ইমেইল এড্রেস খুলে দেয়া। প্রযোজ্য ক্ষেত্রে হার্ড কপির পরিবর্তে ই-মেইল ব্যবহারে উদ্বুদ্ধ করা।
- বাংলাদেশ স্কাউটস আয়োজিত বিভিন্ন প্রোগ্রাম, ওয়ার্কশপ ও ট্রেনিং কোর্সে ইলেক্ট্রনিক ব্যানারের ব্যবহার বাড়ানো।
- জোটা, জোটি জোটস, এপিআর ইন্টারনেট জাম্বুরী ও অন্যান্য আইসিটি ইভেন্ট আয়োজনে প্রয়োজনীয় সাপোর্ট প্রদান।
- জাতীয় আইসিটি কমিটির সভা আয়োজনের মাধ্যমে আইসিটি কার্যক্রম বৃদ্ধি, মনিটরিং ও ফলোআপ বিষয়ক বিভিন্ন নীতি নির্ধারণ ও বাস্তবায়ন করা হয়।
- দেশব্যাপী ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রগুলোতে স্কাউটদেরকে অন্তর্ভুক্ত করা।
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের অধীনে জেলা এবং উপজেলা পর্যায়ে স্থাপিত কম্পিউটার ল্যাবে এডাল্ট লিডারগনকে প্রশিক্ষণ গ্রহনে জন্য পদক্ষেপ গ্রহন।
- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক আইসিটি ইভেন্টে স্কাউট ও স্কাউটারগনকে সম্পৃক্ত করা।
- বাংলাদেশে অনুষ্ঠিত জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রমে আইসিটি সেবা প্রদান।

**১৩.০ এক্সটেনশন স্কাউটিং বিভাগ ঃ**

বাংলাদেশ স্কাউটস এর ট্রেনিং, প্রোগ্রাম, সংগঠন ও অন্যান্য বিভাগের ন্যায়  স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউটদেও গুনগত মানোন্নয়নে কাজ কওে যাচ্ছে। স্কাউট বয়সী সকল শিশুকে স্কাউট আন্দোলনে সম্পৃক্ত করাই এই বিভাগের মূল কাজ। বিশেষ করে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উপযোগি সকল শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী শিশু পরিবার, ব্র্যাক পরিচালিথ স্কুল, এতিমখানা, ইংলিশ মিডিয়াম স্কুল, বেসরকারী বিশ্ববিদ্যালয় ও পাড়া মহল্লায় অধিক সংখ্যক মুক্ত স্কাউট ইউনিট গঠনের মাধ্যমে স্কাউটিং সম্প্রসারণ করা।

**জাতীয় কমিটির সভা** ঃ আলোচ্য বর্ষে এক্সটেনশন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির মোট ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে।

**শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সাথে মতবিনিময় সভা ঃ** বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে ২৩ আগস্ট ২০১২৩ তারিখে শামস হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সাথে দিনব্যাপী এক্সটেনশন স্কাউটিং উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ স্কাউটস এর বিভিণ্ন অঞ্চল থেকে মোট ৪৩ জন প্রতিষ্ঠান প্রধান অংশগ্রহণ করেন।

**শিক্ষা সফর ঃ** বাংলাদেশ স্কাউটস এর এইচআরডিএস প্রকল্পের আর্থিক সহায়তায় ও বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের ব্যবস্থপনা ও পরিচালনায় পাশ্ববর্তী দেশ ভারতে ৮-১৪ মে ২০১৪ পর্যন্ত শিক্ষা সফর বাস্তবায়ন করা হয়েছে। উক্ত শিক্ষা সফরে ০৪ জন SPECIAL NEEDS স্কাউট ও ২ জন এডাল্ট লিডার অংশগ্রহণ করেন ।

**৫ম জাতীয় স্কাউট অ্যাগোনরি ঃ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে ০১-০৭ নভেম্বর ২০১৩ পর্যন্ত** ৫ম জাতীয় স্কাউট অ্যাগোনরি বাস্তবায়ন করা হয়। উক্ত অ্যাগোননিতে শ্রবণ প্রতিবন্ধী ৮টি, সরকারি শিশু পরিবার ১৩টি, বৃদ্ধি প্রতিবন্ধী প্রতিষ্ঠান ১৯টি, সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ১০টি, টিটিএল ৮টি, দৃষ্টি প্রতিবন্ধী ৭টি ব্রাক পরিচালিতদ শিক্ষা প্রতিষ্ঠান ৪টি, মূক বধির বিদ্যালয় ৬টি ,মুক্ত স্কাউট দল ৩টি, সমন্বিত অন্ধ শিক্ষা প্রতিষ্ঠান ৭টিসহ মোট ৮৪টি ইউনিট অ্যাগোনরিতে অংশগ্রহণ করে। উক্ত অ্যাগোনরিতে স্কাউট , ইউনিট লিডার, কর্মকর্তা, সহায়তাকারী, সাপোর্ট স্টাফ ও অন্যান্যসহ মোট ১২১১ জন অংশগ্রহণ করেন। বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অ্যাগোনরির শুভ উদ্বোধন ঘোষণা করেন।

**ইউনিট লিডার ওয়ার্কশপ ঃ** বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের উদ্যোগে বাংলাদেশ স্কাউটস এর শামস হলে ২৮ মার্চ ২০১৪ তারিখে ইউনিট লিডাদের নিয়ে স্কাউটিং উন্নয়ন বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন অঞ্চল থেকে মোট ৮১ জন ইউনিট লিডার ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।

**বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত ঃ** ঃ বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের উদ্যোগে বাংলাদেশ স্কাউটস এর শামস হলে ১৩ ডিসেম্বর ২০১৩ তারিখে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে স্কাউটিং উন্নয়ন বিষয়ক মতবিনিময় অনুষ্ঠিত হয়। বাংলাদেশের বিভিন্ন সংগঠনের বিশেস করে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে কাজ করে এমন সংগঠনসমূহের নেতৃবৃন্দের উক্ত মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। তাঁরা সমন্বিতভাবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে বাংলাদেশ স্কাউটস এর সাথে স্কাউটিং সম্প্রসারণে কাজ করার অংগীকার ব্যাক্ত করেন।

**ট্যালেন্ট সার্চ প্রতিযোগিতা ঃ** বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের ব্যবস্থপনা ও পরিচালনায় সুইড বাংলাদেশ রমনা, ঢাকায় ২৫ জানুয়ারি ২০১৪ তারিখে দিনব্যাপী বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের ট্যালেন্ট সার্চ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ২১৮জন বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউট ট্যালেন্ট সার্চ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি প্রফেসর নাজমা শামস প্রধান স্কাউট ব্যক্তিত্ব ও জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) জনাব মোঃ মহসিন বিশেষ স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন।

**ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের ব্যবস্থপনা ও দিনাজপুর অঞ্চলের পরিচালনায় ২৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে উত্তর বালুবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত ৪৬ জন প্রশিক্ষণার্থী ও ৬জন প্রশিক্ষক অংশগ্রহণ করেন।

**পরিদর্শন ও মনিটরিং** ঃ বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের উদ্যোগে বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউট ইউনিটসমূহ আলেঅচ্য বর্ষে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে ইউনিট লিডার, গ্রুপ কমিটির সভাপতি, বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের অভিভাবক ও স্কাউটদের সাথে আলোচনা করা হয়েছে। পরিদর্শনকৃত

ইউনিটসমূহের মধ্যে সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপ, প্রয়াস স্কুল, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সীড ট্রাস্ট, বধির স্কুল ও সলিমুল্লাহ মুসলিম এতিমখানা উল্লেখযোগ্য।

**ধন্যবাদ ও কৃতজ্ঞতা ঃ** বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের কার্যক্রম বাস্তবায়নে সহায়তার জন্য বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সুইড বাংলাদেশ, বাংলাদেশ স্কাউটস এর সকল অঞ্চল ও সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

## ১৪.০ আর্থিক ব্যবস্থাপনা বিভাগ ঃ

বাংলাদেশ স্কাউটস এর আর্থিক ব্যবস্থাপনা বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। বাংলাদেশ স্কাউটস এর আর্থিক বিষয়ক নীতিমালা প্রণয়ন, আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ ও মতামত প্রদান এবং এতদসংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য এ বিভাগের সৃষ্টি।

**১৪.১ আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় কমিটি :**বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর থেকে উপজেলা পর্যন্ত সকল স্তরের আর্থিক বিষয়ক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা দান এবং সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা ও যথাযথ হিসাব রক্ষণাবেক্ষণের জন্য গাইড লাইন দেয়ার জন্য জাতীয় পর্যায়ে একটি ১০ সদস্য বিশিষ্ট কমিটি রয়েছে। কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব মোঃ আব্দুল কাইউম ঠাকুর, সাবেক কোষাধ্যক্ষ এবং সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব মোহাম্মদ আব্দুল ওয়াজেদ, জাতীয় উপ কমিশনার (আর্থিক ব্যবস্থাপনা), কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন উপ পরিচালক (হিসাব)।

## ১৪.২ বাস্তবায়িত কার্যক্রম :

১৪.২.১ অভিন্ন বাজেট কাঠামো :

জাতীয় ও অঞ্চল থেকে উপজেলা পর্যন্ত স্তরভিত্তিক অভিন্ন বাজেট কাঠামো এবং খাতওয়ারী ব্যয়ের সীমা (শতকরা হার) এর গাইড লাইন অনুমোদন করা হয় । সে অনুসারে জাতীয় সদর দফতরের ২০১২-১৩ অর্থ বছরের বাজেট প্রণয়ন করে জাতীয় নির্বাহী কমিটির সভায় অনুমোদন করা হয়। বাংলাদেশ স্কাউটস এর ১২টি অঞ্চলের মধ্যে ০৮ অঞ্চল ২০১৩-১৪ অর্থ বছরের অভিন্ন বাজেট কাঠামো অনুসারে বাজেট প্রণয়ন করেছে।

১৪.২.২ কোর্সের বিষয়বস্তু ও সিডিউল প্রণয়ন :

আর্থিক ব্যবস্থাপনা বিভাগের ২০১৩-১৪ অর্থ বছরে কর্মপরিকল্পনায় দুইটি কোষাধ্যক্ষ কোর্স বাস্তবায়নের পরিকল্পনা এবং বাজেট বরাদ্দ করা হয়। উক্ত কোর্স বাস্তবায়নের লক্ষ্যে কমিশনারর্স ও সম্পাদক কোর্সের আদলে কোষাধ্যক্ষ কোর্সের জন্য তিন দিনের ২১ ঘন্টার কোর্সের বিষয়বস্তু ও সিডিউল প্রণয়ন করে অনুমোদনের লক্ষ্যে এবং প্রশিক্ষণ ম্যানুয়েলে এ অন্তর্ভূক্তির জন্য প্রশিক্ষণ বিভাগে সুপারিশ করা হয়। ৩২তম জাতীয় প্রশিক্ষণ কমিটির সভায় কোর্সের বিষয়বস্তু ও সিডিউল অনুমোদনের করা হয়। কোর্সটি প্রশিক্ষণ ম্যানুয়েলে সন্নিবেশিত করার লক্ষ্যে জাতীয় নির্বাহী কমিটিতে আলোচ্যসূচিভূক্তকরা হয় এবং ২২৬তম জাতীয় নির্বাহী কমিটির সভায় তা অনুমোদিত হয়।

**প্রথম আর্থিক ব্যবস্থাপনা কোর্স :** আর্থিক ব্যবস্থাপনা বিভাগের ব্যবস্থাপনায় প্রশিক্ষণ বিভাগের উদ্যোগে ৭-৯ জুন, ২০১৪ তারিখ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে প্রথম আর্থিক ব্যবস্থাপনা কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে ১২টি অঞ্চল থেকে মোট ৩৮জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**১৪.৩কোষাধ্যক্ষ মহোদয় ও দায়িত্বপ্রাপ্ত জেলা :**বাংলাদেশ স্কাউটসের হিসাব বিভাগের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে হিসাব ব্যবস্থাপনা বিভাগে একজন কোষাধ্যক্ষ রয়েছেন। জনাব মো ঃ আবদুস সালাম খান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাক্তন সচিব এবং বাংলাদেশ স্কাউটসের কোষাধ্যক্ষ। তাঁর দায়িত্বপ্রাপ্ত জেলা ঢাকা জেলা

স্কাউটস, ঢাকা মেট্রোঃ জেলা স্কাউটস এবং ঢাকা জেলা রোভার স্কাউটস। তিনি সংশ্লিষ্ট জেলা স্কাউটস ও রোভার জেলা এর সাথে নিয়মিত যোগাযোগ করেন।

বাংলাদেশ স্কাউটস এর কোষাধ্যক্ষ ও সাবেক সংস্থাপন সচিব, জনাব আবদুস সালাম খান বিগত ৭ মার্চ,২০১৪ ইং কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লালমাই, কুমিল্লায় অনুষ্ঠিতব্য আঞ্চলিক কাব ক্যাম্পুরী'র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান।

তিনিবিগত ১৫ মার্চ,২০১৪ রাজশাহী অঞ্চলেরআওতাধীন বগুড়া আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পরিদর্শন করেন।প্রভাতী মুক্ত স্কাউট গ্রুপ -এর নব নির্মিত স্কাউট ভবন পরির্দশন করেন।দিনাজপুর অঞ্চলেরনির্মাণাধীন আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পরিদর্শন করেন।১৬ মার্চ,২০১৪ দিনাজপুর অঞ্চলের আঞ্চলিক কাব ক্যাম্পুরী'র "আনন্দ মেলা" অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। এছাড়া দেবীগঞ্জ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রপরিদর্শনকরেন। প্রশিক্ষণ কেন্দ্র গুলোর উন্নয়ন কাজ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

এছাড়া বিগত ১৯ এপ্রিল,২০১৪ তারিখে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে আইসিটি ক্যাম্পের সমাপনী অনুষ্ঠানে এবং স্কাউট লিডার এ্যাডভান্স কোর্সের মহাতাঁবু জলসায় প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।বিগত ২৩ এপ্রিল,২০১৪ তারিখে অনুষ্ঠিত ডিজাস্টার রেস্পন্স টিওটি কোর্সে যোগদান করেন।

**১৪.৪ জাতীয় উপ কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত জেলা :** আর্থিক ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক ব্যবস্থাপনা বিভাগে একজন জাতীয় উপ কমিশনার রয়েছেন। জনাব মোহাম্মদ আবদুল ওয়াজেদ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব এবং মহা পরিচালক, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত জাতীয় উপ কমিশনার। তাঁর দায়িত্বপ্রাপ্ত জেলা রংপুর ও নীলফামারী জেলা স্কাউটস ও রোভার। তিনি নীলফামারী জেলা স্কাউটস ও রোভার এর সাথে নিয়মিত যোগাযোগ করেন।

## ১৫.০ উন্নয়ন বিভাগ

১. সভা ঃ(২০১৩-২০১৪)

ক) আলোচ্য বছরে স্কাউট শতাব্দী ভবন নির্মাণের লক্ষ্যে ০৩ টি সভা অনুষ্ঠিত হয় খ) আলোচ্য বছরে মূল্যায়ন কমিটির ০৮ টি সভা অনুষ্ঠিত হয় গ) আলোচ্য বছরে জাম্বুরী সাইট অপারেশন সাব কমিটির ০২ টি সভা অনুষ্ঠিত হয় ঘ) আলোচ্য বছরে প্রশিক্ষণ কেন্দ্র ও নেচার অবজারভেশন উন্নয়ন সংক্রান্ত ০৩ টি সভা অনুষ্ঠিত হয়।

২. জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক বিষয়ক প্রতিবেদনঃ

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাকে (ক) ৪,৬০,৮১৮.৬৭( চার লক্ষ ষাট হাজার আটশত আঠার টাকা সাতষট্রি পয়সা) টাকা ব্যয়ে ৭২৪.৩৯ মিটার পানির লাইন স্থায়ী করণ খ) ২,৩৪,৯১৯.০৬ ( দুই লক্ষ চৌত্রিশ হাজার নয়শত উনিশ টাকা ছয় পয়সা) টাকা ব্যয়ে ফেরোসিমেন্ট ট্রিটমেন্টের মাধ্যমে অডিটরিয়ামের ছাদ মেরামত (গ) ১,৮৯,১২০.০০ (এক লক্ষ উননব্বই হাজার একশত বিশ) টাকা ব্যয়ে ব্যয়ে ২টি গার্ড শেড নির্মাণ করা হয়েছে। তাছাড়াও জাম্বুরী সাইট অপারেশন সাব কমিটির বরাদ্দকৃত অর্থ থেকে ১৭টি গোসলের প্লাটফরম স্থায়ী করা হয়েছে। ঘ) ৩০০০ ফুট পানির লাইন স্থায়ী করা হয়েছে। তাছাড়া ভবন, রেল ইঞ্জিন শেডসহ অন্যান্য স্থাপনা নিয়মিত মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ করা হয়েছে।

(খ) বৈদ্যুতিক ও স্যানিটারী সরঞ্জাম সরবরাহঃ

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাকের চাহিদা অনুযায়ী বৈদ্যুতিক মালামাল যেমন বাল্ব, হোল্ডার, টিউব লাইট ইত্যাদি এবং স্যানিটারী কাজের যাবতীয় ফিটিংস জাতীয় সদর দফতরের উন্নয়ন বিভাগ থেকে সরবরাহ নিশ্চিত করা হয় এবং নিয়মিত সংরক্ষণ ও মেরামত করা হয়।

৩. বাড়ী ভাড়া আদায় কার্যক্রমঃ

জাতীয় স্কাউট ভবন ও এনেক্স ভবনের বিভিন্ন ফ্লোরে ৬৪৬৭৮.০০ বর্গফুট এবং ছাদে ৪৫৬৯.৩০ বর্গফুট স্পেসে মোট ১৪ টি ভাড়াটিয়া প্রতিষ্ঠান অবস্থান করছেন। ২০১৩-২০১৪ অর্থ বছরে এপ্রিল ২০১৪ পর্যন্ত বাড়ী ভাড়া বাবদ ২,৯১,৭৫,৭৫৯.০০ (দুই কোটি একানব্বই লক্ষ পঁচাত্তর হাজার সাতশত উনষাট ) টাকা আয় হয়েছে।

৪. জাতীয় সদর দফতরের সংরক্ষণ ও মেরামত কাজঃ

ক) ২,৮৫,০০০.০০ টাকা ব্যয়ে সভাপতি মহোদয়ের অফিস কক্ষে একটি ওয়াস রুম নির্মাণ করা হয়।

খ) জাতীয় স্কাউট ভবনের নিয়মিত সংরক্ষণ ও মেরামত কাজ যেমন- জেনারেটরের ডিজেল, বৈদ্যুতিক মালামাল, স্যানিটারি মালামাল, পিএবিএক্স সার্ভিসিংসহ আনুসাঙ্গিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হয়েছে।

অন্যান্য কাজ

ক) Robert Hall Foundation (UK) এর অনুদানে Construction of Two storied Building with four storied Foundation for Provati Mukto Scout Institute at Azizullah village, Rangpur এর কাজ সম্পন্ন হয়েছে।

৫. লিফট সংরক্ষণ ও মেরামতঃ

(ক) জাতীয় স্কাউট ভবনে ২টি লিফট নিয়মিত সার্ভিসিং ও রক্ষনাবেক্ষনের কাজ সুষ্ঠুভাবে করা হচ্ছে।

৬। স্কাউট শতাব্দী ভবন

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের পূর্ব পাশের খালী জায়গায় স্কাউট শতাব্দী ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর ৫০০০ বর্গফুট ফ্লোর এরিয়া বিশিষ্ট ২০ তলা বানিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর প্রাথমিক নকশা তৈরী করে যা বাংলাদেশ স্কাউটস কর্তৃক অনুমোদিত হয়। প্রাথমিক নকশার উপর ভিত্তি করে বিস্তারিত নকশা তৈরীর জন্য স্থাপত্য অধিদপ্তর থেকে ভূমি ব্যবহার সংক্রান্ত রাজউকের ছাড়পত্র চাওয়া হয়। ভূমি ব্যবহার সংক্রান্ত রাজউক এর ছাড়পত্রে দেখা যায় যে, মেইন রাস্তা থেকে ২৪ মিটার পর্যন্ত আবাসিক কাম বানিজ্যিক ভবন এবং ২৪ মিটারের পরবর্তী জায়গায় আবাসিক ভবন নির্মাণ করা যায়। বিষয়টি নিয়ে স্কাউট শতাব্দী ভবন নির্মাণ বিষয়ক উপদেষ্টা কমিটির সভায় আলোচনা হয় এবং সিদ্ধান্ত হয় যে, মেইন রাস্তা থেকে ২৪ মিটার পর্যন্ত অর্থ্যাৎ বিদ্যমান স্কাউট ভবনের সম্মুখে ২০ তলা বানিজ্যিক ভবন এবং জাতীয় সদর দফতরের পূর্ব পাশে খালী জায়গায় স্যুইট টাইপ ভবন নির্মাণ করা হবে। স্থাপত্য অধিদপ্তর সে মোতাবেক বিদ্যমান স্কাউট ভবনের সম্মূখে ৫০০০ বর্গফুট ফ্লোর এরিয়া বিশিষ্ট ২০ তলা বানিজ্যিক ভবন এবং পূর্ব পাশের খালী জায়গায় ৩৩১৯ বর্গফুট ফ্লোর এরিয়া বিশিষ্ট একটি স্যুইট নির্মাণের প্রাথমিক নকশা তৈরী করে যা বাংলাদেশ স্কাউটস কর্তৃপক্ষ অনুমোদন করেছে। স্থাপত্য অধিদপ্তর বর্তমানে বিস্তারিত নকশা প্রস্তুতের কাজ করছে।

৭. গাড়ী পার্কিং প্রকল্প ঃ

বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতরের আয় বৃদ্ধি এবং পার্কিং এলাকার সৌন্দর্য্য ও শৃংখলা বৃদ্ধির লক্ষ্যে ২৬ সেপ্টেম্বর ,২০০৫ তারিখ থেকে জাতীয় স্কাউট ভবনের পূর্ব পার্শ্বের খালি জায়গায় গাড়ি পার্কিং প্রকল্প চালু করা হয়।

২০১৩-২০১৪ অর্থ বছরে গাড়ি পার্কিং প্রকল্প থেকে আয় ও ব্যয়ের বিবরণ নিম্নে উল্লেখ করা হলঃ

| আয়ের বিবরণ | টাকার পরিমান | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১. দৈনিক পার্কিং ফি ও মাসিক স্টিকার থেকে আয় এপ্রিল ২০১৪ পর্যন্ত | ১,৪৪,৯৬০.০০ | ১.টোল কালেকটরের বেতন পরিশোধ | ৮৯,৭৪০.০০ |

| | | | |
|---|---|---|---|
| | - | - | - |
| মোট আয়= | ১,৪৪,৯৬০.০০ | মোট ব্যয় = | ৮৯,৭৪০.০০ |

নিট আয় = ৫৫,২২০.০০ ( পঞ্চান্ন হাজার দুইশত বিশ) টাকা

উল্লেখিত খালি জায়গাটিতে গাড়ি পার্কিং এরিয়া তৈরী করার কারণে নিম্নলিখিত সুবিধাগুলি রয়েছেঃ

১. অব্যবহৃত খালি জায়গা থেকে বাংলাদেশ স্কাউটসের আয়ের উৎস বৃদ্ধি পেয়েছে।
২. যত্রতত্র গাড়ি পার্কিং ও মেরামত বন্ধ হয়েছে ফলে এলাকার পরিবেশ সুন্দর হয়েছে।
৩. স্থানটি এলাকার ছেলেদের আড্ডামুক্ত হয়েছে এবং নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে।

## ১৬.০ স্কাউট পাঠাগার

বাংলাদেশ স্কাউটস এর এনেক্স ভবনের ৩য় তলায় স্কাউট পাঠাগার অবস্থিত। পাঠাগারে গল্প, উপন্যাস, কবিতা, জীবনীগ্রন্থ, স্কাউটিং বিষয়ক পুস্তিকা ও পত্রিকা আছে। পাঠাগারে শিশুদের জন্য বিভিন্ন রকম শিক্ষামূলক বই আছে। এছাড়া বর্তমানে চাহিদা অনুযায়ী কম্পিউটার বিষয়ক বই বিদ্যমান। বর্তমানে পাঠাগারটি বই পড়ার উপযোগী। পাঠাগারটি প্রতি কার্য দিবসে বিকাল ৩ টা থেকে ৬ টা পর্যন্ত সকলের জন্য খোলা থাকে। বাংলাদেশ স্কাউটস এর নির্বাহী পরিচালক এর বরাবরে আবেদন করে পাঠাগারের সদস্য হওয়া যায়। সদস্য হওয়ার পর সর্বোচ্চ দুটি বই দশ দিনের জন্য ইস্যু করে নেয়া যায়। এক্ষেত্রে কেবলমাত্র অফিস অনুমোদিত বইগুলোই নেয়া যায়। ২০১৩-১৪ অর্থ বছরের বাজেট থেকে বইপড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। বই পড়া প্রতিযোগিতার প্রথম পর্যায়ের পুরস্কার বিতরণী অনুষ্ঠান করা হয় ও দ্বিতীয় পর্যায়ের বইপড়া প্রতিযোগিতার জন্য বই বিতরণ করা হয় যা জুন মাসে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে একটি টাস্কর্ফোস গঠন করা হয়। বর্তমানে পাঠাগারে ৫৫৮০ টি বই রয়েছে।

## ১৭. আর্টর্স এণ্ড ডিজাইন বিভাগ

বাংলাদেশ স্কাউটস এর আর্টর্স এণ্ড ডিজাইন বিভাগ থেকে বাংলাদেশ স্কাউটস এর যাবতীয় ডিজাইন, প্রচ্ছদ, অলংকরণ সম্পন্ন করা হয়।

নুরুলিশলাম শামস্ এর মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয় ২৮ এপ্রিল ২০১৪ । এছাড়া জাতীয় সদর দফতরে ঈদ পূনর্মিলনীসহ বিভিন্ন অনুষ্ঠান সজ্জিত করণের কাজটি আর্টর্স এণ্ড ডিজাইন বিভাগ থেকে সম্পন্ন করা হয়েছে। বিটিভিতে সম্প্রচারিত স্কাউটিং বিষয়ক অনুষ্ঠান 'অগ্রদূত'-এ চিত্রাংকন শেখানোর জন্য ক্লাস নেওয়া হয়।

## ১৮.০ স্পেশাল ইভেন্টস বিভাগ ঃ

### ১৮.১ ৮ম এপিআর এয়ার ইন্টারনেট জাম্বুরী ঃ

এশিয়া প্যাসিফিক রিজিওন প্রতি বছর একযোগে জাম্বুরী অন দ্যা এয়ার (জোটা) ও জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (জোটি) আয়োজন করে থাকে। তারই ধারাবাহিকতায় প্রতি বছর আগস্ট মাসের প্রথম শনি-রবিবার এশিয়া প্যাসিফিক রিজিওনের পরিচালনায় এশিয়া প্যাসিফিক রিজিরনাল এয়ার ইন্টানেট জাম্বুরী আয়োজন করা হয়। বাংলাদেশ স্কাউটস, ঢাকা ও রোভার অঞ্চলের ব্যবস্থাপনায় ও পরিচালনায় ৩-৪ আগস্ট ২০১৩ পর্যন্ত বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে নবম এপিআর এয়ার/ইন্টারনেট জাম্বুরী অনুষ্ঠিত হয়। এয়ার/ইন্টারনেট জাম্বুরীতে বাংলাদেশ জাতীয় সদর দফতরে ১৫০০জন স্কাউট ও রোভার স্কাউট অংশগ্রহণ করে। এছাড়া প্রতিটি অঞ্চল তাদের নিজস্ব ব্যবস্থাপনায় এয়ার ইন্টারনেট জাম্বুরী আয়োজন করে। জাতীয় সদর দফতরে রেডিও স্টেশন স্থাপন করে স্কাউটদের রেডিওতে কথা বলার সুযোগ প্রদান করা হয়। এছাড়া প্রতিটি জেলা স্কাউটস ইন্টারনেটের

মাধ্যমে স্ব স্ব জেলার স্কাউটদের এয়ার ইন্টারনেট জাম্বুরীতে অংশগ্রহণের সুযোগ করে দেয়। সমগ্র দেশের ৩০,০০০জন স্কাউট ও রোভার স্কাউট উক্ত জাম্বুরীতে অংশগ্রহণ করে।

### ১৮.২ ৫৫তম জোটা, ১৬তম জোটি ও ৪র্থ জটস ঃ

বিশ্ব স্কাউট সংস্থা প্রতি বৎসর অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহের শনি ও রবিবার সারা বিশ্বে একযোগে জাম্বুরী অন দ্যা এয়ার (জোটা) ও জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (জোটি) আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগের ব্যবস্থাপনায় গত ১৯-২০ অক্টোবর ২০১২ শনিবার ও রবিবার দেশব্যাপী ৫৬তম জোটা ১৭তম জোটি ও ৫ম জটস অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে বেইজ স্টেশন স্থাপন করা হয়। এবছর ব্যতিক্রমভাবে উক্ত কর্মসূচি আয়োজন করা হয়। পৃথিবীর বিভিন্ন দেশের স্কাউটদের সাথে এমেচার রেডিও এবং ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করে স্কাউটরা অত্যন্ত আনন্দ উপভোগ করে। এবছর দেশের প্রতিটি অঞ্চল/জেলা এবং ইউনিট পর্যায়েও ইন্টারনেট জাম্বুরীর আয়োজন করা হয়। উক্ত জাম্বুরীতে ২০,০০০ স্কাউট ও রোভার স্কাউট অংশগ্রহণ করে।

### ১৮.৪ বিদ্যুৎ ক্যাম্প ঃ

স্কাউট ও রোভার স্কাউটদের বিদ্যুৎ সাশ্রয়ী ও সচেতন করে গড়ে তোলা এবং তাদের মাধ্যমে সমাজের সকল স্তরের মানুষের মধ্যে বিদ্যুৎ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ মন্ত্রণালয়ের সহায়তায় বাংলাদেশ স্কাউটস ১৮-২১ ডিসেম্বর পর্যন্ত একযোগে দেশব্যাপী সকল উপজেলা ও জেলা সদরে বিদ্যুৎ ক্যাম্প আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। ক্যাম্পে প্রায় ৪০,০০০ স্কাউট রোভার স্কাউট ও লিডার অংশগ্রহণ করেছে। বিদ্যুৎ ক্যাম্প উপলক্ষে দেশের প্রতিটি উপজেলায় ২০১১ সনের ন্যায় ক্যাম্প বাস্তবায়ন করা হয়। প্রতিটি ক্যাম্পে বাংলাদেশ স্কাউটস এবং বিদ্যুৎ বিভাগের প্রতিনিধিবৃন্দ সহায়তা প্রদান করেন। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদও দফতর থেকে প্রতিটি বিদ্যুৎ ক্যাম্পের জন্য গাইড, কলম, প্যাড, প্লাস্টিক ফাইল কভার, ব্যানার, পোস্টার সরবরাহ করা হয়।

### ১৮.৫ আর্থ আওয়ার ঃ

এই ধরিত্রীকে রক্ষায় বিশ্বব্যাপী উষ্ণতা রোধে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্বব্যাপী সকল পর্যায়ে "আর্থ আওয়ার ২০১৪" পালন করা হয়। বিশ্বে সকল পর্যায়ের মানুষের মধ্যে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৯ মার্চ ২০১৪ শনিবার রাত ৮.৩০ মিনিট থেকে ৯.৩০ মিনিট পর্যন্ত ১ (এক) ঘন্টা সময়ের জন্য বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার লক্ষ্যে আহবান জানানো হয়। বিশ্ব স্কাউট সংস্থার আহবানে সারা বিশ্বের স্কাউটরা এ দিবসে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে জনসচেতনতা গড়ে তোলা এবং একই সাথে বন্ধু, সহপাঠি, সহকর্মী ও প্রতিবেশীদের উদ্বুদ্ধ করা। ফলে স্কাউটসহ জনগণের মধ্যে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী মনোভাব গড়ে উঠবে।

২৮ মার্চ ২০১৪ শুক্রবার বিকেল ৪-০০টায় বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে আর্থ আওয়ার উপলক্ষে প্রেস কনফারেন্সে অনুষ্ঠিত হয়। জনাব মোঃ আবদুস সালাম খান, কোষাধ্যক্ষ ও সভাপতি স্পেশাল ইভেন্টস বিষয়ক জাতীয় কমিটি, বাংলাদেশ স্কাউটস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে "আর্থ আওয়ার ২০১৪" গুরুত্ব ব্যাখ্যা করে বিভিন্ন পত্রিকা ও টিভি চ্যানেলে প্রচারের মাধ্যমে জনসচেতনতা তৈরীর জন্য অনুরোধ জানান।

**আর্থ আওয়ার ২০১৪ এর উদ্দেশ্য** ঃ ২৯ মার্চ ২০১৪ শনিবার রাত ৮:৩০ মিনিট থেকে ৯:৩০ মিনিট পর্যন্ত বৈদ্যুতিক বাতি বন্ধ/সীমিত রেখে এই ধরিত্রীকে রক্ষায় বিশ্বব্যাপী উষ্ণতা রোধে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে জনসচেতনতা বৃদ্ধি করা ।

**আর্থ আওয়ার ২০১৩ পালনের জন্য সামগ্রী প্রদান ঃ** এনার্জি প্যাকের সৌজন্যে পোষ্টার তৈরী করে দেশের সকল জেলা ও উপজেলায় প্রেরণ করা হয়। ২৯ মার্চ ২০১৪ শনিবার সকাল ১০ টা থেকে ১১ টার মধ্যে জেলা পর্যায়ে

জেলা প্রশাসকগণের এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্বে প্রায় সকল জেলা ও উপজেলায় স্কাউট, রোভার স্কাউটদের নিয়ে র‌্যালী বের করে রাত ৮:৩০ মিনিট থেকে ৯:৩০ মিনিট পর্যন্ত বৈদ্যুতিক বাতি বন্ধ/সীমিত রেখে এই ধরিত্রীকে রক্ষায় বিশ্বব্যাপী উষ্ণতা রোধে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে জনসচেতনতা বৃদ্ধি করা উদ্যোগ গ্রহণ করা হয়।

এছাড়া সকল পর্যায়ের কর্মকর্তা, স্কাউট ও রোভারদের নিকট ই-মেলের মাধ্যমে পোষ্টার প্রেরণ করা হয়। দেশের সকল মন্ত্রি, সচিব, বিভিন্ন প্রতিষ্ঠান, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্য, সকল জাতীয় উপ-কমিশনার, সকল প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, সকল জেলা প্রশাসক, সকল উপজেলা নির্বাহী অফিসার, সকল জেলা সম্পাদক/জেলা কমিশনার, সকল উপজেলা সম্পাদক/ উপজেলা কমিশনার এবং জেলা ও উপজেলা পর্যায়ে বিদ্যুৎ বিভাগের কর্মকর্তার নিকট এস এম এস এর মাধ্যমে শনিবার রাত ৮.৩০ মিনিট থেকে ৯.৩০ মিনিট পর্যন্ত বৈদ্যুতিক বাতি বন্ধ/সীমিত রাখার আহবান জানানো হয়েছে।

বাংলাদেশের বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া আর্থ আওয়ার ২০১৪ বাস্তবায়নের বিষয়টি প্রচার করে বিশেষত ২৯ মার্চ ২০১৪ বিভিন্ন টিভি চ্যানেলে স্ক্রল এর মাধ্যমে উল্লিখিত সময়ে বিদ্যুৎ ব্যবহার বন্ধ/সিমিত রাখার আহবান জানানো হয়। দেশ ব্যপি আর্থ আওয়ার পালনে ব্যাপক সাড়া পাওয়া যায়।

### ১৮.৫ রিভিউ ওয়ার্কশপ ঃ

গত ০৯ মে ২০১৪ তারিখে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদা দফতর শামস হলে স্পেশাল ইভেন্টস বিবাগের রিভিউ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে মোট ৫০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব আবদুস সালাম খান, কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস এবং সবাপতিত্ব করেন জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, জাতীয় উপ-কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস।

## ১৯.০ গার্ল ইন স্কাউটিং বিভাগ

**মহিলা এল টি এ এলটিগণের সাথে মতবিনিময় সভা ঃ** বাংলাদেশ স্কাউটস এর জতীয় সদর দফতরের শামস হলে ২৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে গার্ল ইন স্কাউটিং উন্নয়নের লক্ষ্যে মহিলা এল টি এবং এ এলটিগণের সাথে মতবিনিময় **সভা** অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় মোট ১৮জন অংশগ্রহণ করেন। ভারপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা এলটি মতবিনিময় সভার পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। জাতীয় উপ কমিশনার (গার্ল ইন স্কাউটিং) জনাব মাশুরা হোসেন এবং গার্ল ইন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

**গ্রুপ সভাপতিগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর শামস হলে ৭ মার্চ ২০১৪ তারিখে দিনব্যাপী গ্রুপ সভাপতিগণের সাথে গার্ল ইন স্কাউটিং উন্নয়ন বিষয়ক মতবিনিময় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (সংগঠন) জনাব মোঃ শাহ কামাল প্রধান স্কাউট ব্যক্তিত হিসেবে উপস্থিত ছিলেন। সভায় ৩২ জন গ্রুপ সভাপতি মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। জনাব শবনম সুলতানা এলটি মতবিনিময় সভার পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

**ইউনিট লিডার ওয়ার্কশপ অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর শামস হলে ৮ মে ২০১৪ তারিখে দিনব্যাপী ইউনিট লিডারগণের সাথে গার্ল ইন স্কাউটিং উন্নয়ন বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ভাপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা ওয়ার্কশপ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৪২ জন ইউনিট লিডার ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। গার্ল ইন স্কাউটিং বিষয় জাতীয় কমিটির সভাপতি জনাব সুরাইয়া বেগম এনডিসি প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত থেকে ওয়ার্কশপের উদ্বোধন ঘোষনা করেন। জাতীয় কমিটির সদস্যবৃন্দ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।ওয়ার্কশপে নিম্নলিখিত সুপারিশমালা অংশগ্রহণকারীগণ উপস্থাপন করেন ঃ

১। প্রতিষ্ঠানে ইউনিট লিডারকে কাজ করার জন্য সুযোগ করে দেওয়া এবং বিদ্যালয়ে স্কাউট কার্যক্রম রুটিন এর অন্তর্ভূক্ত করা;

২। বাংলাদেশের সকল স্কাউট গ্রুপ থেকে যারা স্কাউটিং কার্যক্রমে ভালো ভূমিকা পালন করছে ঐ সকল স্কাউট প্রতিষ্ঠানকে অ্যাওয়ার্ড এর ব্যবস্থা করা;

৩। যে কোন ট্রেনিং অন্তত ১০ দিন পূর্বে অবহিত করা। ইউনিট লিডারের সম্মানী ভাতা পাওয়ার ব্যাপারে প্রতিষ্ঠানকে অবহিত করা;

৪। বাংলাদেশের সর্বাত্মক প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্কাউটিং আন্দোলনের কার্যক্রম বাধ্যতামূলক করা;

৫। প্রধান শিক্ষক বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে স্কাউট ফান্ড আলাদা একাউন্ট করে রাখার নির্দেশনা প্রদান করা;

৬। সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের ক্ষেত্রে অভিভাবকদের স্কাউট সম্পর্কে সচেতন করে তুলতে হবে।

**স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর শামস হলে ১৫মে ২০১৪ তারিখে সকাল ৯.০০-বিকাল ৪.০০টা পর্যন্ত স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর ভারপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা এলটি কোর্স লিডারের দায়িত্ব পালন করেন। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৫৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। গার্ল ইন স্কাউটিং বিষয় জাতীয় কমিটির সভাপতি জনাব সুরাইয়া বেগম এনডিসি প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন।

**গার্ল ইন স্কাউটিং এর ২০ বছর পূর্তি ঃ** বাংলাদেশ স্কাউটস এ গার্ল ইন স্কাউটিং কার্যক্রমের ২০ বছর পূর্তি উৎসব ২৪ মার্চ ২০১৪ তারিখে উদযাপিত হয়েছে। গার্ল ইন স্কাউটিং কার্যক্রমের ২০ বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সহায়তায় সরকারী তিতুমীর কলেজ, মহাখালীতে ২২ মার্চ ২০১৪ তারিখে গণসচেতনতামূলক র‌্যালী, আলোচনা সভা ও রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়। গার্ল ইন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি বিভাগের সচিব জনাব সুরাইয়া বেগম এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। সরকারী তিুমীর কলেজ  এর অধ্যক্ষ ড. দিলারা হাফিজ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। ২৪ মার্চ ২০১৪ তারিখে মহানগর মহিলা কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকায় আলোচনা সভা ও রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়। গার্ল ইন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের আউএমইডি বিভাগের সচিব জনাব সুরাইয়া বেগম এনডিসি প্রধান অতিথি এবং জাতীয় কমিশনার (প্রশিক্ষন) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান বিশেষ স্কাউট ব্যাক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ স্কাউটস এর ভাপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা, জাতীয় উপ কমিশনার (গার্ল ইন স্কাউটিং) জনাব মাশুরা হেসেন ও গার্ল ইন স্কাউটিং বিষয় জাতীয় কমিটির সদস্যবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভার সার্বিক সহায়তা প্রদান করেন। কোয়ান্টাম ফাউন্ডেশন রক্তদান কর্মসূচিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

**গার্ল ইন স্কাউটিং এর ২০ বছর পূর্তি উৎসব উদযাপন** ঃ ৯ম বাংলাদেশ জাতীয় ও ১ম সানসো জাম্বুরী ২০১৪ এর উদ্বোধনী দিবসে ৫ এপ্রিল ২০১৪ বিকাল ৪.০০ টায় গার্ল ইন স্কাউটিং কার্যক্রমের ২০ বছর পূর্তি উৎসব উপলক্ষ্যে জাতীয় স্কাউট প্রশিক্ষন কেন্দ্র, মৌচাক, গাজীপুরে জাম্বুরীর মেইন এরিনায় আলোচনা সভা ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জাতীয়সংসদ এর মাননীয় সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্মৃতি চারণ করেন প্রোগ্রাম বিষয়ক জাতীয় কমিটির সভাপতি জনাব মোঃ শাহ আলম, ভাপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা, জাতীয় উপ কমিশনার (গার্ল ইন স্কাউটিং) জনাব মাশুরা হেসেন। বিশেষ স্কাউট ব্যাক্তিত্ব হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস এর আন্তর্জাতিক কমিশণার  জনাব মোঃ মোজাম্মেল হক খান। বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয়

কমিশনার ও জাম্বুরী চীফ জনাব মোঃ আবুল কালাম আজাদ এবং বাংলাদেশ স্কাউটস এর সভাপতি জনাব মোঃ হাবিবুল আলম বীর প্রতীক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

**গার্ল ইন স্কাউটিং বুলেটিন প্রকাশ ঃ** বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগ থেকে ২০১৩-১৪ সালে ৪ সংখ্যা "গার্ল ইন স্কাউটিং" বুলেটিন প্রকাশিত হয়েছে। গার্ল ইন স্কাউটিং এর ২০ বছর পুর্তি উপলক্ষ্যে মার্চ'১৪ সংখ্যাটি বর্ধিত কলেবরে প্রকাশিত হয়েছে। উক্ত বুলেটিনে গার্ল ইন স্কাউটিংসহ স্কাউটিং সংক্রান্ত বিভিন্ন সচিত্র খবরাখবর প্রকাশিত হয়েছে। ভাপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা গার্ল ইন স্কাউটিং বুলেটিন এর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

**উপদল নেতা কোর্স অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগের তত্ত্বাবধানে ও হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্পের অর্থায়নে বরিশাল, খুলনা ,কুমিল্লা সিলেট, রেলওয়ে ও নৌ অঞ্চলে মোট ৬টি উপদল নেতা কোর্স বাস্তবায়ন করা হয়েছে।

**মেট কোর্স অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগের তত্ত্বাবধানে ও রোভার অঞ্চলের সহায়তায় কুড়িগ্রাম ও টাংগাইল জেলায় গার্ল ইন রোভারদের মোট ২টি মেট কোর্স বাস্তবায়ন করা হয়েছে।

**ব্যাজ কোর্স অনুষ্ঠিত ঃ** বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগের তত্ত্বাবধানে ও হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্পের অর্থায়নে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, দিনাজপুর, বরিশাল, সিলেট ও রোভার অঞ্চলে মোট ৮টি পারদর্শিতা ব্যাজ কোর্স বাস্তবায়ন করা হয়েছে।

**গার্ল ইন স্কাউটদের শিক্ষা সফর ঃ** বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগের তত্ত্বাবধানে অঞ্চল পর্যায়ে গার্ল ইন স্কাউটদের শিক্ষা সফর বাস্তবায়ন করা হয়। বাংলাদেশ স্কাউটস চট্টগ্রাম অঞ্চল, বাংলাদেশ স্কাউটস খুলনা অঞ্চল, বাংলাদেশ স্কাউটস কুমিল্লা অঞ্চল ও বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলে শিক্ষা সফর বাস্তবায়নের সহযোগিতা করা হয়।

**পরিদর্শন** ঃ বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চলের পরিচালনায় ২১-২৫ ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত মধুপুর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৪১৭তম কাব লিডার বেসিক কোর্স অনুষ্ঠিত হয়। ভাপ্রাপ্ত জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) প্রফেসর শবনম সুলতানা ২৫ ফেব্রুয়ারি ২০১৪ মহাতাঁবু জলসা অসুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জাতীয় উপ কমিশনার (গার্ল ইন স্কাউটিং) জনাব মাশুরা হেসেন ও গার্ল ইন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সদস্য জনাব সুলতানা রাজিয়া তাঁর সফর সংগী হয়ে কোর্স পরিদর্শন করেন।

**এলটি/এ এলটি নিয়োগ** ঃ আলোচ্যবর্ষে ২জন মহিলা স্কাউটার লিডার ট্রেনার এবং ২ জন মহিলা স্কাউটার সহকারী লিডার ট্রেনার এর সম্মানীয় দায়িত্ব লাভ করেছেন।

**উড ব্যাজ অর্জন** ঃ আলোচ্যবর্ষে ৯ জন মহিলা ইউনিট লিডার কাব শাখায় , ৫ জন মহিলা ইউনিট লিডার স্কাউট শাখায় এবং রোভার স্কাউট শাখায় ১ জন মহিলা ইউনিট লিডারসহ মোট ১৫ জন মহিলা স্কাউটার উড ব্যাজ অর্জন করেছেন।

**কৃতজ্ঞতা ও ধন্যবাদ ঃ** বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং কার্যক্রমে সহায়তা করার জন্য বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার, জাতীয় কমিশনারবৃন্দ, জাতীয় উপ কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালক, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভবৃন্দ, এইচ আরডিএস প্রকল্প এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে গার্ল ইন স্কাউটিং বিভা গের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

## ২০.০ এডাল্ট রিসোর্সেস বিভাগ ঃ

**জাতীয় বয়স্ক নেতা সম্পদ নীতি বাস্তবায়ন কৌশল নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ ঃ** ৭ সেপ্টেম্বর ২০১৩ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে দিনব্যাপী জাতীয় বয়স্ক নেতা সম্পদ নীতি বাস্তবায়ন কৌশল নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এডাল্ট রিসোর্সেস বিভাগের জাতীয় কমিশনার প্রফেসর ডাঃ মোঃ সৈয়দুল

ইসলাম মল্লিক ওয়ার্কশপ পরিচালকের দায়িত্ব পালন করেন। ওয়ার্কশপে ৪৭জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন এবং ৮ জন ওয়ার্কশপ স্টাফ ওয়ার্কশপ পরিচালনায় সহযোগিতা করেন।

**এডাল্ট লিডারদের ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি বিষয়ক ওয়ার্কশপ ঃ** ১৫ মার্চ ২০১৪ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে দিনব্যাপী এডাল্ট লিডারদের ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার উদ্বোধনী অনুষ্ঠানে এবং আন্তর্জাতিক কমিশনার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ওয়ার্কশপে ৪১জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন এবং ৭জন ওয়ার্কশপ স্টাফ ওয়ার্কশপ পরিচালনায় সহযোগিতা করেন।

**কোড অব কনডাক্ট এর খসড়া তেরী ঃ** এডাল্ট রিসোর্সেস বিভাগের উদ্যোগে এডাল্ট লিডারদের জন্য কোড অব কনডাক্ট এর খসড়া তৈরী করা হয়েছে। আগস্ট ২০১৪ মাসে জাতীয় পর্য়ায়ে একটি ওয়ার্কশপ আয়োজন করে এই খসড়া চূড়ান্ত করা হবে।

**এডাল্ট লিডারদের ডাটাবেজ ফরম এর খসড়া তেরী ঃ** এডাল্ট রিসোর্সেস বিভাগের উদ্যোগে এডাল্ট লিডারদের জন্য ডাটাবেজ ফরম এর খসড়া তেরী করা হয়েছে। জুলাই ২০১৪ মাসে একটি ওয়ার্কশপ আয়োজন করে এই খসড়া চূড়ান্ত করা হবে।

**কম্পিউটার প্রশিক্ষণ কোর্স আয়োজন ঃ** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক আয়োজিত পিজিডি ইন আইসিটি কোর্সে ২ জন, গ্রাফিক্স ডিজাইন কোর্সে ৩ জন, নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন কোর্সে ১ জন ও বেসিক এপ্লিকেশন কোর্সে ৫ জন প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ প্রশিক্ষণ গ্রহণ করছেন।

**এপিআর এডাল্ট সাপোর্ট ওয়ার্কশপে অংশগ্রহণঃ** ২৪-২৭ জুন ২০১৪ কম্বোডিয়ায় অনুষ্ঠেয় এপিআর এডাল্টসাপোর্ট ওয়ার্কশপে বাংলাদেশ স্কাউটস থেকে চারজন অংশগ্রহণ করেছেন।

## ২১.০ গবেষণা ও মূল্যায়ন বিভাগ

বাংলাদেশ স্কাউটস এর গবেষণা ও মূল্যায়ন বিভাগ তার কার্যক্রমে গতিশীলতা আনতে সাংগঠনিক বিভিন্ন পর্যায়ে সময়োপয়োগী কার্যক্রম গ্রহণে বর্তমানে যথেষ্ট তৎপর । গবেষণা ও মূল্যায়ন বিভাগের ২০১৩-২০১৪ সনের ২৯ জুন, ২০১৪ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে পর্যায়ক্রমে তুলে ধরা হলো।

### ক) প্রথম জাতীয় গবেষণা ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স ঃ

গত ০৪ - ০৮ অক্টোবর, ২০১৩ তারিখ পর্যন্ত ০১ টি জাতীয় গবেষণা ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয় । উক্ত কোর্সে ২৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন । কোর্সটি জাতীয় সদর দফতরের শামস হলে অনুষ্ঠিত হয় । কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মুঃ তৌহিদুল ইসলাম, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস । কোর্সে বিশেষজ্ঞ হিসেবে সহায়তা করেন ড. মোঃ নূরুজ্জামান, পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা । কোর্সে মোট বিশেষজ্ঞ ০২ জন ও ০৫ জন কোর্স স্টাফসহ মোট সংখ্যা ৩৪জন অংশগ্রহণ করেন।

### খ) আঞ্চলিক গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ ঃ

১। গত ২৭-২৮ মার্চ, ২০১৪ তারিখে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লালমাই, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চলে আঞ্চলিক গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে অঞ্চল ও জেলা পর্যায়ের স্কাউট কর্মকর্তাসহ মোট ৩৪ জন অংশগ্রহণ করেন ।

২। গত ২৭-২৮ মার্চ, ২০১৪ তারিখে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, বাংলাদেশ স্কাউটস, খুলনা অঞ্চলে আঞ্চলিক গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয় । ওয়ার্কশপে অঞ্চল ও জেলা পর্যায়ের ৫৯ জন স্কাউট কর্মকর্তা অংশগ্রহণ করেন ।

## গ) জাম্বুরী মূল্যায়ন ঃ

১। নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী ২০১৪ এর দেশী মোট ৪০১ টি ইউনিটে ৩,২০৮ জন স্কাউট লিডার, ৩৮৬ জন ইউনিট লিডার ও ২১১ জাম্বুরী কর্মকর্তা এবং বিদেশী ০২টি ইউনিটে ১৩ জন বিদেশী স্কাউট এর মতামত মূল্যায়ন করা হয় ।

## ঘ) অঞ্চল কর্তৃক জেলা স্কাউটস কার্যক্রম মূল্যায়ন ঃ

০৮টি প্রশাসনিক অঞ্চলে ৫১ (একান্ন) টি জেলা স্কাউটস এর কার্যক্রম মূল্যায়ন মে, ২০১৪ মাসে শুরু হয়েছে । বরিশাল অঞ্চলের ০৫টি জেলা স্কাউটস মূল্যায়ন রিপোর্ট ও মূল ভাউচার পাওয়া গিয়েছে । অবশিষ্ট ০৭টি অঞ্চলের ৪৬টি জেলা স্কাউটসের মূল্যায়ন রিপোর্ট ও ভাউচার এখনো পাওয়া যায় নাই। মূল্যায়ন কার্যক্রম পরিচালনায় পরিদর্শনে সহায়ক হিসেবে প্রতিটি জেলার জন্য ১,০০০.০০ (এক হাজার) টাকা হিসেবে ৫১টি জেলা স্কাউটসের জন্য ৫১,০০০.০০(একন্ন হাজার ) টাকা বাংলাদেশ স্কাউটস হতে প্রদান করা হয়েছে ।

## ঙ) স্ট্যাটিসটিক্যাল সার্ভে ঃ

১। বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চলের আওতাধীন দিনাজপুর জেলার অন্তর্গত বাংলাদেশ স্কাউটস, ঘোড়াঘাট উপজেলা এর সকল কাব স্কাউট ও স্কাউট ইউনিট পরিদর্শন কার্যক্রম ২৬ জুন, ২০১৪ তারিখে সম্পন্ন হয়েছে।

২। বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন রাজবাড়ী জেলার অন্তর্গত বাংলাদেশ স্কাউটস,বালিয়াকান্দি উপজেলা এর সকল কাব স্কাউট ও স্কাউট ইউনিট পরিদর্শন কার্যক্রম মে, ২০১৪ মাসে শুরু করা হয়েছে ।

## চ) জাতীয় গবেষণা ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স ঃ

গত ০৫ - ০৮ জুন, ২০১৪ তারিখ পর্যন্ত ০১ টি জাতীয় গবেষণা ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র , মৌচাক,গাজীপুরে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্প এর আর্থিক সহায়তায় অনুষ্ঠিত হয় । উক্ত কোর্সে ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন । কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন ড. মোঃ নূরুজ্জামান , পরিচালক ( প্রশিক্ষণ ) , জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী , নীলক্ষেত , ঢাকা । কোর্সে বিশেষজ্ঞ ০২ জনসহ মোট ১০ জন কোর্স স্টাফ হিসেবে দায়িত্ব পালন করেন। কোর্স আয়োজনে ০২ জন স্বেচ্ছাসেবক রোভার স্কাউট সার্বিক সহায়তা করে।

## ছ) জাতীয় গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ ঃ

গত ০৪-০৫ জুন, ২০১৪ তারিখ পর্যন্ত হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্প এর আর্থিক সহায়তায় জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে জাতীয় গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে জাতীয় , প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণ , অঞ্চল ও জেলা পর্যায়ের স্কাউট কর্মকর্তাসহ মোট ৪৬ জন স্থলে ২৮ জন উপস্থিত থেকে ওয়ার্কশপে অংশগ্রহণ করেন । ওয়ার্কশপ উপদেষ্টা ০৩, স্টাফ ১০ জন , সাপোর্ট স্টাফ ০৭জন, অংশগ্রহণকারীসহ ৬৭ জন এর স্থলে ৪৬ জন ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।

জ ) **জাম্বুরী মূল্যায়ন ফরম প্রস্তুত ঃ**

গত নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী,২০১৪ এর জন্য ৮৫০টি ইউনিটের স্কাউট, ইউনিট লিডার ও ইউনিটের তথ্য এবং জাম্বুরী কর্মর্তা ৬৫০ জনের ও বিদেশী ইউনিটের জন্য জাম্বুরী মূল্যায়ন ফরম প্রস্তুত ও অনুমোদনক্রমে তা ছাপানো হয় ।

ঝ) **জাম্বুরী মূল্যায়ন প্রস্তাবনা কমিটি ঃ**

গত ২৫ ফেব্রুয়ারি,২০১৪ তারিখে গবেষণা ও মূল্যায়ন বিষয়ক জাতীয় কমিটির নবম সভায় জাম্বুরী মূল্যায়ন প্রস্তাবনা কমিটি গঠন করা হয় । জাম্বুরী মূল্যায়ন প্রস্তাবনা কমিটির একটি সভা গত ১৩এপ্রিল,২০১৪ তারিখে কমিটির আহবায়ক ও জাতীয় কমিশনার ( প্রশিক্ষণ ) জনাব মোহামআমদ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয় ।

ঞ) **অঞ্চল , জেলা , উপজেলা স্কাউটস ও ইউনিট তথ্য যাচাই ঃ**

গবেষণা ও মূল্যায়ন বিষয়ক টাস্কফোর্সের সদস্যগণ এর মাধ্যমে জুন, ২০১৪ মাসে ১৩টি জেলা , ০৫টি উপজেলা ১৩টি ইউনিট এর কার্যক্রম মূল্যায়ন করা হয় ।

ট) **সরঞ্জামাদি ক্রয় ঃ**

গবেষণা ও মূল্যায়ন বিভাগের ফাইল পত্রাদি সংরক্ষণের জন্য ০১(এক)টি ফাইল কেবিনেট ক্রয় করা হয় ।

## ২২.০ ফাউন্ডেশন বিভাগ

বাংলাদেশ স্কাউটস এর অন্যান্য বিভাগের ন্যায় বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন একটি গুরুত্বপূর্ন বিভাগ। স্কাউট দরদী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর সদস্য করে ফাউন্ডেশন তহবিল সমৃদ্ধ করাই ফাউন্ডেশন বিভাগের মূল লক্ষ। স্কাউট এর সংখ্যাগত বৃদ্ধি ও গুনগত মানোন্নয়নে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন অর্থ প্রদান করে থাকে। নিম্নে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন বিভাগের ২০১৩-১৪ সালের বাস্তবায়িত কার্যক্রম তুলে ধরা হলো ঃ

**ফাউন্ডেশন বিষয়ক জাতীয় কমিটির সভা** ঃ বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশনকে গতিশীল করা এবং সংগৃহিত অর্থের যথাযথ ব্যবহার করে তহবিল সমৃদ্ধ করার জন্য ফাউন্ডেশন বিষয়ক জাতীয় কমিটি কাজ করে যাচ্ছে। ২০১৩-১৪ অর্থ বছরে ফাউন্ডেশন বিষয়ক জাতীয় কমিটির মোট ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।

**সদস্যের ধরণ ঃ** বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর নিম্ন বর্ণিত ৭ (সাত) ধরনের সদস্য হওয়ার সুযোগ রয়েছে ঃ

| শ্রেনী | টাকা | মেয়াদ | প্রাপ্য স্বীকৃতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| অ্যালুমিনিয়াম মেম্বার | ১০,০০০.০০ | আজীবন | সার্টিফিকেট | সদস্যগণ বাংলাদেশ স্কাউটস এর সভাপতি অ্যাওয়ার্ড |
| ব্রোঞ্জ মেম্বার | ২০,০০০.০০ | আজীবন | ঐ+ কোটপিন | |
| সিলভার মেম্বার | ৫০,০০০.০০ | আজীবন | + গোল্ডেন নট | |
| গোল্ড মেম্বার | ৭৫,০০০.০০ | আজীবন | + টাই | |

| | | | | |
|---|---|---|---|---|
| প্লাটিনাম মেম্বার | ১,০০,০০০.০০ | আজীবন এবং স্কাউট অংগনে একটি গাছের নামকরণ | + ব্লেজার | প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত। |
| গ্রীণ মেম্বার | ৫,০০,০০০.০০ | আজীবন এবং স্কাউট অংগণে একটি মঞ্চের নামকরন | +স্কাউট উইনিফরম | |
| রেড এন্ড গ্রীণ | ১০,০০,০০০.০০ | আজীবন এবং স্কাউট অংগণে একটি চত্বরের নামকরণ | +স্কাউট উইনিফরম | |

রেড এন্ড গ্রীণ মেম্বার ব্যতীত যে কোন মেম্বার পর্যায়ক্রমে উচ্চতর পদের মেম্বারশীপ গ্রঞণ করতে পারে।

**আঞ্চলিক কনভেনশন ঃ** বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর সদস্য বৃদ্ধির লক্ষে অঞ্চল পর্যায়ে কনভেনশন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস চট্টগ্রাম অঞ্চল, বাংলাদেশ স্কাউটস কুমিল্লা অঞ্চল ও বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলে আঞ্চলিক কনভেনশন বাস্তবায়ন করছে।

**বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন নীতিমালা সংশোধন ঃ** বাংলাদেশ স্কাউটস এর ফাউন্ডেশন বিষয়ক জাতীয় কমিটির ১৩তম সভায় ১৫তম জাতীয় মাল্টিপারপাস ওয়ার্কশপের সুপারিশের প্রেক্ষিতে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন নীতিমালা সংশোধন করার সুপারিশ হয়। সংশোধিত নীতিমালায় এককালিন =৫,০০০.০০ (পাঁচ হাজার মাত্র) টাকা প্রদান করে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর সাধারণ সদস্য পদ গ্রহণ করা যাবে।

জাতীয় কনভেনশন ঃ বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর সদস্য বৃদ্ধির লক্ষে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে ১ মার্চ ২০১৪ তারিখে জাতীয় পর্যায়ে কনভেনশন আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত জাতীয় কনভেনশনে বাংলাদেশ স্কাউটস এর সভাপতি, প্রধান জাতীয় কমিশনার, জাতীয় কমিশনারবৃন্দ, জাতীয় উপ কমিশনারবৃন্দ, ফাউন্ডেশন বিষয়ক জাতীয় কমিটির সদস্যবৃন্দ,স্কাউট দরদী ও সমাজ হিতৌষি ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত কনভেনশনে অংশগ্রহণকারীগণের মধ্য থেকে ৫জন গ্রীণ মেম্বার, ১৩ জন প্লাটিনাম মেম্বার ও ৩ জন অ্যালুমিনিয়াম মেম্বার পদ গ্রহণ করেন।

সদস্য সংখ্যা ঃ বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এ ১৫ জুন ২০১৪ পর্যন্ত মোট ১০৮ জন সদস্য রয়েছেন। নিম্নে সদস্যের ধরণসহ সংখ্যা উল্লেখ করা হলো ঃ

| ক্রম | সদস্যের ধরণ | মোট |
|---|---|---|
| ১. | রেড এন্ড গ্রীণ মেম্বার | ২ জন |
| ২. | গ্রীণ | ৬ জন |
| ৩. | প্লাটিনাম | ২৫ জন |
| ৪. | গোল্ড | ------ |
| ৫. | সিলভার | ২ জন |
| ৬. | ব্রোঞ্জ | ৪ জন |
| ৭. | অ্যালুমিনিয়াম | ৬৯ জন |
| | | মোট=১০৮ জন |

**বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এ বিদেশী সদস্য ঃ** বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এ ৭ জন বিদেশী সদস্য রয়েছেন। পর্যায়ক্রমে বিদেশে বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন এর বিস্তৃতি করার চেষ্টা চলছে।

## ২৩.০ সাধারণ সেবা বিভাগ

বাংলাদেশ স্কাউটস এর আয়ের অন্যতম উৎস হলো জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর। বাংলাদেশ স্কাউটিস এর বিভিন্ন প্রশিক্ষণ, প্রোগ্রাম, সাংগঠনিক ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন ছাড়াও আলোচ্য সময়ে বিভিন্ন প্রতিষ্ঠান/সংগঠন বনভোজন, সেমিনার/সিম্পোজিয়াম, প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি উদ্দেশ্যে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের সুবিধাদি গ্রহন করেছে। অনিবার্য কারণ বশতঃলক্ষ্যমাত্র অর্জিত না হলেও ২০১৩-১৪ অর্থ বছওে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ভাড়া বাবদ প্রায় ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা আয় হয়।এছাড়া জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের ইউটিলিটি বিল বাবদ ১,৩৮,০০০.০০ (এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা এবং বিবিধ বাবদ (লাকড়ি বিক্রয়, পুরাতন মালামাল বিক্রয় ইত্যাদি) ২,৯৬,০০০.০০ (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা আয় হয়েছে। উল্লেখ্য, আলোচ্য বছরে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে জাতীয় অ্যাগোনারী, ঢাকা অঞ্চলের আঞ্চলিক কাব ক্যাম্পুরী ও নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বরীর মত মেগাইভেন্ট অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হল ও ডরমেটরী বিভিন্ন প্রতিষ্ঠানকে ভাড়া প্রদান করা হয়ে থাকে। এছাড়াও, বাংলাদেশ স্কাউটস এর বিভাগ সমূহতাদেও কর্মসূচি বাস্তবায়নের জন্য শামস হল ব্যবহার কওে থাকে। ২০১৩-১৪ অর্থ বছরে শামস হল/ডরমেটরী ভাড়া প্রদান বাবদ ৫২,৮০০.০০ (বায়ান্ন হাজার আট শত) টাকা আয় হয়েছে।

২০১৩-১৪ অর্থ বছে র বাংলাদেশ স্কাউটস এর জাতীয়সদর দফতওে সাধারণ সেবা বিভাগের ব্যবস্থাপনায় দুইটি ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের আয়োজন করা হয়। তাছাড়া, সাধারণ সেবাবিভাগ থেকে বিভিন্ন দিবস উদযাপন/কার্যক্রমে নিয়মিতভাবে স্কাউট ও রোভার স্কাউট প্রেরণ করা হচ্ছে।

## ২৫.০ এস্টেট বিভাগঃ

বাংলাদেশ স্কাউটসের জন্য ভূ-সম্পত্তি অধিগ্রহণ, দীর্ঘমেয়দী ও সল্প মেয়াদী বন্দোবস্ত গ্রহন এবং এতদসংক্রান্ত কার্যক্রম এস্টেট বিভাগ কর্তৃক সম্পন্ন হয় । এস্টেট বিভাগ থেকে ২০১৩-২০১৪ বছরের কার্যক্রম নিম্নরুপঃ

**১। মিউটেশন ও ভূমি উন্নয়ন কর ঃ**

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাকের জমির এল এ কেসের প্রকাশিত গেজেট নোটিফিকেশন এর ভিত্তিতে মিউটেশন করে বাংলা ১৪২০ সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হযেছে এবং বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দপ্তরের জমির সিটি জরিপের ভিত্তিতে ১৪২০ বাংলা সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে।

**২। জমির নকসা ও পর্চা উত্তোলনঃ**

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দপ্তরের জমির নকসা ,পর্চা ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট অফিস থেকে উত্তোলন করে উন্নয়ন বিভাগকে প্রদান করা হয়েছে।

**৩। জমি সংক্রান্ত কাজঃ**

৩.১। বাংলাদেশ স্কাউটস এর ক্যাম্প সাইট ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলাধীন করতোয়া নদীর তীরে বাংলাদেশ চীন মৈত্রী সেতুর পাশে কমবেশী ১৫.৩৭ একর খাস জমি দীর্ঘ

মেয়াদী বন্দোবস্ত এর রেজিস্ট্রি দলিল সংশ্লিষ্ঠ রেজিস্ট্রেশন অফিস থেকে সংগ্রহ করা হয়েছে। উল্লেখিত জমির নামজারীসহ ভুমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে।

৩.২ পটিয়া উপজেলার দৌলতপুর মৌজার ১ নং খাস খতিয়ানভূক্ত ৩.০০ একর জমি বাংলাদেশ স্কাউটস, চট্রগ্রাম অঞ্চলের বরাবরে ১,০০১ টাকা প্রতিকি মূল্যে গত ৩-০৪-২০১৪ তারিখে ভূমি মন্ত্রণালয় থেকে দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদান করা হয়েছে। উক্ত জমির রেজিস্ট্রি দলিলও সম্পাদন করা হয়েছে।

৩.৩। রাজবাড়ী সদর উপজেলার সজ্জনকান্দা মৌজার ৩৩১ নং খতিয়নের ৪৯২ নং দাগের জেলা মাধ্যমিক শিক্ষা অফিস সংলগ্ন **০.০৮ একর** জমিতে স্কাউট ভবন নির্মানের জন্য জেলা প্রশাসক রাজবাড়ী এর মাধ্যমে শিক্ষা সচিব বরাবরে আবেদন করা হয়েছে। অনুমোদনের কার্যক্রম চলমান আছে।

৩.৪। বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলাধীন ১৫০ দোতরা মৌজার ১ নং খাস খতিয়ানভুক্ত ৫.০০ একর জমি বন্দোবস্ত গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।

৩.৫। বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চলের জন্য আন্তর্জাতিক মানের একটি অ্যাডভেঞ্চার ক্যাম্প স্থাপনের লক্ষ্যে চট্রগ্রাম জেলার বোয়ালখালী থানাধীন লট ৬৭ বি জ্যৈষ্টপুরা মৌজার বি এস ৫৫,৫৬,৮৮,৮৯,৯০,৮১৪ দাগের ১১৫.৫১ একর এবং লট ৬৭-এ করলডেংগা মৌজার বি এস ১১ ও ১০৬ দাগের ৭২.৬০ একরসহ সর্বমোট ১৮৮.১১ একর জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদানের জন্য জেলা প্রশাসক, চট্রগ্রাম বরাবরে আবেদন করা হয়েছে। বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

**বিধি বিভাগ ঃ**

বাংলাদেশ স্কাউটসের স্থাবর ও অস্থাবর সম্পত্তি সংক্রান্ত মামলা মোকদ্দমাসমূহ পরিচালনা ,পরামর্শ, মতামত প্রদান এবং এতদসংক্রান্ত কার্যক্রম বিধি বিভাগ কর্তৃক সম্পন্ন হয়। ডঃ মির্জা আলী হায়দার সাবেক জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) সহ ১৮ সদস্য বিশিষ্ট জাতীয় কমিটি বিধি কমিটির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে থাকেন। ২০১৩-২০১৪ বছরে বিধি বিভাগ নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করেছে।

**১। সভাঃ**

২০১৩-২০১৪ বছরে বিধি বিষয়ক জাতীয় কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।

**মামলা মোকদ্দমা ঃ**

২। গাজীপুর জেলা ঃ

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক গাজীপুর এর সি.এস ১০৪৯ দাগের জমি সংক্রান্ত দেওয়ানী মোকদ্দমা ২৭/২০০৭(বদলী নম্বর ৪০১/২০০৯) এবং ১০৬০ দাগের রেকর্ড সংশোধনের জন্য দেঃ মোকদ্দমা নং ৭৯/২০১০ গাজীপুরের বিজ্ঞ যুগ্ম জেলা জজ আদালতে বিচারাধীন আছে। মামলার ধারাবাহিক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। উল্লেখ যে *জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র* এর কৌচাকুড়ি মৌজার সি এস ১০৪৯দাগের বেদখলকৃত জমিতে বিবাদীগণ যাতে স্থায়ী স্থাপনা তৈরী করতে না পারে তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ঠ আদালতে অস্থায়ী নিষেদাজ্ঞার আবেদন করা হয়েছে যার ধারাবাহিক কার্যক্রম অব্যাহত আছে।

৩। ঢাকা জেলা ঃ

ডেসটিনি ২০০০ লিঃ কর্তৃক দায়েরকৃত দেঃ ১০৬৩/২০১১ নং মোকদ্দমাসহ বাংলাদেশ স্কাউটস কর্তৃক দায়েরকৃত উচ্ছেদ সংক্রান্ত দেওয়ানী মোকদ্দমা নং ৪০৯/২০১২ পরিচালনা করা হয়েছে। গত ২০ নভেম্বর ২০১৩ তারিখে ডেসটিনি ২০০০ লিঃ কে জাতীয় স্কাউট ভবন থেকে উচ্ছেদ করা হয়েছে। উচ্ছেদকৃত ভবনে নতুন ভাড়াটিয়া বসানো হয়েছে।

**৪। মহামান্য হাইকোর্ট বিভাগঃ**

বাংলাদেশ স্কাউটস এর বিরুদ্ধে দায়েরকৃত **রীট পিটিশন নং ৭৪৩৩/২০১৩, রীট পিটিশন নং ১০৭২৮/২০১৩, রীট পিটিশন নং ৭৯৭০/২০১৩** এবং জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাকের জমি সংক্রান্ত বিষয়ে সিভিল রিভিশন নং ৪৩৮৮/২০০২, ১৯০১/২০০২ এবং বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দপ্তরের সন্মুখের জমি নিয়ে রিট পিটিশন নং ২০৩/২০০৬ মহামান্য হাইকোর্টে বিচারাধীন আছে। এ সকল মোকদ্দমা দৈনিক কার্যতালিকাভুক্ত করার চেষ্টা অব্যাহত রয়েছে।

**৫। গঠন ও নিয়ম সংক্রান্তঃ**

গঠন ও নিয়ম তফসিল-১ এর সংশোধনী প্রস্তাবগুলোর ধারাবাহিক কার্যক্রম গ্রহনান্তে সংশোধনী প্রস্তাবগুলো জাতীয় কাউন্সিল সভায় উস্থাপন করা হয়েছে।

**৬। প্রশাসনিক কার্যক্রমঃ**

বিধি বিভাগের নিকট প্রেরিত প্রশাসনিক কার্যক্রম তথা বাংলাদেশ স্কাউটসের প্রশাসনিক, শৃংখলা এবং অপরাপর বিভাগের আইনগত বিষয়ে বিধি বিভাগ থেকে মতামত প্রদান এবং প্রশাসন বিভাগের নির্দেশনা মোতাবেক বিভাগীয় মামলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৭। **ওয়ার্কশপঃ**

গত ০৭ মে ২০১৪ তারিখে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে দিন ব্যাপী গঠন ও নিয়ম তফসিল-১ সংশোধনী বিষয়ক একটি ওয়ার্কশপ করা হয়েছে।

**৮। মতবিনিময় সভাঃ**

চট্রগ্রাম রেলওয়ে জেলা, চট্রগ্রাম নৌ জেলা ও চট্রগ্রাম এয়ার জেলা স্কাউটস এর কর্মকর্তাদের সাথে আঞ্চলিক স্কাউট ভবনে (টাইগারপাস মোড়, পলোগ্রাউন্ড এভিনিউ, চট্রগ্রাম) এবং জামালপুর জেলা স্কাউটস ও জেলা রোভার কর্মকর্তাদের সাথে জেলা স্কাউটস অফিসে মতবিনিময় করা হয়েছে।

**১০। অন্যান্য কাজঃ**

নবম জাতীয় স্কাউট ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী বাস্তবায়ণে সহায়তা প্রদান করা হয়েছে।

**২৬.০ স্কাউট শপ ঃ**

১। বাংলাদেশ স্কাউটসের স্কাউটশপ এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাংলাদেশ স্কাউটস এর গঠন ও নিয়মের ৩০(খ) ধারায় অর্পিত ক্ষমতা বলে বাংলাদেশ স্কাউটসের স্কাউটশপ ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৭ প্রণয়ন করা হয়। নীতিমালাটি ২৫ ভাদ্র, ১৪১৪ (৯ সেপ্টেম্বর, ২০০৭), রোববার বাংলাদেশ স্কাউটসের জাতীয় নির্বাহী কমিটির ১৯৩ তম সভায় অনুমোদিত হয়।

২। **স্কাউটশপ ব্যবস্থাপনা কমিটি** ঃ স্কাউটশপ পরিচালনার জন্য জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত কেন্দ্রীয়ভাবে একটি স্কাউটশপ ব্যবস্থাপনা কমিটি থাকবে মর্মে নীতিমালায় বর্ণিত হয়েছে। স্কাউট ও স্কাউটশপের দ্রব্যাদি প্রাপ্তিতে সহায়তা প্রদানসহ স্কাউট কার্যক্রমের প্রচার বৃদ্ধি, ভাবম মূর্তি রক্ষা এবং স্কাউটিং উন্নয়ন,

অধিকতর সার্বজনিনতা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে সহায়তা প্রদান এবং বাংলাদেশ স্কাউটসের সকল স্তরে বিদ্যমান স্কাউট দ্রব্যাদির পর্যাপ্ত যোগান ও সহজলভ্যতা নিশ্চিত করে প্রোগ্রাম বাস্তবায়নে সহায়তা প্রদান করা কমিটির মূল লক্ষ্য। কমিটির উপদেশ, পরামর্শ ও নির্দেশনা মোতাবেক স্কাউটশপ পরিচালিত হয়। উক্ত কমিটিতে সভাপতি/ চেয়ারপার্সন, পরিচালকসহ ১৪ জন সদস্য রয়েছেন, তন্মধ্যে প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল সদস্য-সচিব হিসেবে কাজ করছেন।

৩। স্কাউটশপ ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান ও জাতীয় কমিশনার ( বিধি) জনাব এ কে এম ইশতিয়াক হুসাইন এর নেতৃত্বে গঠিত ১৪ সদস্য বিশিষ্ট স্কাউটশপ ব্যবস্থাপনা কমিটি আলোচ্য বছরে ৪টি সভায় মিলিত হন।

৪। জাতীয় স্কাউট ভবনের পিছনে এনেক্স ভবনের গ্রাউন্ড ফ্লোরে ১৩৯৫ স্কয়ার ফুট জায়গায় স্কাউটশপটি অবস্থিত। স্কাউটশপে বর্তমানে প্রায় চার শতাধিক আইটেমের মালামাল আছে। অফিস চলাকালীন উক্ত মালামাল সমূহ স্কাউটশপে বিক্রয় করা হচ্ছে।

৫। আলোচ্য বছরে ০৪ - ১১ এপ্রিল, ২০১৪ তারিখ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে নবম বাংলাদেশ/ প্রথম সানসো স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয় । বিক্রয়ের লক্ষ্যে স্কাউটশপ থেকে ১২,১২,৬৩২/- ( বার লক্ষ বার হাজার ছয়শত বত্রিশ) টাকা মূল্যের মালামাল জাম্বুরীতে অস্থায়ী স্কাউটশপে নিয়ে যাওয়া হয়। মালামাল বিক্রয় শেষে ৫,৭৬,৬২৫/- ( পাঁচ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত পচিশ) টাকার মালামাল ফেরত আনা হয়। জাম্বুরীতে মোট ৯,২১,২৯৯/- ( নয় লক্ষ একুশ হাজার দুইশত নিরানব্বই) টাকার মালামাল বিক্রয় করা হয়। উক্ত মালামালের মধ্য থেকে লাভ হয় (১২১২৬৩২/- - ৬৩৬০০৭/-)= ২,৮৫,২৯২/- (দুই লক্ষ পচাশি হাজার দুইশত বিরানব্বই) টাকা। বিক্রয়লব্ধ টাকা থেকে বাকীতে ক্রয়কৃত মালামালের মূল্য বাবদ ৪,৩৭,২৫০/- ( চার লক্ষ সাইত্রিশ হাজার দুইশত পঞ্চাশ ) টাকা পরিশোধ করে বাকী টাকা অর্থাৎ (৯২১২৯৯.০০- ৪,৩৭,২৫০.০০) = ৪,৮৪,০৪৯/- ( চার লক্ষ চুরাশি হাজার উনপঞ্চাশ) টাকা (স্কাউটশপ তহবিলে) ব্যাংকে জমা করা হয়েছে।

৬। ২০১৩ - ২০১৪ আর্থিক বছরে স্কাউটশপে মালামাল বিক্রির টার্গেট ছিল ৩৫,০০,০০০/- (পয়ত্রিশ লক্ষ) টাকা এবং নীট মুনাফা ধরা হয় ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা। মে,২০১৪ পর্যন্ত স্কাউটশপে মোট = ৪০,৬৪,৩৮৮/- ( চলিণ্ডশ লক্ষ চৌষট্টি হাজার তিনশত অষ্টাশি) টাকার মালামাল বিক্রয় করা হয়। এই সময়ে কর্মচারীদের বেতন, বোনাস ও শ্রান্তি বিনোদন ভাতা বাবদ- ৪,৬০,৩৪৪/- ( চার লক্ষ ষাট হাজার তিনশত চুয়াল্লিশ) টাকা, মালামাল ক্রয় = ২৫,২০,৩৯৬/- (পচিশ লাক্ষ বিশ হাজার তিনশত ছিয়ানব্বই) টাকা এবং অন্যান্য অপারেটিং বাবদ = ২,২৩,৪৫৯/- (দুই লক্ষ তেইশ হাজার চারশত উনষাট) টাকা ব্যয় হয়েছে। মালামাল ক্রয় ও অন্যান্য অপারেটিং ব্যয় বাদে সর্বমোট ৪০.৬৪,৩৮৮.০০- ৩২,০৪,১৯৯.০০ = ৮,৬০,১৮৯.০০ (আট লক্ষ ষাট হাজার একশত উননব্বই) টাকা নীট মুনাফা অর্জিত হয়।

৭। স্কাউটশপের আয়-ব্যয় এবং এতদ সংক্রান্ত লেনদেন যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে ইন্টারনাল অডিট টীম গঠনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

৮। গত ১০ মে, ২০১৪ তারিখে স্কাউটশপের উন্নয়ন ও সম্পসারণের লক্ষ্যে ''সাপ্লাই সার্ভিস বিষয়ক জাতীয় ওয়ার্কশপ'' আয়োজন করা হয়। ওয়ার্কশপে আঞ্চলিক সম্পাদক, আঞ্চলিক পরিচালক, মনোনীত জেলা রোভার ও জেলা স্কাউট সম্পাদক এবং স্কাউটশপ এজেন্টগণসহ মোট ৪৪জন অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীগণ ৪টি গ্রুপে বিভক্ত হয়ে (ক) অঞ্চল/জেলা/উপজেলায় স্কাউটশপের এজেন্ট নিয়োগে সমস্যা ও সমাধানের কৌশল নির্ধারণ, (খ) মাঠ পর্যায়ে স্কাউট উপকরণ বিক্রয় বৃদ্ধির কৌশল নির্ধারণ, (গ) সাপ্লাই সার্ভিসে মাঠ পর্যায়ে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও সমস্যা দূরীকরণের উপায় নির্ধারণ, (ঘ) স্কাউটশপ ব্যবস্থাপনা নীতিমালা পর্যালোচনা ও আধুনিকীকরণের বিষয়ে গ্রুপ আলোচনায় অংশ নিয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

৯।　<u>স্কাউটশপ এর ওয়েব সাইট উদ্বোধন ঃ</u>

আলোচ্য বছরে তথ্য প্রযুক্তির সাথে মিল রেখে স্কাউটশপ এর ওয়েব সাইট উদ্বোধন করা হয়। বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার জনাব মোঃ আবুল কালাম আজাদ ১০মে, ২০১৪ সকাল ১১.০০ টায় স্কাউটশপের ওয়েব সাইট উদ্বোধন করেন।

১০।　স্কাউটশপে শেষ তিন বছরের ক্রয়, বিক্রয় ও নীট লাভের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

| নং | সাল | মালামাল বিক্রয়ের পরিমাণ ও অন্যান্য আয় | মালামাল ক্রয়ের পরিমাণ ও অন্যান্য ব্যয় | খরচ বাদে নীট লাভের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২০১২-১৩ | ৩৭,৬৪,৩৫৯.০০ | ২৭,২০,০২৮.০০ | ১০,৪৪,৩৩১.০০ |
| ২ | ২০১৩-১৪ | ৪৩,৬৭,৮৯৬.০০ | ৩২,০৪,১৯৯.০০ | ১১,৬৩,৬৯৭.০০ |
| ৩ | ২০১৪-১৫ | ৪৫,৯০,৯২৫.০০ | ৩৩,০০,০০০.০০ | ১২,৯০,৯২৫.০০ |

১১। স্কাউটশপে সকল প্রকার ব্যাজ ও স্কাউট সামগ্রীর পর্যাপ্ত মজুদ রাখা হয়েছে। স্কাউটশপের আয় বৃদ্ধির লক্ষ্যে ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা এফ ডি আর করা আছে যার আয় লভ্যাংশে প্রতিফলিত হয়েছে। বর্তমানে স্কাউটশপে ৩ জন সার্বক্ষণিক কর্মচারী নিয়োজিত আছেন । তাঁদের বেতন ভাতাদি স্কাউটশপের তহবিল থেকে প্রদান করা হয়।

## ২৭.০ হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্প ঃ

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্কাউটস কর্তৃক বাস্তবায়িত "হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং" প্রকল্পটি দেশব্যাপী উন্নয়ন ও সম্প্রসারণের স্বার্থে জুলাই, ২০১০ এ গৃহীত হয়। উক্ত প্রকল্পটি ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়ের জন্য অনুমোদিত ছিল। আলোচ্য বছরে উক্ত প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে ৩০ জুন, ২০১৪ এ সমাপ্তির জন্য সরকার কর্তৃক অনুমোদিত হয়।

**প্রকল্পের উদ্দেশ্য ঃ**

ক) দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে শিশু কিশোর, তরুণ-তরুণীদের স্কাউটিং প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল, দেশপ্রেমিক ও বিশ্বাসী নাগরিক হিসেবে গড়ে তুলে তাদের শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক উন্নতির মাধ্যমে সুশৃঙ্খল নাগরিক হিসেবে সমাজে প্রতিষ্ঠিত করা;

খ) মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ পর্যায়ে ২০০০টি নতুন স্কাউট ও রোভার স্কাউট দল গঠনের মাধ্যমে এক লক্ষ স্কাউট সদস্য সংখ্যা বৃদ্ধি করা;

গ) স্কাউট ও রোভার স্কাউটদের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে আইসিটি প্রশিক্ষণ কোর্স প্রদান ও ওয়ার্কশপ আয়োজন করা; এবং

ঘ) মৌচাক জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ২৫০ আসনের অডিটোরিয়াম সংস্কার করে স্কাউটদের প্রয়োজন মেটানোর পাশাপাশি ভাড়ার মাধ্যমে সংস্থার আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি করা।

**প্রকল্প ব্যয় ও ডিপিপি সংশোধন ঃ**

(ক)　মূল অনুমোদিত ব্যয় ঃ　১৪০০.০০ লক্ষ (জিওবি ১২৯৪.৩৮ ও বাংলাদেশ স্কাউটস ১০৫.৬২ লক্ষ)।

(খ)　প্রথম সংশোধিত অনুমোদিত ব্যয়ঃ ১৫২৯.৪০ লক্ষ (জিওবি ১৪২৩.৭৮ ও বাংলাদেশ স্কাউটস ১০৫.৬২ লক্ষ)।

আলোচ্য বছরের ২৪/০৯/২০১৩ তারিখে প্রকল্পের প্রথম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

(গ)	দ্বিতীয় সংশোদিত অনুমোদিত ব্যয়ঃ ১৭০৮.০০ লক্ষ (জিওবি ১৬০২.৩৮ ও বাংলাদেশ স্কাউটস ১০৫.৬২ লক্ষ)।

আলোচ্য বছরের ২৫ মে, ২০১৪ তারিখে প্রকল্পের দ্বিতীয় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। "হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং" প্রকল্প দুইবার সংশোধনের মাধ্যমে প্রকল্পের সরকারি বরাদ্দ চলতি অর্থ বছরে ৩০৮.০০ লক্ষ টাকা বৃদ্ধি করা সম্ভব হয়েছে।

**এডিপি বরাদ্দ ঃ**

প্রকল্পের ২০১৩-১৪ বছরের এডিপি বরাদ্দ ছিল ৩৭৬.০০ লক্ষ, যা ২০১৩-১৪ অর্থ বছর আরএডিপি বরাদ্দ ৪৫৫.০০ লক্ষ টাকায় উন্নীত করা হয়।

**প্রকল্পের প্রধান অংগভিত্তিক বাস্তবায়ন পরিস্থিতি ঃ**

**প্রশিক্ষণ কার্যবালীঃ** প্রকল্পের আওতায় প্রশিক্ষণ বিভাগে জন্য মোট ১৫২.৩৯ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে প্রশিক্ষণ বিভাগে ১৪.৭২ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে স্কাউট লিডার বেসিক কোর্স, স্কাউট লিডার অ্যাডভান্সড কোর্স, স্কিল কোর্স, ইন্দাবা, ওরিয়েন্টেশন কোর্স, আঞ্চলিক মাল্টিপারপাস ওয়ার্কশ, সিএএলটি কোর্স, আন্তর্জাতিক প্রোগ্রামে অংশগ্রহণ কার্যক্রম বাস্তবায়ন এবং প্রশিক্ষণ সরঞ্জামাদি ক্রয় (ল্যাপটপ, তাঁবু, মাল্টিমিডিয়া, কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন) করে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক ও বিভিন্ন অঞ্চলে বরাদ্দ দেয়া হয়েছে।

**প্রোগ্রাম কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় প্রোগ্রাম বিভাগে জন্য মোট ২৪৪.৫২ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্যস অর্থবছরে প্রোগ্রাম বিভাগে ১২০.৭৬ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে প্রোগ্রাম অ্যাডভান্সমেন্ট ওয়ার্কশপ, পেট্রোল লিডার কোর্স, ৯ম বাংলাদেশ ও ১ম সানসো স্কাউট জাম্বুরী, প্রোগ্রাম সরঞ্জামাদি ক্রয় কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

**সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় সমাজ উন্নয়ন বিভাগের জন্য মোট ৫৭.২৫ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিভাগে ৩.৮১ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে পরিবেশ শিক্ষা কার্যক্রম, হেলথ কেয়ার পিএল কোর্স বাস্তবায়ন করা হয়।

**গার্ল-ইন-স্কাউটিং কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় গার্ল-ইন-স্কাউটিং বিভাগের জন্য মোট ৩০.৩২ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে গার্ল-ইন-স্কাউটিং বিভাগে ৪.৫২ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে ইউনিট লিডার বেসিক কোর্স, পারদর্শিতা ব্যাজ কোর্স, পেট্রোল লিডার কোর্স, ইউনিট লিডার ওয়ার্কশপ বাস্তবায়িত হয়েছে।

**এক্সটেনশন স্কাউটিং কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় এক্সটেনশন-ইন-স্কাউটিং বিভাগের জন্য মোট ১২.৫৬ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে এক্সটেনশন-ইন-স্কাউটিং বিভাগে ২.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে ইউনিট লিডার ওয়ার্কশপ, ট্যালেন্ট সার্চ, পার্শ্ববর্তী দেশে শিক্ষা সফর কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।

**এডাল্ট-ইন-স্কাউটিং কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় এডাল্ট-ইন-স্কাউটিং বিভাগের জন্য মোট ৮.৭৫ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে এডাল্ট-ইন-স্কাউটিং বিভাগে ০.৬৯ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স বাস্তবায়িত হয়েছে।

**গবেষণা ও মূল্যায়ন কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় গবেষণা ও মূল্যায়ন বিভাগের জন্য মোট ৮.৭৫ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে গবেষণা ও মূল্যায়ন বিভাগে ২.৭৫ লক্ষ টাকা বরাদ্দ আছে।

চলতি অর্থবছরের বরাদ্দ থেকে জাতীয় গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ, স্ট্যাটেস্টিক্যাল সার্ভে, প্রশিক্ষণ, প্রোগ্রাম ও সংগঠন ওয়ার্কশপ, গবেষণা ও মূল্যায়ন ট্রেনিং কোর্স বাস্তবায়িত হয়েছে।

**জনসংযোগ, প্রকাশনা ও ডকুমেন্টেশনঃ** প্রকল্পের আওতায় জনসংযোগ, প্রকাশনা ও ডকুমেন্টেশন বিভাগের জন্য মোট ৫.০০ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে জনসংযোগ, প্রকাশনা ও ডকুমেন্টেশন বিভাগে ০.৯৭ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক ওয়ার্কশপ বাস্তবায়িত হয়েছে।

**ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজিঃ** প্রকল্পের আওতায় আইসিটি বিভাগের জন্য মোট ২৫.৫৬ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে আইসিটি বিভাগে ৫.৬১ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে জাতীয় আইসিটি ওয়ার্কশপ, এডাল্ট লিডারদের কম্পিউটার ও ইন্টারনেট ট্রেনিং কোর্স ইত্যাদি বাস্তবায়িত হয়েছে।

**আসবাবপত্র, যন্ত্রাংশ ক্রয় ও রক্ষণাবেক্ষণঃ** প্রকল্পের আওতায় আসবাবপত্র, যন্ত্রাংশ ক্রয় ও রক্ষণাবেক্ষণ খাতে মোট ৫৩.৩৭ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য অর্থবছরে আসবাবপত্র, যন্ত্রাংশ ক্রয় ও রক্ষণাবেক্ষণ খাতে ৯.২৮ লক্ষ টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরের বরাদ্দ থেকে কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, জেনারেটর, তাঁবু, ক্যাম্প খাট, আসবাবপত্র, মাল্টিমিডিয়া প্রজেক্টর, আইপিএস, ফটোকপিয়ার মেশিন ইত্যাদি ক্রয় করে বিভিন্ন অঞ্চল ও জেলায় বরাদ্দ দেয়া হয়েছে।

**ভৌত নির্মাণঃ** প্রকল্পে আওতায় ভৌত নির্মাণ খাতে ২৮৫.৮৭ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে নিম্নবর্ণিত ভৌত নির্মাণ কাজ বাস্তবায়িত হয়েছেঃ

ক) কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, নোয়াখালী, চাঁদপুর, পাবনা, গোপালগঞ্জ জেলায় জেলা স্কাউট ভবন নির্মাণ;
খ) মৌলভীবাজার, খুলনা, পটুয়াখালী, সিলেট, ফেনী জেলায় জেলা স্কাউট ভবন সংস্কার/সম্প্রসারণ;
গ) আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল, কুমিল্লা (লালমাই), মুক্তাগাছা (ময়মনসিংহ), দিনাজপুরে ২০০ রানিং ফুট সীমানা প্রাচীর নির্মাণ;
ঘ) আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল, কুমিল্লা (লালমাই), দিনাজপুরে মহিলা ট্রেনার ডরমেটরি নির্মাণ;
ঙ) আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুরে ভবন নির্মাণ;

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক উন্নয়ন খাতে ৩৩২.৫৯ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে নিম্নবর্ণিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হয়েছেঃ

ক) ১৫০০ রানিং ফুট সীমানা প্রাচীর নির্মাণ;
খ) ৮টি হাট টাইপ সাব ক্যাম্প অফিস নির্মাণ;
গ) অডিটোরিয়াম সংস্কার;

**বরগুনায় নেচার অবজারভেশন ট্রেনিং সেন্টারের উন্নয়নঃ** প্রকল্পের আওতায় ট্রেনিং সেন্টারের উন্নয়ন খাতে ৪৫.০০ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত বরাদ্দ থেকে বৃক্ষরোপণ কার্যক্রম, ভূমি উন্নয়ন, একটি সেমি পাকা হাট টাইপ কটেজ নির্মাণ করা হয়েছে।

সিলেট আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র উন্নয়ন খাতে ৫৭.৯২ লক্ষ টাকা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে নিম্নবর্ণিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হয়েছেঃ

ক) সীমানা প্রাচীর নির্মাণ খ) মেইন গেইট নির্মাণ গ)আরসিসি রোড নির্মাণ ঘ) সারফেস ড্রেন নির্মাণ ঙ) গার্ড সেড নির্মাণ চ) স্টাফ সেড এর সাথে স্টোর নির্মাণ;

**প্রকল্প ব্যবস্থাপনাঃ** জাতীয় কমিশনার (প্রকল্প) জনাব মোঃ মাহমুদুল হক এর সার্বিক তত্বাবধানে উক্ত প্রকল্পের আলোচ্য মেয়াদে প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করে বাংলাদেশ স্কাউটস এর যুগ্ম নির্বাহী পরিচালক (প্রশিক্ষণ) জনাব আরশাদুল মুকাদ্দিস।

**সভাঃ** প্রতি মাসে শিক্ষা মন্ত্রণালয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে এডিপি বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন সভাসহ চলতি সময়ে একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি, প্রজেক্ট স্টিয়ারিং কমিটি ও বেশ কয়েকটি বিশেষ সভা শিক্ষা মন্ত্রণালয়ে এবং পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

**পরিদর্শন ও মনিটরিং ঃ** জাতীয় কমিশনার (প্রকল্প) ও প্রকল্প পরিচালক মাঠ পর্যায়ে বাস্তবায়িত কার্যক্রম নিয়মিত পরিদর্শন করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য অঞ্চল, জেলা স্কাউটস কর্তৃপক্ষ ও শিক্ষা প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান করেন।

**সাধারণ মন্তব্যঃ** শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত "হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং" প্রকল্পটি বাংলাদেশ স্কাউটস-এর অবকাঠামো সুবিধা সৃষ্টি এবং স্কাউটিংয়ের নানাবিধ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে আর্থিক ও উপকরণ সহযোগিতা প্রদান করায় দেশে স্কাউটিং কার্যক্রমে অধিক গতিশীলতা আনায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রকল্পর উদ্দেশ্যসমূহ শতভাগ বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্পটির ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে বাংলাদেশ স্কাউটস থেকে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখা হয়েছে।

**নতুন প্রকল্প গ্রহণঃ** নতুন প্রকল্পের খসড়া তৈরির জন্য জনাব উজ্জ্বল বিকাশ দত্ত, জাতীয় কমিশনার (উন্নয়ন) কে উপদেষ্টা, জাতীয় কমিশনার (প্রকল্প) জনাব মোঃ মাহমুদুল হককে আহবায়ক ও প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আরশাদুল মুকাদ্দিসকে সদস্য সচিব করে ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে পর্যালোচনা করে "এক্সপানশন অব স্কাউটিং ইন বাংলাদেশ" শীর্ষক একটি প্রকল্প তৈরি করে শিক্ষা মন্ত্রণালয়ে জমা প্রদান করা হয়েছে। যা ইতোমধ্যে মন্ত্রণালয়ের সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। উক্ত প্রকল্পটির মোট প্রস্তাবিত বরাদ্দ ২৫০০.০০ (পঁচিশ কোটি) লক্ষ টাকা এবং প্রকল্পের বাস্তবায়ন কাল জুলাই ২০১৪ থেকে জুন, ২০১৭ পর্যন্ত।

**প্রস্তাবিত প্রকল্পের প্রধান অংগসমূহঃ** প্রশিক্ষণ কার্যক্রম, প্রোগ্রাম কার্যক্রম, সমাজ উন্নয়ন কার্যক্রম, স্বাস্থ্য কার্যক্রম, সংগঠন কার্যক্রম, গার্ল-ইন-স্কাউটিং কার্যক্রম, এক্সটেনশন স্কাউটিং কার্যক্রম, এডাল্ট-ইন-স্কাউটিং কার্যক্রম, গবেষণা ও মূল্যায়ন কার্যক্রম, জনসংযোগ, মার্কেটিং ও প্রকাশনা কার্যক্রম, ইনফরমেশন কমিউনিকেশন টেকনোলজি কার্যক্রম, গ্রোথ কার্যক্রম, মেম্বারশীফ রেজিস্ট্রেশন, আর্টস, ডিজাইন এন্ড লাইব্রেরি, স্পেশাল ইভেন্টস কার্যক্রম, এস্টেট ও আইন কার্যক্রম, আসবাবপত্র, যন্ত্রাংশ ক্রয় ও রক্ষণাবেক্ষণ, ভৌত অবকাঠামো নির্মাণ, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ও মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয় উন্নয়ন, আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট উন্নয়ন, আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লা উন্নয়ন, ভূমি অধিগ্রহণ, মাইক্রোবাস ক্রয় ইত্যাদি প্রধান অংগসমূহ প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত প্রকল্পটি ২০১৪-১৫ অর্থবছরে শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

**২৮.০ প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (তৃতীয় পর্যায়) প্রকল্পঃ**

বাংলাদেশ স্কাউটস এর তত্ত্বাবধায়নে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (তৃতীয়পর্যায়) শীর্ষক একটি প্রকল্প পরিচালিত হচ্ছে। প্রকল্পের মেয়াদ জুলাই ২০১০ থেকে জুন,২০১৫ পর্যন্ত এবং মোটবরাদ্দ ১১৪০.০০ (এগারো কোটি চল্লিশ লক্ষ) টাকা।

০২. অর্থ ছাড়ঃ প্রকল্পের অনুকুলে ২০১৩-২০১৪ অর্থ বছরে সর্বমোট ২১৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলমান অর্থ বছরের বরাদ্দ দিয়ে নিম্নলিখিত কার্যক্রম সমূহ সম্পন্ন করা হয়েছে।

০৩. প্রশিক্ষণঃ  ২০১৩-২০১৪ অর্থ বছরে প্রশিক্ষণ খাতে সর্বমোট ৫৯.৬৮ লক্ষ টাকা মাত্র বরাদ্দ আছে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর ও এগারোটি অঞ্চলে সর্বমোট ৬২ টি কাব লিডার বেসিক কোর্স, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষাঅফিসারদের জন্য ০৪ টিকাব লিডার বেসিক কোর্স, ২৬ টি অ্যাডভান্স কোর্স, ২৬ টি স্কিল কোর্স, ২২১ টি ওরিয়েন্টেশন কোর্স, ২০ টি রিফ্রেশার্স কোর্স এবং ০২ টি সিএএলটি কোর্স বাস্তবায়নের জন্য বরাদ্দের অর্থ বন্টন করা হয়েছে।

০৪. প্রোগ্রামঃ  ২০১৩-২০১৪ অর্থ বছরে প্রোগ্রাম কার্যক্রম বাস্তবায়নের জন্য  ৩৫.৮০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ০৯ টি আঞ্চলিক কাব ক্যাম্পুরী, ১৫ টি জেলা প্রোগ্রাম ওয়ার্কশপ, ৪০ টি প্রধান শিক্ষক ওরিয়েন্টেশন কোর্স ১০ টি কাব প্রফিসিয়েন্সী ব্যাজ কোর্স ও ১০ টিষষ্ঠক নেতা কোর্স  বাস্তবায়নের জন্য অঞ্চল সমূহে বরাদ্দকৃত টাকা ছাড় করা হয়েছে।

০৫. সমাজ উন্নয়ন ও স্বাস্থ্যঃ সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য খাতে ২০১৩- ২০১৪ অর্থ বছরে  ৮.২৫ লক্ষ টাকা বরাদ্দ আছে। ৫৫ টি জেলা স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কোর্স, ০১ টি আঞ্চলিক সমাজ উন্নয়ন ওয়ার্কশপ, ১৫ টি স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা র‌্যালি ও ৫০০০ টি বৃক্ষ রোপণ কর্মসূচি বাস্তবায়নের জন্য বাংলাদেশ স্কাউটস এ বিভিন্ন অঞ্চলে এ অর্থ বন্টন করা হয়েছে।

০৬. নব গঠিত কাব দলের অনুদান ঃ নব গঠিত কাব দলের অনুদান খাতে ২০১৩- ২০১৪ অর্থ বছরে ৪৫.০০ (পঁয়তাল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। চলমান অর্থ বছরে ১৮০০ টি নব গঠিত কাব দলের মাঝে এই অর্থ বিতরণ করা হয়েছে।

০৭. আসবাব পত্র সরবরাহ ঃ প্রকল্পের আওতায় ২০১৩-২০১৪ অর্থ বছরে ১.৫০ লক্ষ টাকার আসবাব পত্র ক্রয় করে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক গাজীপুরে সরবরাহ করা হয়েছে।

০৮. পার্শ্ববর্তী দেশ (ভারত) ভ্রমণঃ ২০১৩-২০১৪ অর্থ বছরেকাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্পের আওতায় কাব স্কাউটিং কার্যক্রম পরিদর্শণের জন্য পার্শ্ববর্তী দেশ ভ্রমণের প্রস্তাবনা ছিল। প্রস্তাবনা অনুযায়ী পার্শ্ববর্তী দেশ ভারতে কাব স্কাউটিং কার্যক্রম পরিদর্শণের জন্য ১২ জন কাব স্কাউট (৮ জন ছেলে ৪ জন মেয়ে,), ৫ জন ভলান্টিয়ার লিডারসহ সর্বমোট ১৭ জনের একটি টিম গত ৪ - ১২ ফেব্রুয়ারি , ২০১৪ তারিখ পর্যন্ত ভারত সফর শেষে দেশে ফিরে এসেছে। দলের নেতৃত্ব দেন জাতীয় উপ কমিশনার (প্রকল্প) জনাব শরীফ আহমেদ কামাল।

০৯. ভবন নির্মাণঃ জেলা পর্যায়ে কাব ভবন নির্মাণের জন্য দিনাজপুর জেলার জন্য মোট ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ইতোমধ্যে নির্মাণ কাজ শুরু করা হয়েছে।

১০. প্রকল্পের হিসাব ঃ প্রকল্পের ২০১৩-২০১৪ অর্থ বছরের সকল কার্যক্রমের বরাদ্দের অনুকুলে অর্থ ছাড় করা হয়েছে। সরকারী নিয়ম অনুযায়ী সকল কার্যক্রম শেষে খরচের বিল ভাউচার সংশ্লিষ্ট দফতরে জমা দেয়া জরুরী। পূর্বের হিসাবের বিলভাউ চার জমানা দেয়া পর্যন্ত পরবর্তীতে কোন অর্থ ছাড় করার সুযোগ নেই। তাই প্রকল্পের কার্যক্রম চলমান রাখার জন্য প্রত্যেকটি কার্যক্রমের খাত ওয়ারী হিসাব যথা সময়ে সংশ্লিষ্ট দফতরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

## ৩১.০ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ঃ

**২। জমি - জমা সংক্রান্ত তথ্য ঃ**

মোট জমির তথ্য ঃ  বাংলাদেশ স্কাউটসের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের জমির পরিমাণ অধিগ্রহণকৃত (খারিজসহ) ৬২.০  ৭৫ একর,  খাস জমি দীর্ঘ মেয়াদী (৬০ বছরের) লীজ ১৫.৯৮ একর, বন বিভাগের ব্যবহারের অনুমতি প্রাপ্ত ৮.৬১ একর ও অধিগ্রহণকৃত (খাজির হয়নি) ২.২২৫ একরসহ সর্বমোট জমি ৮৮.৮৯ একর।

৩। <u>জনবল ঃ</u>

প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ- ০৩ জন, উপ-সহকারী প্রকৌশলী-০২জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর- ০১ জন, স্টোর কিপার- ০১জন, অডিও ভিজুয়্যাল অপারেটর–০১ জন, পিয়ন - ০১ জন (চুক্তিভিত্তিক), ইলেকট্রিশিয়ান-০১জন, প্লাম্বার - ০১জন, অডিটরিয়াম অপারেটর-০১জন, স্থায়ী গার্ড- ০৭ জন, বাবুর্চি- ০১ জন, মশালচী- ০১ জন, মালী- ০১ জন, ঝাড়ুদার-০১জন, মাস্টাররোলে নিয়োজিত গার্ড- ০২ জন, ঝাড়ুদার-(মাস্টার রোল)- ০৩ জন, মাস্টাররোল শ্রমিক-১০ জন, ইফসাপ প্রকল্পে শ্রমিক (মাস্টাররোল)- ০১ জন, ডেইরী ফার্মে (মাস্টাররোল) শ্রমিক-০১জন , স্কাউট নার্সারী প্রকল্পে শ্রমিক (মাস্টাররোল)-০১ জন এবং বৃক্ষ রোপণ ও পরিচর্যা কাজে শ্রমিক (মাস্টাররোল)-০২জন সর্বমোট= ৪৩ জন বর্তমানে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে নিয়োজিত আছেন।

৪। <u>অবকাঠামো ঃ</u>

ক) ট্রেনিং কমপ্লেক্স ডরমেটরী তিন তলা ভবন এসিযুক্ত =০১টি (৯৬টি বেড)।

খ) ট্রেনিং কমপ্লেক্স এলাকায় টু-ইন সেশন হল এসি = ০২ টি ।

গ) অডিটরিয়াম = ০১টি ( আধুনিক ) সম্পূর্ণ এসি।

ঘ) পিএ নাজির কাব ভবন দ্বিতল ভবন=০১ টি সম্পূর্ণ এসি নীচ তলায় সেশন হল, সাইবার ক্যাফে ও প্যাট্রল কর্ণার রয়েছে ০২টি এবং দোতলায় ০৮টি ডবল বেডের রুম রয়েছে।

ঙ) পাম্প হাউস = ০১টি ওভার হেড ট্যাংক ঃ ৫০,০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ।

চ) দোয়েল কটেজ=০১টি একতলা বিশিষ্ট ০৩টি ডবল বেডের এসি রুম ও ০১টি লবি রয়েছে।

ছ) এম মহবুবুজ্জামান ভবন =০১টি (তিন তলা ভবন ১০টি ডবল বেডের এসি রুম, তৃতীয় তলায় বড় লবী ও ড্রয়িং নীচতলায় হল রুম ০১টি, প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের অফিস কক্ষ ০১টি ও অফিস রুম ০২টি এবং টি কর্ণার ০১টি রয়েছে ।

জ) কোয়েল ভবন =০১টি দোতলায় ২ বেডের ২টি রুম ও ৪ বেডের ১টি ট্রেনার রুম এসিযুক্ত ও আসন সুবিধাসহ বড় লবি, পশ্চিম পাশে নামাজের স্থান, নীচ তলায় ডাইনিং হলে ৭০/৮০ জন এর আসন সুবিধাসহ আলাদা কুক সেড ও খাবার সরবরাহ রুম রয়েছে ।

ঝ) সেশন হল ও মিউজিয়াম = ০১টি দোতলায় মিউজিয়াম,০২টি প্যাট্রোল কর্ণার,০২টি স্টোর, ০১টি লাইব্রেরী রুম রয়েছে । নীচতলায় সেশন হল এ ৫/৬টি উপদলে ৫০/৬০ জনের আসন ব্যবস্থা, ০৬টি প্যাট্রোল কর্ণার রুম রয়েছে - যা ফটোমেশিন রুমসহ বিভিন্ন কাজে ব্যবহৃত হয়।

ঞ) গণটয়লেট ও স্টোর রুম=০১টি (দোতলায় তাঁবু স্টোর রুম এবং নীচতলায় ১৫টি গোসল খানা ও ১৪টি টয়লেট সুবিধা রয়েছে )।

ট) অফিসার্স কোয়ার্টার=০১টি(দোতলায় পরিচালক ও নীচতলায় উপ-পরিচালক-এর - ০২ ফ্যামিলি থাকার সুবিধা রয়েছে )।

ঠ) স্টাফ কোয়ার্টার (কর্মচারী) = ০১টি ( দোতলা বিশিষ্ট - ০৪ ফ্যামিলি থাকার সুবিধা রয়েছে)।

দ) কর্মচারীদের বিভিন্ন কোয়াটার ঃ সেমিপাকা ০৯টি কোয়াটার ও মাটির ঘর-এ ০২টি এবং টিনের ঘরসহ মোট ১৭টি ফ্যামিলি থাকে।

ধ) বিভিন্ন অঞ্চলের নামে ৮টি ট্রেনিং হার্ট আছে (যা পর্যায়ক্রমে উন্নয়নের কাজ চলমান)।

৫। **<u>বর্ণিত সময়ে উন্নয়ন কার্যক্রমঃ</u>**

ক) স্কাউট নার্সারী সংলগ্ন সীমানা প্রাচীরের কাজ বর্ণিত সময়ে সম্পন্ন করা হয়েছে।

খ) ঢাকা- টাংগাইল মহাসড়কের বিপরীত পার্শ থেকে আসা ফ্যাক্টরির বর্জ্র আরসিসি ঢালাই দিয়ে বন্ধ করা হয়েছে।

গ) ৩৫০ রানিং ফুট সীমানা প্রাচীরের কাজ প্রক্রিয়াধীন আছে।

ঘ) দুইটি গার্ড শেড নির্মাণ সম্পন্ন হয়েছে।

ঙ) টিনশেড পাকঘর পশ্চিম দিকে স্থানান্তর করা হয়েছে।

**৬। মামলা - মোকদ্দমা ঃ**

ক) বর্তমানে গাজীপুর ২য় যুগ্ম জেলা জজ আদালতে ১০৪৯ দাগের জমি উদ্ধারে দে:মো: নং - ২৭/০৭ দায়ের করা হয়েছে। যার বর্তমান মোকদ্দমা নং ৪০১/০৯ মোকদ্দমাটি স্বত্ব ঘোষণা ও উচ্ছেদ পূর্বক .৫০ একর জমি দখল প্রদানের বিষয়ে দায়ের করা হয়েছে। মোকদ্দমাটি ০২ বার কোর্ট পরিবর্তন হয়েছে এবং বর্তমানে ২য় যুগ্ম জেলা জজ আদালতে রয়েছে।মোকদ্দমাটি স্বাক্ষী পর্যায়ে রয়েছে ।

খ) টাইটেল স্যুট নং দে:মো: নং ঃ ১০৬/৯৯ ঃ মোকদ্দমাটি গাজীপুর ২য় যুগ্ম জেলা জজ আদালতে কার্যক্রম স্থগিত রয়েছে। ১০৮৮ দাগের .৩২ একর জমি নিয়ে হাই কোর্টে বিবাদী পক্ষ কর্তৃক আপিল দায়ের করায়, বর্ণিত হাই কোর্টের মোকদ্দমা শেষ না হওয়া পর্যন্ত ১০৬/৯৯ মোকদ্দমাটি স্থগিত করা হয়েছে ।

৭। IFSAP(Integated Farming for Sustainable Agricultural Product) **প্রকল্প ঃ**

মৌচাকের জমির যথাযথ ব্যবহার ও আয় বৃদ্ধির লক্ষ্যে প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের পরামর্শ ও নির্দেশনায় কৃষিভিত্তিক ওঋঝঅচ **(Integated Farming for Sustainable Agricultural Product)** প্রকল্প গত মে,২০০৫ সাল থেকে চালু হলে বর্তমানে কার্যক্রম অব্যহত আছে। তদানুযায়ী বাংলাদেশ স্কাউটসের পরিচালনায় উক্ত প্রকল্পের আওতায় জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের চাষযোগ্য জমিতে কৃষি চাষাবাদ, পুকুরসমূহে মৎস্য চাষ ও স্কাউট ডেইরী ফার্ম-এর কাজ চলছে। প্রকল্পটি বাংলাদেশ স্কাউটসের নিকট থেকে লোন নিয়ে আয় থেকে দায় শোধের লক্ষ্যে শুরু হয়েছিল এবং ইতোপূর্বে সমূদয় লোন পরিশোধ হয়েছে । বর্তমানে প্রকল্পটি নিজস্ব অর্থায়নে চলছে ।

**৮। স্কাউট নার্সারী ঃ**

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র,মৌচাকের উত্তর পশ্চিমে ব্যাংক ভবনের পশ্চিমে এসএ১০৪৯ ,১০৫৮ ও ১০৫৪ (আংশিক) দাগে বাংলাদেশ স্কাউটসের তত্তাবধানে একটি স্কাউট নার্সারী প্রকল্প চালু আছে। যা স্কাউট নার্সারী হিসেবে পরিচিত। বর্তমানে নার্সারীতে বিভিন্ন প্রজাতির কাঠ, ঔষধী উদ্ভিদ, ফল ও ফুলের চারা নিয়মিত উৎপাদন ও বিক্রয় করা হচ্ছে। স্কাউট নার্সারী প্রকল্পে নিয়মিত সকাল সন্ধ্যা কাজ করার জন্য মাস্টাররোলে একজন শ্রমিক নিয়োজিত আছে। মাস্টাররোলে নিয়োজিত শ্রমিককে নার্সারী তহবিল থেকে পারিশ্রমিক প্রদান করা হয়ে থাকে।

**৯। ঔষধি বাগান ঃ**

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের পশ্চিমে স্টাফ কোয়াটারের দক্ষিণে বাংলাদেশ স্কাউটসের সমাজ উন্নয়ন বিভাগের আর্থিক সহায়তায় ও তত্তাবধানে একটি ঔষধী বাগান গড়ে তোলা হয়। ঔষধী বাগানটি সংরক্ষণ ও নিয়মিত পরিচর্যা করা হচ্ছে । ক্রমান্বয়ে এই বাগানের গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে।

**১১। বৃক্ষরোপণ ঃ**

মৌচাক স্কাউট নার্সারী থেকে বিভিন্ন জাতের চারা নিয়ে বর্ষা মৌসুমে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করা হবে। ইতোমধ্যে রোর্ডস এন্ড হাইওয়ে থেকে ঢাকা-টাংগাইল মহাসড়কে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুমোদন দিয়েছে এবং কাজ শুরু করা হয়েছে।

**১১। ডাকঘর ঃ**

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের নিজস্ব জায়গায় একটি ডাকঘরের শাখা রয়েছে। ডাকঘরটিতে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের অফিস সহকারী নিয়মিত সেবাদান করে যাচ্ছেন। তার সহযোগী হিসেবে ডাক

বিভাগের নিয়োজিত একজন পিয়ন কর্মরত আছেন। ডাকঘর এর রুমটি মেরামত  করা হয়েছে। ডাকঘরটি জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের জাতীয় পর্যায়ের সকল প্রোগ্রাম ও পত্র  যোগাযোগের ক্ষেত্রে  সহায়ক প্রতিষ্ঠান হিসেবে কাজ করে থাকে।

**১২। ব্যাংক ঃ**

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের নিজস্ব জায়গায় জনতা ব্যাংকের একটি শাখা ছিল। বর্তমানে ভবনটি পরিত্যাক্ত অবস্থায় পড়ে আছে। ভবনটি সংস্কার করা হলে তা ভাড়া দেয়া যেতে পারে বা ভবনটি সংস্কার করে স্টাফদের জন্য কোয়াটারে রূপান্তর করা যেতে পারে।

**১৩। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রঃ**

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকের নিজস্ব  জায়গায় একটি সরকারী পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। জাতীয় কাব ক্যাম্পুরী, জাতীয়  স্কাউট জাম্বুরী ও জাতীয় রোভার মুটসহ সকল কার্যক্রমে  কেন্দ্রটি সেবাদান করে যাচ্ছে। স্বাস্থ্য কেন্দ্রটি নিয়মিতভাবে সকাল  ৮-০০টা থেকে ২-৩০মিনিট পর্যন্ত খোলা থাকে। স্বাস্থ্য কেন্দ্রটিতে  ২জন ডাক্তার ও ৫জন  কর্মচারীসহ মোট ০৭ জন কর্মরত আছেন। উক্ত কেন্দ্রের  মাধ্যমে এলাকাবাসী স্বাস্থ্য সেবা পেয়ে আসছেন। উক্ত কেন্দ্রের ভবনটি ছাড়া সকল জায়গা পরিত্যাক্ত অবস্থায় আছে। পরিত্যাক্ত জায়গায় গাছ লাগানোর উদ্যোগ নিতে এবং ঘেরা দিতে স্বাস্থ্য বিভাগকে আনুরোধ করা যেতে পারে।

১৪। **জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত প্রশিক্ষণ, প্রোগ্রাম, সমাজ উন্নয়ন মূলক কার্যক্রমের তথ্য (১৩ জুন,২০১৩ খ্রিঃ পর্যন্ত বাস্তবায়িত) ঃ**

| ক্রমিক | বিবরণ | সংখ্যা | অংশগ্রহণকারী |
|---|---|---|---|
| | **প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ঃ** | | |
| ১ | সহকারী লিডার ট্রেনার কোর্স | ০২ | ৯৬ |
| ২ | TOT Course on Desaster Response | ০২ | ৬৭ |
| ৩ | Orientation Course on Impact Assessment on Cold wave Response | ০১ | ৬৯ |
| ৪ | কমিশনার কোর্স | ০১ | ২২ |
| ৫ | কাব স্কাউট ইউনিট  লিডার বেসিক কোর্স | ০২ | ৬৯ |
| ৬ | স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স | ০৩ | ১০৫ |
| ৭ | কাব স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্স কোর্স | ০৪ | ১৭০ |
| ৮ | কাব স্কাউট ইউনিট লিডার  স্কীল কোর্স | ০২ | ৭৭ |
| ৯ | স্কাউট লিডার  স্কীল কোর্স | ০১ | ২৮ |

| | | | |
|---|---|---|---|
| | **প্রোগ্রাম ঃ** | | |
| ১ | নবম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী ২০১৪ | ০১ | ৮,৫০০ |
| ২ | ৫ম জাতীয় স্কাউট অ্যাগোনরি ২০১৩ | ০১ | ১,২০০ |
| ৩ | ৩য় আঞ্চলিক কাব ক্যাম্পুরী (ঢাকা অঞ্চল) | ০১ | ৪,৮২৫ |
| | **অন্যান্য কার্যক্রমঃ** | | |
| ১ | প্রোগ্রাম বিষয়ক জাতীয় মূল্যায়ন ওয়ার্কশপ (গ্রোথ) | ০১ | ৩৫ |
| ২ | আন্তর্জাতিক এ্যামেচার রেডিও স্কাউট ক্যাম্প | ০২ | ২৭ |
| ৩ | কাব প্রোগ্রামের জন্য চিত্র ধারণ কার্যক্রম | ০১ | ২৫ |
| ৪ | জাম্বুরী সাংগঠনিক কমিটির সভা | ০১ | ৬৫ |

| | | | |
|---|---|---|---|
| ৫ | গঠন ও নিয়ম তফসিল-১ সংশোধনী বিষয়ক ওয়ার্কশপ | ০১ | ৪৬ |
| ৬ | পিএস মূল্যায়ন ক্যাম্প (সাক্ষাতকার) | ০১ | ৬২ |
| ৭ | পিআরএস মূল্যায়ন ক্যাম্প (সাক্ষাতকার) | ০১ | ২৮ |
| ৮ | অ্যাওয়ার্ড কো অডিনেটর ডিউক অব এ্যাডিনবার্গস অ্যাওয়ার্ড, বাংলাদেশ ইন্টারন্যাশনাল, ঢাকা | ০১ | ৮০ |
| ৯ | ফ্রান্স বাংলাদেশ যৌথ রোভার প্রকল্প | ০১ | ১৬ |
| | **পিকনিক ঃ** | | |
| ১ | পিকনিক ও অন্যান্য অনুষ্ঠান | ৪৫ | ১২,৮৬৫ |

**১৫। মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয় ঃ**

লেখাপড়ার পাশাপাশি স্কাউটিংয়ের মাধ্যমে অত্র এলাকার ছেলে মেয়েদের শারীরিক, মানসিক, আধ্যাত্মিক উন্নতিসহ দেশপ্রেমিক সুনাগরিক গড়ে তোলার মহান উদ্দেশ্যে বাংলাদেশ স্কাউটস কর্তৃক ১৯৬৯ খ্রিষ্টাব্দে ০১ জানুয়ারি মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠা লাভ করে। প্রতিষ্ঠা লাভের পর থেকেই বিদ্যালয়টি বাংলাদেশ স্কাউটসের পৃষ্টপোষকতায় পরিচালিত হয়ে আসছে। বিদ্যালয়টি বাংলাদেশ স্কাউটসের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের ৩.৮২ একর জমির উপর প্রতিষ্ঠিত। বিদ্যালয়টি ৪৯ ধারায় বিশেষ কমিটি দ্বারা পরিচালিত। কমিটির মোট সদস্য ০৭ জন। তন্মধ্যে ০১ জন সভাপতি ও ০৩জন সদস্য বাংলাদেশ স্কাউটসের প্রধান জতীয় কমিশনার কর্তৃক মনোনীত। ০২ জন শিক্ষক প্রতিনিধি এবং প্রধান শিক্ষক/ সম্পাদক। বর্তমানে ম্যানেজিং কমিটির মেয়াদ আগামী ০৭-১০-২০১৫ তারিখে উর্ত্তীণ হবে।

বর্তমানে মাধ্যমিক শাখায় মোট ২২ জন শিক্ষক/ শিক্ষিকা কর্মরত আছেন। তাদের মধ্যে ১৪ জন পুরুষ ও ০৮ জন মহিলা। শিক্ষকদের ১১ জন এমপিওভূক্ত এবং ১১ জন বিদ্যালয় অর্থায়নে কর্মরত। তৃতীয় শ্রেণীর ০২ জন ও চতুর্থ শ্রেণীর কর্মতর (০১ জন আয়াসহ) মোট ০৬ জন । তাঁদের মধ্যে ০৩ জন এমপিওভূক্ত ও ০৪ জন বিদ্যালয় অর্থায়নে কর্মরত আছেন। ২০১৪ শিক্ষা বর্ষে মাধ্যমিক শাখায় মোট ৬১৬ জন ছাত্রছাত্রী অধ্যয়নরত । তাদের মধ্যে ৩৭৭ জন ছাত্র ও ২৩৯ জন ছাত্রী।

২০১৪ শিক্ষা বর্ষে বিদ্যালয়ের প্রাথমিক শাখায় প্রাক-প্রাথমিক শ্রেণী চালু করা হয়েছে। মোট ১০ জন শিক্ষক কর্মরত আছেন। তাদের মধ্যে ০৫জন পুরুষ ও ০৫ জন মহিলা। বর্তমানের মোট ১৯৪ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ণরত। তাদের মধ্যে ছাত্র ১০০ ছাত্র এবং ৯৪জন ছাত্রী। প্রাথমিক শাখায় মোট ০২ জন মহিলা ৪র্থ শ্রেনীর কর্মচারী কর্মরত আছেন।

২০১৪ শিক্ষাবর্ষে নবাগত স্কাউট সংখ্যা ২১৭ জন। মোট ১৩জন স্কাউটার দলগুলো পরিচালনা করছেন। ০৭জন শিক্ষক/ শিক্ষিকা প্রশিক্ষণ গ্রহণ ( বেসিক কোর্স) করেননি। মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয় বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত এগোনরিতে অংশগ্রহণ করে কৃতিত্বপূর্ণ ভূমিকা রাখে। ৯ম বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী-২০১৪ এ অংশগ্রহণ করে রানিং শীল্ড অর্জন করে। উক্ত বাংলাদেশ ও প্রথম সানসো স্কাউট জাম্বুরী-২০১৪ উদ্বোধনী অনুষ্ঠানে আকর্ষনীয় নৃত্য পরিবেশন মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয়ের নৃত্য শিল্পী দল। বর্তমানে বিদ্যালয়টি শিক্ষা, স্কাউটিং, খেলাধুলা ইত্যাদি বিষয়ে কৃতিত্বের সাথে অংশগ্রহণ করে উপজেলা, জেলা পর্যায়ে সুনাম অর্জন করছে। তাছাড়া মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয়ের স্কাউট দল বিটিভিতে নৃত্য পরিবেশন করেছে।

বিদ্যালয়ের আঙ্গিনার চার পাশে আম, কাঁঠাল ও বাগান কাঠ মিলে প্রায় ২০০ গাছ আছে। প্রতি বছরই বৃক্ষরোপণ করা হয়। এ বছর ২৫টি নারিকেল ও ১০০টি সুপারি চারা লাগানোর পরিকল্পনা আছে। আরো একটি ফুল বাগান করার কাজ চলছে।

প্রতিমাসে ছাত্র-ছাত্রীরা একটি করে দেয়ালিকা প্রকাশ করে থাকে । বিদ্যালয়ে সাংস্কৃতিক চর্চা ও গান শেখানো হয়। বিতর্ক সভা আয়োজন করা হয়। বাংলাদেশ স্কাউটস কর্তৃক বিদ্যালয়ের উন্নয়নে বর্তমানে বছরে

১,০০,০০০.০০ (এক লক্ষ ) টাকা অনুদান মঞ্জুর করেছে। উক্ত টাকা বিদ্যালয়ে একটি স্কাউট ডেন নির্মাণ কজে ব্যয় করা হয়। বিদ্যালয়ের নিজস্ব কাঠ দিয়ে ৪৩ জোড়া নতুন বেঞ্চ তৈরী করা হয়েছে। বিদ্যালয়ের সীমানা প্রাচীরের চুনকামের কাজ ও দেয়ালে বাণী ও লেখা হয়েছে এবং ছবি অংকন করা হয়েছে।

**পরীক্ষার ফলাফলঃ**

২০১৪ সালের এস এস সি পরীক্ষার ফলাফল ১০০% । মোট পরীক্ষার্থী- ১১৮ জন উত্তীর্ণ ১১৮জন। ০৬ জন গোল্ডেন অ+ , ২১ জন অ+, ৭৪ জন অ , ১৬ জন অ- ও ০১ জন ই ।

২০১৩ সালের এস এস সি পরীক্ষার ফলাফল ৯৫.৪৫ % । মোট পরীক্ষার্থী ছিল ১১০ জন উত্তীর্ণ ১০৫ জন। ১৫ জন অ+, ৭৫ জন অ , ১৫ জন। ০৫ জন অকৃতকার্য।

২০১৩ সালের জে এস সি পরীক্ষার ফলাফল ১০০% । মোট পরীক্ষার্থী ছিল ১৩১জন। ২২ জন অ+, ৭৪ জন অ , ২৯ জন অ- ও ০৬ জন ই।

ঃ ৬ ঃ

২০১৩ সালের পি এস সি পরীক্ষার ফলাফল ১০০% । মোট পরীক্ষার্থী ছিল ৩৬ জন। ১৩ জন অ+, ২০ জন অ ও ০৩ জন অ- ।

**উন্নয়নঃ** মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয়ের দ্বিতল একাডেমিক বিজ্ঞান ভবনটি ৪র্থ তলায় উন্নীত করা হয়েছে এবং স্কাউট ডেন ও খেলাধুলা কক্ষ-এর কার্যক্রম অব্যাহত আছে।

**খেলাধুলাঃ** উপজেলা পর্যায়ে ফুটবল, ক্রিকেট ও কাবাডি খেলায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যথেষ্ট সুনাম অর্জন করেছে। লেখাপড়া, খেলাধুলা, সাংস্কৃতিক চর্চা ও স্কাউটিংয়ের উন্নয়নের জন্য আপ্রাণ প্রচেষ্টা চালানো হচ্ছে। অচিরেই সকলের আন্তরিক সহযোগিতায় সার্বিক সাফল্য অর্জন করতে আমরা সক্ষম হবো বলে আশাবাদী।

**৩২.০ শোক প্রস্তাব ঃ**

১. বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চলের সহ-সভাপতি জনাব এ এন এম খসরুর মাতা আমেনা খাতুন গত ১০ জুন ২০১৩ সোমবার ৮৬ বছর বয়সে বার্ধক্যজনিত কারণে, ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২. বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলার সহকারি কমিশনার (উন্নয়ন) ও অধ্যক্ষ, কুড়িগ্রাম কলেক্টরেট স্কুল এন্ড কলেজ বাদল চন্দ্র মোহন্ত গত ১৫ জুন ২০১৩ শনিবার দুপুর ১.২৫ মিনিটে ৪৫ বছর বয়সে দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত হয়ে পরলোক গমন করেন (মহান সৃষ্টিকর্তার নিকট তার আত্মার শান্তি কামনা করি)।

৩. বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলার সম্পাদক খন্দকার খায়রুল আনমের শ্বাশুরী রেজিয়া বেগম গত ১৫ জুন ২০১৩ শনিবার সকাল ১০.৩০ মিনিটে ৭৮ বছর বয়সে শ্বাসকষ্টজনিত রোগে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

৪. বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী ও ছাত্র জীবনে অন্যতম স্কাউট বিপুল ভট্টাচার্য গত ০৫ জুলাই ২০১৩ শুক্রবার সকাল ৯.২৫ মিনিটে ৬১ বছর বয়সে ক্যান্সারে আক্রান্ত হয়ে, আহমেদ মেডিকেল সেন্টার, ঢাকায় পরলোকগমন করেন (মহান সৃষ্টিকর্তার নিকট তার আত্মার শান্তি কামনা করি)।

৫. বাংলাদেশ স্কাউটস, এর স্কাউট শপ ব্যবস্থাপনা কমিটির সদস্য ও বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার এর যুগ্ম সম্পাদক জনাব মোঃ আকমল হোসেন এর পিতা মোঃ আমজাদ হোসেন ১৪ জুলাই

২০১৩ বেলা ১.৫০ মিনিটে ৮২ বছর বয়সে বার্ধক্যজনিত কারণে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

৬. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (উন্নয়ন), জনাব উজ্জ্বল বিকাশ দত্ত এর পিতা ডাঃ জগদীশ চন্দ্র দত্ত গত ০৭ জুলাই ২০১৩ রবিবার সকাল ৮.৪৫ মিনিটে ৮৯ বছর বয়সে বার্ধক্যজনিত কারণে মন্ট্রিল, কানাডায় পরলোকগমন করেন (মহান সৃষ্টিকর্তার নিকট তার আত্মার শান্তি কামনা করি)।

৭. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ-কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) জনাব মোঃ মোসফিকুর রহমান এর বড় ভাই মোঃ ওবায়দুর রহমান গত ১৭ জুলাই ২০১৩ বুধবার সকাল ১১.৪৫ মিনিটে ৬৯ বছর বয়সে ল্যাব এইড হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

৮. বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার এর প্রাক্তন সম্পাদক মোঃ সাহেদ আলী বাচ্চু গত ২১ জুলাই ২০১৩ রবিবার সকাল ৯.০০ টায় ৫৪ বছর বয়সে ব্রেইন হেমারেজে আক্রান্ত হয়ে লন্ডনে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। এ সংবাদে আমি গভীরভাবে ব্যথিত ও মর্মাহত হয়েছি।

৯. বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটির সাবেক সদস্য ও ধান গবেষণা ইন্সস্টিটিউট এর সহকারী পরিচালক (প্রশাসন) আরেফিন শামসুল হক গত ১২ আগস্ট ২০১৩ সোমবার সকাল ৯.০০ টায় ৪৮ বছর বয়সে গাজীপুরে ধান গবেষণা ইন্সস্টিটিউট এর স্টাফ কোয়াটারে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১০. বাংলাদেশ স্কাউটস এন্ড গাইড ফেলোশীপ এর সেক্রেটারী জেনারেল জনাব মোহাম্মদ আবদুল খালেক এর বড় ভাই ও প্রাক্তন স্কাউট ডঃ মোহাম্মদ আবদুল আহাদ গত ১৯ আগস্ট ২০১৩ সোমবার সকাল ১১.০০ টায় ৮২ বছর বয়সে উত্তরা ঢাকায় নিজ বাসভবণে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১১. বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটির সদস্য ও সহকারী পরিচালক (পরিকল্পনা), নায়েম, ঢাকা জনাব মোঃ আরিজুল ইসলাম খান এর মাতা বেগম আলতা বানু গত ০৯ সেপ্টেম্বর ২০১৩ সোমবার রাত ১০.৩০ মিনিটে ৮৪ বছর বয়সে রাজাপুর, কালীগঞ্জ, সাতক্ষীরায় নিজ বাড়িতে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১২. বাংলাদেশ স্কাউটস, জামালপুর জেলার সম্পাদক, জনাব মোঃ আসাদুজ্জামান (চাঁন বিএসসি) এর মাতা আমেনা বেগম ১৯ সেপ্টেম্বর ২০১৩ বৃহস্পতিবার সকাল ১১.৪৫ মিনিটে ৭৫ বছর বয়সে জামালপুর জেলা সদরে নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১৩. বাংলাদেশ স্কাউটস এর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব মোঃ মজিবর রহমান মান্নান এর বড় ভাই মোঃ আবদুর রশিদ গত ১০ অক্টোবর ২০১৩ বৃহস্পতিবার সকাল ৬.০০ টায় ৭৪ বছর বয়সে রেলগেট, যশোরে নিজ বাসভবনে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১৪. বাংলাদেশ স্কাউটস এর স্কাউট শপ এর এমএলএসএস জনাব সাধন চন্দ্র দাস এর পিতা নিবারন চন্দ্র দাস গত ১১ অক্টোবর ২০১৩ শুক্রবার দুপুর ১২.৩০ মিনিটে ৭২ বছর বয়সে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্যারালাইসিসে আক্রান্ত হয়ে পরলোকগমন করেন (মহান সৃষ্টিকর্তার নিকট তার আত্মার শান্তি কামনা করি)।

১৫. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নির্বাহী কমিটির প্রাক্তন সদস্য **এডভোকেট তারাপদ দে** গত ১০ অক্টোবর ২০১৩ বৃহস্পতিবার বিকেল ৫.০০ টায় ৮২ বছর বয়সে টাঙ্গাইলে নিজ বাসভবনে বার্ধক্যজনিতকারণে পরলোকগমন করেন (মহান সৃষ্টিকর্তার নিকট তার আত্মার শান্তি কামনা করি)।

১৬. বাংলাদেশ স্কাউটস, ব্রাহ্মণবাড়ীয়া জেলার কোষাধ্যক্ষ আমজাদ হোসেন এএলটি ২২ অক্টোবর ২০১৩ মঙ্গলবার রাত ১.৩০ মিনিটে ৭২ বছর বয়সে মিলেনিয়াম হার্ট এন্ড জেনারেল হাসপাতাল, লালমাটিয়া ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১৭. বাংলাদেশ স্কাউটস এর প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্পের এমএলএসএস জনাব মোঃ হেমায়েত হোসেন এর শ্বশুর হেনরী রবিন টমাস গত ২০ অক্টোবর ২০১৩ রবিবার দুপুর ১২.৩০ মিনিটে ৬০ বছর বয়সে কিডনি সমস্যাজনিতকারণে পরলোকগমন করেন (মহান সৃষ্টিকর্তার নিকট তার আত্মার শান্তি কামনা করি)।

১৮. বাংলাদেশ স্কাউটস, খুলনা জেলার প্রাক্তন কমিশনার, খন্দকার জিল্লুর রহমান, এলটি গত ০৩ নভেম্বর ২০১৩ রবিবার বিকেল ৪-৩০ মিনিটে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে খালিশপুর, খুলনায় নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

১৯. বাংলাদেশ স্কাউটস, রংপুর জেলার সহ-সভাপতি, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্জ মজিবর রহমান, এএলটি এর স্ত্রী খাদিজা বেগম গত ২৯ অক্টোবর ২০১৩ মঙ্গলবার সন্ধ্যা ৭-৩০ মিনিটে ৭০ বছর বয়সে বার্ধক্যজনিত কারণে কুতুবপুর, খিয়ারপাড়া, বদরগঞ্জ, রংপুর নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২০. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ-কমিশনার (স্পেশাল ইভেন্টস) জনাব মোফাজ্জেল হোসেন এর বড় ভাই মোঃ মোশাররফ হোসেন গত ০৫ ডিসেম্বর ২০১৩ বৃহস্পতিবার দুপুর ২.৩০ মিনিটে ৫৬ বছর বয়সে হৃদরোগে আক্রান্ত হয়ে ফুলঝুড়ি, মঠবাড়িয়া, পিরোজপুরে নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২১. বাংলাদেশ স্কাউটস এর প্রাক্তন কোষাধ্যক্ষ ও বর্তমান নির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর এর পুত্র মোঃ ইউসুফ ঠাকুর (রাসেল) গত ১০ মার্চ ২০১৪ সোমবার বিকেল ২.৩০ মিনিটে ৪১ বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২২. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ-কমিশনার (স্বাস্থ্য) জনাব মোঃ মনিরুল ইসলাম খান এর মাতা রাজিয়া খাতুন গত ১৩ মার্চ ২০১৪ বৃহস্পতিবার দুপুর ১২.১৫ মিনিটে ৯৪ বছর বয়সে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকায় বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২৩. বাংলাদেশ স্কাউটস এর পরিচালক (প্রশিক্ষণ) জনাব এ এইচ এম মুহসিনুল ইসলাম এর বড় ভাই মোঃ মোমিনুল ইসলাম গত ২০ মার্চ ২০১৪ বৃহস্পতিবার রাত ৯.৩০ মিনিটে ৪৯ বছর বয়সে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২৪. বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি জনাব হেদায়েতুল্লাহ আল মামুন এর পিতা মুহাম্মদ জালাল উদ্দিন মোল্লা গত ২৪ এপ্রিল ২০১৪ বৃহস্পতিবার সকাল ১১.০০ টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ৮৯ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২৫.বাংলাদেশ স্কাউটস এর কুমিল্লা অঞ্চলের পরিচালক জনাব মোঃ মমতাজ আলী এর শ্বাশুড়ী মোর্শেদা বেগম গত ২৮ এপ্রিল ২০১৪ বৃহস্পতিবার বিকেল ৩.০০ টায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ৬৫ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২৬.বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার জনাব মোঃ আবুল কালাম আজাদ এর শ্বশুর এম এ আজিজ ১২ মে ২০১৪ সোমবার বেলা ১২.৩০ মিনিটে গৌরীপুর, ময়মনসিংহে ৮৩ বছর বয়সে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২৭.বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সদস্য জনাব আলী আহাদ দীপু এলটি এর মাতা তাহেরা বেগম ১৮ মে ২০১৪ রবিবার বিকেল ৫.৩০ মিনিটে বার্ধক্যজনিতকারণে ল্যাব এইড হাসপাতাল, ঢাকায় ৮০ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

২৮.বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার জনাব মোঃ আবুল কালাম আজাদ এর ভগ্নিপতি প্রফেসর এ কে এম জালাল উদ্দিন ২৮ মে ২০১৪ বুধবারসকাল ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ৬২ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

## ৩৩.০ বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল

### ১.০ সাংগঠনিক কার্যক্রম ঃ

**১.১ কমিটি পুন:গঠন :** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতায় ঢাকা মেট্রোপলিটনসহ ১৮টি জেলা স্কাউটস ও ১২২ টি উপজেলা স্কাউটস রয়েছে। ঢাকা অঞ্চল ও ঢাকা অঞ্চলের আওতাধীন সকল জেলা ও উপজেলা স্কাউটসের নিজস্ব উপ-বিধি রয়েছে। বর্ণিত সময়ে ০৪টি জেলা স্কাউটস ও ৩৭টি উপজেলা স্কাউটস পুনর্গঠিত হয়েছে।

**১.২ পরিসংখ্যান ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ২০১৩ সালের পরিসংখ্যান নিম্নে উলেণ্টখ করা হলো ঃ

| সন | কাব স্কাউট দল | কাব স্কাউট সংখ্যা | স্কাউট দল | স্কাউট সংখ্যা | অ্যাডাল্ট লিডার | মোট সদস্য সংখ্যা | মোট প্রবৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১২ | ৭,২৫৬ | ১,৪৪,৯১০ | ৩,৫৩৯ | ১০০৫৫৯ | ৬৪,৪২৮ | ৩,০৯,৮৯৭ | |
| ২০১৩ | ৭,৩৩৪ | ১,৫০,৩৯৩ | ৩,৬২০ | ১,০৭,৫৪৮ | ৬৫৫৩১ | ৩২৩৪৭২ | ৪.৩৮% |

**১.৩ দল গঠনঃ** ২০১৩ সালের জুলাই থেকে ৩০ জুন, ২০১৪ পর্যন্ত ১২২টি কাব স্কাউট দল, ১০৪টি স্কাউট দল সহ মোট ২২৬টি নতুন দল গঠন হয়েছে।

১.৪। প্রতিষ্ঠান প্রধানদের স্কাউটিং বিষয়ক মতবিনিময় (উদ্বুদ্ধকরণ) সভা ঃ আলোচ্য সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন রাজবাড়ী, নারায়নগঞ্জ এবং মুন্সীগঞ্জ জেলায় প্রতিষ্ঠান প্রধানদের স্কাউটিং বিষয়ক মতবিনিময় (উদ্বুদ্ধকরণ) ৩টি সভা অনুষ্ঠিত হয়।

| ক্রমিক | স্থান | তারিখ | অংশগ্রহণকারী সংখ্যা | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ১ | রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয় | ১৮ ডিসেম্বর, ২০১৩ | ৫৩ জন | রাজবাড়ী জেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ | ৫০ জন | নারায়নগঞ্জ জেলা |
| ৩ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ | ০৩ এপ্রিল, ২০১৪ | ১০০ জন | মুন্সীগঞ্জ জেলা |

**১.৫। প্রধান শিক্ষকগণের স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স (কাব শাখা) ঃ**

আলোচ্য সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন প্রাথমিক বিদ্যালয়সমূহের কাব স্কাউটিং সম্প্রসারণ (৩য় পর্যায়) প্রকল্পের অর্থায়নে উপজেলা পর্যায়ে নালিতাবাড়ী, জাজিরা এবং শ্রীনগর উপজেলায় ৩টি প্রধান শিক্ষকগণের স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স (কাব শাখা) অনুষ্ঠিত হয়।

| ক্রমিক | স্থান | বাস্তবায়নের তারিখ | অংশগ্রহণকারী সংখ্যা | ব্যবস্থাপনা |
|---|---|---|---|---|
| ১. | প্রাথমিক শিক্ষক মিলনায়তন, নালিতাবাড়ী | ৩০ এপ্রিল, ২০১৪ | ৫০ জন | নালিতাবাড়ী উপজেলা, শেরপুর |
| ২. | উপজেলা শিল্পকলা একাডেমী, জাজিরা | ০৪ মে, ২০১৪ | ৫১ জন | জাজিরা উপজেলা, শরীয়তপুর |
| ৩. | শ্রীনগর পাইলট উচ্চ বিদ্যালয় | ২৭ মে, ২০১৪ | ৩৮ জন | শ্রীনগর উপজেলা, মুন্সীগঞ্জ |

**১.৬ জেলা সাংগঠনিক ওয়ার্কশপ ঃ**

আলোচ্য সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন কিশোরগঞ্জ, শরীয়তপুর ও টাংগাইল জেলায় ৪টি জেলা সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

| ক্রমিক | স্থান | বাস্তবায়নের তারিখ | অংশগ্রহণকারী সংখ্যা | ব্যবস্থাপনা |
|---|---|---|---|---|
| ১ | স্কাউট ভবন, কিশোরগঞ্জ | ২৯ জুলাই, ২০১৩ | ৪২ জন | কিশোরগঞ্জ জেলা |
| ২ | উপজেলা রিসোর্স সেন্টার | ২৮ ডিসেম্বর, ২০১৩ | ৩৬ জন | শরীয়তপুর জেলা |
| ৩ | স্কাউট ভবন, কিশোরগঞ্জ | ৩০ জানুয়ারি, ২০১৪ | ৪৫ জন | কিশোরগঞ্জ জেলা |
| ৪ | স্কাউট ভবন, টাংগাইল | ২৭ মার্চ, ২০১৪ | ৪৪ জন | টাংগাইল জেলা |

**১.৭ আঞ্চলিক সাংগঠনিক ওয়ার্কশপ ঃ**

আলোচ্য সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ব্যবস্থাপনায় ঢাকা বিভাগের জেলা প্রশাসক, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা স্কাউট কর্মকর্তা ও আঞ্চলিক কর্মকর্তাগণের সমন্বয়ে "আঞ্চলিক সাংগঠনিক ওয়ার্কশপ" ২৩ ফেব্রুয়ারি, ২০১৪ বিভাগীয় কমিশনার, ঢাকা এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার জনাব মোঃ আবুল কালাম আজাদ, জাতীয় কমিশনার (সংগঠন) জনাব মোঃ শাহ্ কামাল, জাতীয় উপ-কমিশনার (সংগঠন) জনাব মুনশী শাহাবুদ্দীন আহমেদ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন ঢাকা অঞ্চলের সভাপতি প্রফেসর তাসলিমা বেগম। ওয়ার্কশপে ৪৬জন কর্মকর্তাঅংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন।

**১.৮ আঞ্চলিক নির্বাহী কমিটির সভাঃ** বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ০২ টি আঞ্চলিক নির্বাহী কমিটির সভা (২৩ নভেম্বর, ২০১৩ ও ২৬ জুন, ২০১৪) অনুষ্ঠিত হয়।

**১.৯ বিভিন্ন উপ-কমিটির সভাঃ** বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের বিভিন্ন উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়। সংগঠন উপ-কমিটির ০২ টি সভা (২৬ ডিসেম্বর, ২০১৩ ও ১২ মে, ২০১৪); সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য উপ-কমিটির ০১টি সভা (১৯ জানুয়ারি, ২০১৪) ; বিধি ও গ্রোথ কমিটির ০২ টি সভা (০৩ ফেব্রুয়ারি,

২০১৪, ২৯ এপ্রিল, ২০১৪); প্রোগ্রাম উপ-কমিটির ০২ টি সভা (০৯ জানুয়ারি, ২০১৪, ১২ জুন, ২০১৪), উন্নয়ন উপ-কমিটির ০১টি সভা (১৪ মে,২০১৪), প্রশিক্ষণ কমিটির ০৩ টি (০৫ ফেব্রুয়ারি, ২০১৪, ২৫ মে, ২০১৪ ও ১২ জুন, ২০১৪ ) সভা, অডিট ও আর্থিক ব্যবস্থাপনা উপ-কমিটির সভা ০১টি (১৬ জুন, ২০১৪); অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির সভা ০১ টি (২৪ মে, ২০১৪) ও আঞ্চলিক উপ-কমিশনারগনের সমন্বয় সভা ০২ টি (১৫ নভেম্বর, ২০১৩ ও ১১ জুন, ২০১৪) অনুষ্ঠিত হয়।

**২.০ প্রোগ্রাম ঃ**

**২.১ জেলা কাব ক্যাম্পুরী ঃ** বাংলাদেশ স্কাউটসের চতুর্বার্ষিকী পরিকল্পনা অনুযায়ী বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের কিশোরগঞ্জ, ঢাকা ও মুন্সীগঞ্জ জেলায় জেলা কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হয়। কিশোরগঞ্জ জেলায় ৫৩টি, ঢাকা জেলায় ৩৭টি এবং মুন্সীগঞ্জ জেলা কাব ক্যাম্পুরীতে ২৫ টি কাব দল অংশগ্রহণ করে।

**২.২ ব্যাজ কোর্স (স্কাউট)- জেলা পর্যায়েঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন ঢাকা মেট্রোপলিটনের ব্যবস্থাপনায় ৬টি কেন্দ্রে ১৬ টি ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। ১৬ টি ব্যাজ কোর্সে মোট ৬৪৬ জন স্কাউট অংশগ্রহণ করে।

**২.৩ ব্যাজ কোর্স (স্কাউট)- উপজেলা পর্যায়েঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন জাজিরা, টুংগীপাড়া, পূর্বধলা এবং শ্রীপুর উপজেলার ব্যবস্থাপনায় ০৪টি টি ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। ০৪ টি ব্যাজ কোর্সে মোট ১৫৮ জন স্কাউট অংশগ্রহণ করে।

**২.৪ ব্যাজ কোর্স (কাব)- জেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ঢাকা মেট্রোপলিটন জেলার ব্যবস্থাপনায়৩টি, মাদারীপুর ও ময়মনসিংহ জেলার ব্যবস্থাপনায় ৫টি কাব ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। ০৩টি ব্যাজ কোর্সে মোট ১৮৮ জন কাব স্কাউট অংশগ্রহণ করে।

**২.৫ ব্যাজ কোর্স (কাব)- উপজেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন জাজিরা উপজেলার ব্যবস্থাপনায় ৩টি কাব ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। ০১টি ব্যাজ কোর্সে মোট ৫০ জন কাব স্কাউট অংশগ্রহণ করে।

**২.৬ উপদল নেতা প্রশিক্ষণ কোর্স- জেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ময়মনসিংহ, জামালপুর, ফরিদপুর, মাদারীপুর ও কিশোরগঞ্জ জেলার ব্যবস্থাপনায় ৫ টি উপদল নেতা প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। ৫টি উপদল নেতা কোর্সে ২০৩ জন উপদল নেতা অংশগ্রহণ করে।

**২.৭ উপদল নেতা প্রশিক্ষণ কোর্স- উপজেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের বাসাইল, ভাংগা, টুংগীপাড়া, লৌহজং, মুন্সীগঞ্জ সদও, ময়মনসিংহ সদর, মুক্তাগাছা, ঈশ্বরগঞ্জ, শ্রীপুর ও কালিগঞ্জ উপজেলার ব্যবস্থাপনায় ১১ টি উপদল নেতা প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। ১১টি উপদল নেতা কোর্সে ৫০৬ জন উপদল নেতা অংশগ্রহণ করে।

**২.৮ ষষ্ঠক নেতা কোর্স- উপজেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ফুলবাড়িয়া উপজেলার **ব্যবস্থাপনায় ০৪-০৬ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত** বদর উদ্দিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়িয়ায় ষষ্ঠক নেতা কোর্স অনুষ্ঠিত হয়। ষষ্ঠক নেতা কোর্সে ফুলবাড়িয়া উপজেলার বিভিন্ন কাব দলের ৫০ জন ষষ্ঠক নেতা অংশগ্রহণ করে।

**২.৯ জেলা প্রোগ্রাম ওয়ার্কশপ:** বাংলাদেশ স্কাউটসের প্রাথমিক বিদ্যালয় সমূহের কাব স্কাউটিং সম্প্রসারণ (৩য় পর্যায়) প্রকল্পের অর্থায়নে টাংগাইল ও মাদারীপুর জেলায় ২টি জেলা প্রোগ্রাম ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ২টি জেলা প্রোগ্রাম ওয়ার্কশপে ৭০ জন স্কাউটার ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**২.১০ কাব হলিডে- জেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের শরীয়তপুর ব্যবস্থাপনায় ১টি কাব হলিডে অনুষ্ঠিত হয়। ১টি কাব হলিডেতে মোট ১০০ জন কাব স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**২.১১ কাব হলিডে- উপজেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন ভেদরগঞ্জ, জাজিরা, নালিতাবাড়ী, লৌহজং, মুন্সীগঞ্জ সদর, গজারিয়া ও টুংগীবাড়ী উপজেলার ব্যবস্থাপনায় ৭টি কাব হলিডে অনুষ্ঠিত হয়। ৭টি কাব হলিডেতে মোট ১১৪৫ জন কাব স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**২.১২ পিএস অ্যাওয়ার্ড মূল্যায়ন ক্যাম্প- জেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন শরীয়তপুর, ঢাকা মেট্টোঃ ময়মনসিংহ এবং নারায়নগঞ্জ জেলার ব্যবস্থাপনায় ৪টি প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রার্থীদের মূল্যায়ন ক্যাম্প অনুষ্ঠিত হয়। মূল্যায়ন ক্যাম্পে ২১৫ জন স্কাউট অংশগ্রহণ করে।

**২.১৩ পিএস অ্যাওয়ার্ড মূল্যায়ন ক্যাম্প- অঞ্চল পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, শরীয়তপুর, গাজীপুর, ঢাকা মেট্টোঃ, নরসিংদী, নারায়নগঞ্জ জেলার ব্যবস্থাপনায় ৮টি আঞ্চলিক পর্যায়ের প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রার্থীদের মূল্যায়ন ক্যাম্প অনুষ্ঠিত হয়। মূল্যায়ন ক্যাম্পে ৩৯২ জন স্কাউট অংশগ্রহণ করে।

**২.১৪ শাপলা কাব অ্যাওয়ার্ড ক্যাম্প- জেলা পর্যায়েঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ঢাকা মেট্টোঃ এবং মাদারীপুর জেলার ব্যবস্থাপনায় শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের মূল্যায়ন ক্যাম্প অনুষ্ঠিত হয়। মূল্যায়ন ক্যাম্পে ২৪০ জন কাব স্কাউট অংশগ্রহণ করে।

**২.১৫ আঞ্চলিক প্রোগ্রাম অ্যাডভান্সমেন্ট ওয়ার্কশপ ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের পরিচালনায় এবং ব্যবস্থাপনায় আঞ্চলিক প্রোগ্রাম অ্যাডভান্সমেন্ট ওয়ার্কশপ ২৮ ফেব্রুয়ারি থেকে ০১ মার্চ, ২০১৪ পর্যন্ত জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে ৫৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**২.১৬ মেম্বারশীপ গ্রোথ বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের পরিচালনায় এবং ব্যবস্থাপনায় মেম্বারশীপ গ্রোথ বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ ০১ মার্চ, ২০১৪ পর্যন্ত জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে ৫৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**২.১৭ উপজেলা স্কাউট সমাবেশ ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন দেলদুয়ার, কালিহাতী, নাগরপুর, সখিপুর, বাসাইল, গোপালপুর, ভূঞাপুর ও মির্জাপুর উপজেলার ব্যবস্থাপনায় ০৮টি উপজেলা স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হয়। ৮টি উপজেলা স্কাউট সমাবেশে ২০৫২ জন অংশগ্রহণ করেন।

**২.১৮ আঞ্চলিক কাব ক্যাম্পুরী ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের পরিচালনা এবং ব্যবস্থাপনায় ১৩-১৮ মার্চ, ২০১৪ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর ৩য় আঞ্চলিক কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কাব ক্যাম্পুরীতে সর্বমোট ৩,৯৬৯ জন অংশগ্রহণ করেন।

**২.১৯ প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ঃ** ২০১৩ সালে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ২৩ জন স্কাউট জাতীয় পর্যায়ের লিখিত মূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ হয়।

**২.২০ শাপলা কাব অ্যাওয়ার্ডঃ** ২০১৩ সালে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ১৪৩ জন কাব স্কাউট শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জন করে।

**২.২১ শিক্ষা সফর- জেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন জেলার ব্যবস্থাপনায় কুয়াকাটা, কক্সবাজারে শিক্ষা সফরে অংশগ্রহণ করে। শিক্ষা সফরে ৪৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করে।

**২.২২ স্কাউট সপ্তাহ- জেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা আঞ্চলের আওতাধীন সকল জেলা পর্যায়ে স্কাউট সপ্তাহ উদযাপন করেন।

**২.২৩ স্কাউট সপ্তাহ- উপজেলা পর্যায়ে ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা আঞ্চলের আওতাধীন সকল উপজেলা পর্যায়ে স্কাউট সপ্তাহ উদযাপন করেন।

**৩.০ স্পেশাল ইভেন্টস ঃ**

**৩.১ ৯ম এপিআর এয়ার/ ইন্টারনেট জাম্বুরী ঃ** বাংলাদেশ স্কাউটসের স্পেশাল ইভেন্টস বিভাগের সহায়তায় বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ব্যবস্থাপনা ও পরিচালনায় ৩-4 আগস্ট, ২০১৩ পর্যন্ত জাতীয় স্কাউট ভবনের শামস হলে ৯ম এপিআর এয়ার/ ইন্টারনেট জাম্বুরী অনুষ্ঠিত হয়। ইন্টারনেট জাম্বুরীতে ২০০ জন স্কাউট ও গার্ল ইন স্কাউট অংশগ্রহণ করে।

**৩.২ দোয়া ও ইফতার মাহফিল ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের প্রয়াত স্কাউট ও স্কাউটারদের স্মরণে দোয়া ও ইফতার মাহফিল ২ আগস্ট, ২০১৩ বিকেল ৫ টা ৩০ মিনিটে বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটনের হলরুমে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার জনাব মোঃ আবুল কালাম আজাদ ইফতার মাহফিলে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন। ইফতার মাহফিলে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার, জাতীয় উপ-কমিশনার, আঞ্চলিক কর্মকর্তা ও স্কাউটসহ প্রায় ৩৫০ জন উপস্থিত ছিলেন।

**৪.০। গার্ল ইন স্কাউটিং ঃ**

**৪.১। গার্ল ইন স্কাউট ব্যাজ কোর্স ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের পরিচালনায় গাজীপুর, ঢাকা মেট্রোপলিটন, ফরিদপুর, শরীয়তপুর ও নারায়নগঞ্জ জেলার ০৫টি গার্ল ইন স্কাউট ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। ০৫টি ব্যাজ কোর্সে গার্ল ইন স্কাউট এবং কর্মকর্তা, স্বেচ্ছাসেবকসহ মোট ২১৮ জন অংশগ্রহণ করে।

**৪.২। উপদল নেতা প্রশিক্ষণ কোর্স ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন গাজীপুর ও নারায়নগঞ্জ জেলার ব্যবস্থাপনায় ০২টি উপদল নেতা প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। ২টি কোর্সে মোট ৮৮ জন উপদল নেতা অংশগ্রহণ করে।

**৫.০ সমাজ উন্নয়ন কার্যক্রম ঃ**

৫.১। **স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের কিশোরগঞ্জ, রাজবাড়ী, নারায়নগঞ্জ, ফরিদপুর ও শরীয়তপুর জেলার ব্যবস্থাপনায় ০৫টি স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। ৫টি কোর্সে ২৩৫ জন অংশগ্রহণ করে।

৫.২। **স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা র‌্যালী ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন জামালপুর, মাদারীপুর জেলা এবং কালকিনী উপজেলার ব্যবস্থাপনায় ০৫টি স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা র‌্যালী অনুষ্ঠিত হয়। র‌্যালীতে মোট ৩০০ জন অংশগ্রহণ করেন।

৫.৩। **বৃক্ষরোপন কর্মসূচী ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন কিশোরগঞ্জ , নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, মানিকগঞ্জ, জামালপুর, টাংগাইল, মুন্সীগঞ্জ জেলা এবং সোনারগাঁ, আড়াইহাজার উপজেলা বৃক্ষরোপন কর্মসূচী পালন করা হয়।

৫.৪। **পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন মাদারীপুর, নরসিংদী, গোপালগঞ্জ ও ময়মনসিংহ জেলা ও নারায়নগঞ্জ সদর উপজেলা জেলায় পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান অনুষ্ঠিত হয়।

৫.৫। **রমনা পার্ক পরিচ্ছন্নতা ঃ** বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটনের ব্যবস্থাপনায় ২৫ ডিসেম্বর, ২০১৩ তারিখে রমনা পার্ক পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান অনুষ্ঠিত হয়।

**৫.৬। হেলথ কেয়ার ও পিএল কোর্স ঃ** বাংলাদেশ স্কাউটসের হিউম্যান রিসোর্স ডেভেলেপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ব্যবস্থাপনায় আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহে হেলথ কেয়ার ও পিএল কোর্স অনুষ্ঠিত হয়। হেলথ কেয়ার ও পিএল কোর্সে ৫০ জন স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করে।

৫.৭। **স্যানিটেশন কার্যক্রম ঃ** ময়মনসিংহ সদর উপজেলার ব্যবস্থাপনায় ০৬ নভেম্বর, ২০১৩ তারিখ বিভিন্ন বিদ্যালয়ে স্যানিটেশন কার্যক্রম অনুষ্ঠিত হয়।

৫.৮। **পরিবেশ শিক্ষা কার্যক্রম ঃ** বাংলাদেশ স্কাউটসের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্পের আর্থিক সহায়তায় বাংলাদেশ স্কাউটস, জাজিরা উপজেলার ব্যবস্থাপনায় ০১-০৩ জুলাই, ২০১৩ পর্যন্ত জাজিরা মোহর আলী পাইলট উচ্চ বিদ্যালয়, জাজিরা, শরীয়তপুরে পরিবেশ শিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হয়।

৫.৯। **জেলার নিজস্ব অর্থায়নে সমাজ উন্নয়ন প্রকল্পঃ** বাংলাদেশ স্কাউটস, টাংগাইল জেলার ব্যবস্থাপন জেলা নিজস্ব অর্থায়নে বৃক্ষরেপাণ প্রকল্প বাস্তবায়ন করা হয়।

**৬.০। প্রশিক্ষণ ঃ**

৬.১। বর্ণিত বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল ও ঢাকা অঞ্চলের আওতাধীন বিভিন্ন জেলা ও উপজেলা স্কাউটসের ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স সমূহ অনুষ্ঠিত হয়। স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স (কাব শাখা) ৪৩টি, অংশগ্রহণকারী সংখ্যা-১৯৪৭ জন, স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স (স্কাউট শাখা) ২৫টি, অংশগ্রহণকারীর সংখ্যা-৯৬৬ জন, কাব লিডার বেসিক কোর্স ২৪টি, অংশগ্রহণকারী সংখ্যা-৯০১ জন, স্কাউট লিডার বেসিক কোর্স ১৩ টি, অংশগ্রহণকারী সংখ্যা ৪৩৪ জন, কাব লিডার অ্যাডভান্স কোর্স ০২টি, অংশগ্রহণকারী সংখ্যা ১০০ জন, স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স ০১টি, অংশগ্রহণকারী সংখ্যা-২০ জন, কাব লিডার স্কিল কোর্স ০১টি, অংশগ্রহণকারী সংখ্যা- ৩৩ জন, স্কাউট

লিডার স্কিল কোর্স ০১টি, অংশগ্রহণকারী সংখ্যা-৪৮ জন, স্কাউট লিডার ইন্দাবা-১টি, অংশগ্রহণকারী সংখ্যা-৪০ জন, জেলা মাল্টিপারপাস ওয়ার্কশপ- ১৮টি, অংশগ্রহণকারী সংখ্যা- ৫৪০ জন, আঞ্চলিক ট্রেনার্স কনফারেন্স -০১টি, অংশগ্রহণকারী সংখ্যা-৫৮ জন, আঞ্চলিক মাল্টিপারপাস ওয়ার্কশপ-১টি, অংশগ্রহণকারী-৬১ জন।

**৬.২। উডব্যাজ অর্জন ঃ**

৬.২.১। **স্কাউট শাখা ঃ** বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলে ১৮ জন স্কাউটার স্কাউট শাখায় উডব্যাজ প্রাপ্ত হন।

৬.২.২। **কাব স্কাউট শাখা ঃ** বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলে ১৪ জন স্কাউটার কাব স্কাউট শাখায় উডব্যাজ প্রাপ্ত হন।

**৬.৩। সম্মানী দায়িত্বপত্র ঃ**

৬.৪.১। **সহকারী লিডার ট্রেনার ঃ** বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন ৭ জন স্কাউটার সহকারী লিডার ট্রেনার এর সম্মানী দায়িত্ব প্রাপ্ত হন। সর্বজনাব মোঃ আবু সাঈদ, সুনীল চন্দ্র নাথ, সঞ্জীব চন্দ্র কর্মকার, ড. সাধন কুমার বিশ্বাস, আঞ্জুমান আরা বেগম, শিপ্রা সরকার, শারমীন নাছিমা বানু। ঢাকা অঞ্চলে সহকারী লিডার ট্রেনার সংখ্যা ৮৮ জন।

৬.৪.২। **লিডার ট্রেনার ঃ** বর্ণিত সময়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন ০২ জন স্কাউট লিডার ট্রেনার এর সম্মানী দায়িত্ব প্রাপ্ত হন। জনাব মনীন্দ্র কুমার বিশ্বাস ও জনাব নাজমা চৌধুরী। ঢাকা অঞ্চলে লিডার ট্রেনার সংখ্যা ৩০ জন।

**৭.০। মেম্বারশীপ রেজিস্ট্রেশন ঃ**

বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ব্যবস্থাপনায় মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিষয়ক ৩টি আঞ্চলিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ঢাকা জোনের ওয়ার্কশপ ২৭মে, ২০১৪ তারিখ জাতীয় স্কাউট ভবনের শামস্ হলে অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারী সংখ্যা ৩৫ জন। ময়মনসিংহ জোনের ওয়ার্কশপ ০২ জুন, ২০১৪ তারিখ আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহে অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারী সংখ্যা ৫৮ জন। ফরিদপুর জোনের ওয়ার্কশপ ৬ জুন, ২০১৪ তারিখ ভাংগা উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারী সংখ্যা- ৪১ জন।

**৮.০। উন্নয়ন ঃ**

বাংলাদেশ স্কাউটসে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট থ্রু স্কাউটিং প্রকল্পের অর্থায়নে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহে ৪ তলা ফাউন্ডেশনে ১তলা ভবন নির্মান কাজ সম্পন্ন করা হয়।

## ৩৪.০ বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল

সংগঠনঃ

রাজশাহী বিভাগের ০৮টি জেলা স্কাউটস ও ০১টি মেট্রোপলিটন জেলা স্কাউটস ও ৬৬টি উপজেলা স্কাউটস নিয়ে বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চল গঠিত। জুলাই ২০১৩ থেকে এপ্রিল ২০১৪ পর্যন্ত অত্র অঞ্চলের তথ্যাবলী ও কার্যবিবরণীর সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হলোঃ

১।	২০১৩-২০১৪ বর্ষের জুলাই ২০১৩ থেকে এপ্রিল ২০১৪ সালে নিম্নবর্ণিত ৪টি জেলা স্কাউটস পুনঃগঠিত হয়েছে

| ক্রমিক নং | জেলার নাম | কমিটি পুনঃ গঠনের তারিখ |
|---|---|---|
| ১ | রাজশাহী | ০৭/১১/২০১৩ |
| ২ | নওগাঁ | ১৮/১১/২০১৩ |
| ৩ | সিরাজগঞ্জ | ০৫/০৩/২০১৪ |
